PANCHAGOTRA JNANAMANJARI.

পঞ্চগোত্র জ্ঞানমঞ্জরী।

সাবর্ণ গোত্রীয় বটে বেদগর্ভ হন,
শাণ্ডিল্য গোত্রীয় জন্মে ভট্টনারায়ণ,
ভরদ্বাজে জনমিল শ্রীহর্ষ প্রবর,
কাশ্যপ গোত্রীয় দক্ষ বাৎস্যে ছান্দর,
এই পঞ্চ হ'তে ধারাবাহিক গণন,
বর্ণিত হয়েছে বংশাবলী অধস্তন।

শ্রীরাধাচরণ গাঙ্গোপাধ্যায় মোক্তার

কর্ত্তৃক প্রণীত ও প্রকাশিত।

প্রথম সংস্করণ।

শ্রীযোগেন্দ্র সিংহ রায়কর্ত্তৃক মুদ্রিত।

সন ১৩২০ সাল।
ইং ১৯১৩ সন।

মূল্য ১৲ এক টাকা মাত্র।

ভূমিকা

মন্বাদি ঋষি হইতে আরম্ভ করিয়া বেদব্যাস কৃত্তিবাস প্রভৃতি প্রাতঃস্মরণীয় মুনিঋষিগণের প্রাচীনগ্রন্থ পাঠে, তাৎকালিক সমাজে পিতৃপুরুষগণের নাম কীর্ত্তনের আদর পরিলক্ষিত হয়। তৎপর আদিশূর বল্লাল সেন প্রভৃতি লব্ধপতিষ্ঠ হিন্দু নরপতিগণের ঐকান্তিক উদ্যম ও আগ্রহে কুলাচার্য্যগণ প্রতি উচ্চশ্রেণীর হিন্দু সম্প্রদায়ের নাম গোত্রাদি-সংগ্রহ ও রক্ষণের ভার অর্পিত হওয়ায়, বিভিন্ন সময়ের রাষ্ট্রবিপ্লবের পরেও বহুশতাব্দী পর্য্যন্ত ঐ প্রথা অল্পাধিক পরিমাণে রক্ষিত হইতে-ছিল। আজ কাল আর্থিক অবস্থার পরিবর্ত্তনে কুলাচার্য্যগণ মধ্যে অনেকেই পৈতৃক ব্যবসা পরিত্যাগ করতঃ মসিবৃত্তি ইত্যাদি রূপ ব্যবসায়ান্তরে প্রবেশ করায় উল্লিখিত অনুষ্ঠান লুপ্তপ্রায় হইয়াছে। বর্ত্তমানে পাশ্চাত্যশিক্ষার উজ্জ্বল প্রতিভায় সকলেই উন্নতির সোপানে আরোহণ করিয়াছেন; ৫ম বর্ষীয় শিশু অবধি বিশ্ববিদ্যালয়ের উচ্চ উপাধিপ্রাপ্ত যুবকগণ পর্য্যন্ত সকলেই বিজেতা উইলিয়ম হইতে ৫ম জর্জ্জ পর্য্যন্ত ব্রিটিশ রাজন্যবর্গের নাম সমস্বরে আবৃত্তি করিতে সমর্থ। কিন্তু দুঃখের বিষয় এই যে, তাহাদিগের ভিতরে স্বকীয় পিতামহ কিম্বা তদূর্দ্ধতন পুরুষের নাম উচ্চারণ করিতে অনেকেই অক্ষম। সমাজের এহেন দুর্গতির দিনে কতিপয় আত্মীয় ও বন্ধুর উপদেশে অনুপ্রাণিত হইয়া উচ্চশ্রেণীর হিন্দুগণের বংশাবলী সংগ্রহে যত্নবান হইয়াছি। বঙ্গীয় ব্রাহ্মণাদি চতুঃবর্ণের নাম গোত্রাদি সংগ্রহ করা বিশেষ সময় সাপেক্ষ ও মাদৃশ বৃদ্ধের পক্ষে চন্দ্র স্পর্শনোন্মুখ বামনের ন্যায় অসম্ভব প্রযুক্ত আপাততঃ যথাসাধ্য রাঢ়ীয় ব্রাহ্মণগণের বংশাবলী পয়ারছন্দে লিখিত হইল। শিক্ষার অভাবে সাহিত্য ক্ষেত্রে তাদৃশ ব্যুৎপত্তি না থাকায়

ও বার্দ্ধক্য নিবন্ধন গ্রন্থখানির স্থানে স্থানে ছন্দপতন, বর্ণাশুদ্ধি ও কথঞ্চিৎ ভ্রম প্রমাদ ঘটিতে পারে; আশাকরি সহৃদয় পাঠকবর্গ সর্ব্ব প্রকার ত্রুটি মার্জ্জনা করিবেন।

আদিশূর আনীত বেদগর্ভ প্রভৃতি পঞ্চ ব্রাহ্মণ হইতে আরম্ভ করিয়া বর্ত্তমান সময় পর্য্যন্ত সাবর্ণ, শাণ্ডিল্য, কাশ্যপ, ভরদ্বাজ ও বাৎস্য গোত্রের ব্রাহ্মণগণের নাম যাহা সংগ্রহ করিতে পারা গিয়াছে, তাহা এই ক্ষুদ্র পুস্তকে সন্নিবেশিত হইল। প্রত্যেক গোত্র মধ্যে প্রসিদ্ধ ব্যক্তিগণের নামোল্লেখে বংশাবলী ধারাবাহিক রূপে লিখিত হইয়াছে। গ্রন্থপাঠ কালে অনেকেরই বেদগর্ভ প্রভৃতি পঞ্চ ব্রাহ্মণসহ নিজ নিজ সম্বন্ধ নির্ণয়ের ঔৎসুক্য জন্মিতে পারে, এই জন্য যিনি যে বংশ সম্বন্ধে অনুসন্ধান করিতে চান, তাঁহাকে সেই বংশের আদ্যন্ত পাঠ করিতে অনুরোধ করিতেছি।

গ্রন্থপাঠে পাঠকবৃন্দের পিতৃপুরুষগণের প্রতি শ্রদ্ধা ও ভক্তি আকৃষ্ট হইলে শ্রম সার্থক জ্ঞান করিব। গ্রন্থ প্রণয়নে সম্বন্ধ নির্ণয় ও কুলসার সংগ্রহ হইতে বিশেষ সাহায্য পাইয়াছি এবং স্থানীয় পণ্ডিত শ্রীযুক্ত অক্ষয়কুমার চট্টোপাধ্যায় মহাশয় গ্রন্থখানির অনেক প্রূফ দর্শন ও সংশোধন প্রভৃতি কার্য্যে যথেষ্ট সহায়তা করিয়াছেন বিধায়, তাঁহার নিকট আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করিতেছি। সংবাদদাতাগণের শৈথিল্য হেতু কোন বংশের নামধামে ভ্রম পরিলক্ষিত হইলে, আশাকরি পাঠকগণ গ্রন্থকর্ত্তাকে ঐ সংবাদ প্রদানে বাধিত করিবেন। ইতি ১৩২০ সাল ২০শে বৈশাখ।

নিবেদক—

শ্রীরাধাচরণ দেবশর্ম্মা গঙ্গোপাধ্যায় মোক্তার।

সাকিন নলচিড়া, জিলা বরিশাল।

সূচীপত্র।

ক্রোড় পত্র ভ্রম সংশোধন।

২১ পৃষ্ঠায় শিশু গাঙ্গুলীর বংশে কোন কোন ব্যক্তির
২।৩ নাম থাকায় তাহা নিম্নে লিখা হইল।

শিশু-সুত গদাধর; তৎসুত হল।
হল-সুত আয়ু-সুত দিনা; তৎসুত বল।
বল, নিম্নে ভষমুখী নামে এক জন;
তাহার তনয় জন্মে শিবনারায়ণ।
শিব-সুত পুরাই বা পরমেশ্বর হন,
তাহাকে পুরুষোত্তম বলিয়া বর্ণন।

৭২ পৃষ্ঠায় ১৯ ছত্রের পর তিন ছত্র পরিবর্ত্তে
নিম্নলিখিতরূপ বংশ হইবেক।

রাসমোহন ও হরমোহন সুজন।
রাসমোহনের পুত্র যদুনাথ হয়।
হরমোহনের জন্মে রজনী তনয়।

৭৪ পৃষ্ঠায় নীলমাধবের বংশ মধ্যে ৮ ছত্রের পর
নিম্নলিখিত বংশ হইবেক।

প্রসন্নকুমার-সুত আশুতোষ হন;
তাহা হ'তে হরিহর জনমে নন্দন।
কুঞ্জবিহারীর সুত সুকুমার হয়;
তাহার অনুজ তিনকড়ি জনময়।
অমরের সুবোধ ও সুধীর নন্দন।
হারাণের পুত্র চিত্ত ও সত্যরঞ্জন।

৯৮ পৃষ্ঠায় সদানন্দ বংশের ১৭ ছত্রে রাধাকৃষ্ণ বংশ
নিম্নলিখিত মত হইবেক।

রাধাকৃষ্ণ-বংশধর হয় দুই জন—
তারাচন্দ্র, জগচ্চন্দ্র জনমে নন্দন।
তারাচন্দ্র-বংশধর গোলোক, ঈশান,
অপর ভারতচন্দ্র, নবীন সন্তান।
গোলোকচন্দ্রের পুত্র দুই জন হয়—
পুলিনবিহারী আর বিপিন জন্ময়।
পুলিনবিহারী-সুত যতীন্দ্র, দেবেন্দ্র।
বিপিনবিহারী-সুত ব্রজেন্দ্র রাজেন্দ্র,
অপর জ্ঞানেন্দ্রনাথ মাইজপাড়া বন।
ঈশানচন্দ্রের জন্মে উপেন্দ্র নন্দন।
ভারতের ফটিক ও বিহারী তনয়।
নবীনচন্দ্রের পুত্র সুশীল জন্ময়।
জগচ্চন্দ্রের পুত্র মহেশ লভয়।
মহেশচন্দ্রের পুত্র গঙ্গা জনময়।

১২১ পৃষ্ঠায় পঞ্চম অধ্যায় রঘুনাথ বংশের
৬ ছত্রের পরে নিম্নলিখিত বংশ হইবেক।

রামসন্তোষের পুত্র রাধাকৃষ্ণ হয়,
রামকৃষ্ণ, ব্রজ, আর কেবল তনয়।
রাধাকৃষ্ণ-সুত শিব ও গোপীমোহন,
আর জন্মে তারাপদ, যুগল নন্দন।
গোপীর মোহন, কালীকুমার তনয়।
বৈকুণ্ঠ, মোহন-সুত ও রজনী হয়।

কেবলকৃষ্ণের শ্যামকিশোর নন্দন.
মুক্তকিশোর, রুষ্ণকিশোর সুজন।
কৃষ্ণকিশোরের পুত্র প্রসন্ন জন্মায়,
হরকুমার ও ষষ্ঠীকুমার তনয়।
হরকুমারের নিশিভূষণ নন্দন।
নিশি-সুত মাখনচন্দ্র আলতা ভবন।

১৭০ পৃষ্ঠার শেষে নিম্নলিখিত বংশ হইবেক।

রাধাকৃষ্ণ-সুত রামলোচন, জন্মায়।
রামলোচনের জন্মে শ্রীকান্ত তনয়।
শ্রীকান্তের জগচ্চন্দ্র, গোবিন্দ তনয়।
গোবিন্দ-তনয় শশী, অক্ষয়, বিজয়।
অক্ষয়-তনয় মধু, বিশ্বনাথ হয়।
শশীর ৫ মথনাথ, হারাণ তনয়।
জগতের বিশ্বেশ্বর যোগেশ নন্দন,
বাটীকামারী ও কাশীপুর বাসী হন।

.৭৯ পৃষ্ঠায় ২৩ ছত্রের পরিবর্ত্তে নিম্নরূপ বংশ হইবেক।

কালিদাস হ'তে বিশ্বেশ্বর, সুকুমার।
বিশো-সুত সূর্য্যমণি-সুত উগ্র রন।

২৯৩ পৃষ্ঠার ১৬ ছত্রে আত্মারাম স্থানে নিধিরাম
২০ ছত্রে নিধিরাম স্থানে আত্মারাম হইবেক।

৫১৬ পৃষ্ঠায় ৮ ছত্রের পর নিম্নলিখিত বংশ হইবেক।

ছান্দর সুত শ্রীধর কাঞ্জিলাল--বংশ।
কাঞ্জিলাল গাই প্রাপ্ত শ্রীধর তনয়;
তৎসুত যজ্ঞেশ্বর-সুত হেম হয়।

হেমগর্ভ-সুত বীর, রবি, বসুন্ধর।
বসু-সুত প্রাণেশ্বর-সুত বাণেশ্বর।
বাণের হিঙ্গুল কিম্বা নিশা ও বরাহ ;
হিঙ্গুল-তনয় কানু কুলীন প্রবাহ।
বরাহের কুতুহল জনমে সন্তান,
বল্লাল-বাছনি কালে কুল সংজ্ঞা পান।
কানু সুত চাঁদ, উধো, তিয়ো, দামো. জয়।
চাঁদ-সুত ত্রিলোচন, বাসু, নর হয়।
ত্রিলোচন-সুত নিশি, বিশো, পশো, জন।
জন-সুত গোপী, গঙ্গা, ভীম ও তপন।
তপনের কৌতুক ও ভৈরব তনয়।
কৌতুকের পুত্র বিশ্ব, নরপতি হয়।
নর হ'তে মধু, কৃষ্ণ আচার্য্য নন্দন,
আর বলভদ্র, কালে মেলের বন্ধন।
মধু-সুত কালিদাস, দামো. বাসু হয়।
কালিদাস হ'তে রঘু, মুকুন্দ তনয়।
মুকুন্দ-তনয় বন, কৃষ্ণ, পূর্ণ হন।
বন সুত নীলকণ্ঠ, রতিনাথ রন।
নীলকণ্ঠ-সুত গোপী, গোপাল জন্মায়।
গোপী-সুত রামভদ্র, জগদীশ হয়।
রামভদ্র-সুত বল বাণ বিশো হন।
বলরাম হ'তে বিষ্ণুরাম জন্ম লন।
বিষ্ণুরাম হ'তে রামকুমার তনয় ;
তৎসুত ভগবান, মাধব জন্মায়।

ভগবানচন্দ্র-সুত নিবারণ জ্যেষ্ঠ,
প্রসন্ন, শরৎ, কৃষ্ণ, নির্ম্মল কনিষ্ঠ।
নির্ম্মলচন্দ্রের পুত্র সিদ্ধেশ্বর হয়।
মাধবচন্দ্রের পুত্র হরিশ জন্ময়।
হরিশচন্দ্রের পুত্র শ্রীশচন্দ্র বড়,
অবিনাশ ও প্রবোধচন্দ্র অতঃপর।
শ্রীশচন্দ্র-বংশধর কালু জনময়,
যশোহর, মদনপুর বাসস্থান হয়।
(সুরভি ঘোষাল গাই তা হ'তে সাগর ;)
তৎসুত মনোর বা ভমোহ প্রবর।
মনো-সুত হলধর ব'লে কেহ কন ;
তাহার মুরারি নামে জনমে নন্দন।
মুরারি-তনয় বিশ্বামিত্র জনময় ;
জিতামিত্র জনমিল তাহার তনয় ;
তৎসুত ভগবান অথবা শরণী ;
তা হ'তে পিঙ্গল ; তৎসুত শিরোমণি।
সুকুলীন শিরো-সুত উদ্ধব জন্ময় ;
মার্কণ্ড ও কোচ, পশো তাহার তনয়।
কোচ-সুত আভো, শুভ, দুর্ব্বলী, পণ্ডিত,
আভো-সুত পশুপতি, গদাই গণিত।
পশুপতি-সুত তেই, হিঙ্গু, ত্রিলোচন।
ত্রিলোচন হ'তে সূর্য্য, উদয় নন্দন।
উদয়ের পুত্র তনু, ঈশ্বর জন্ময়।
তনু-সুত পরম ও বিশ্বনাথ হন।

বিশ্বনাথ হ'তে অর, কংশারি নন্দন,
সর্ব্বানন্দী নাম মেলে হইল বন্ধন।
কংশারির পুত্র রাম, সুঘোষ, ভুবন।
সুঘোষের রঘু, কর, শ্রীধর নন্দন।
শ্রীধরের গোপী, জনা, অনন্ত তনয়।
গোপী-সুত বলরাম, রামকৃষ্ণ হয়।
রামকৃষ্ণ-সুত বিষ্ণু। বিষ্ণু-সুত হয়—
কৃষ্ণদেব হ'তে জন্মে কন্দর্প তনয়।
কন্দর্পের পুত্র কৃষ্ণ, রামচন্দ্র হন।
কৃষ্ণচন্দ্র-বংশধর জয়নারায়ণ :
তৎসুত জন্মে কালীশঙ্কর ঘোষাল,
ভূকৈলাস বাস করি হন মহীপাল।
কালীশঙ্করের পুত্র কালীকান্ত হন,
সত্যপ্রসাদ ও সত্যকিঙ্কর নন্দন,
সত্যচরণ ও সত্যশরণ সন্তান,
সত্যভক্ত আর সত্যপ্রসন্ন তনয়।
সত্যপ্রসাদের সত্যজীবন নন্দন।
চরণের সত্যানন্দ, সত্যসত্য হন।
সত্যানন্দ-সুত সত্যনিধি জনমন,
সত্যশ্রী, সেবক, সত্যমোহন তনয়।
সত্যশ্রী-তনয় সত্যশান্তি জন্মে হন।
সত্যসত্য হ'তে সত্যশঙ্কর নন্দন,
সত্যবাদী, ভানু, ধ্যান, হর্ষ আর হন,
প্রসন্নের পুত্র সত্যকৃষ্ণ ও রঞ্জন।

ওঁ নমঃ সরস্বত্যৈ

পঞ্চকোট জ্ঞানমঞ্জরী।

নত্বা তাং কুলদেবতাং খলু সদা সন্মানসে হংসতাং

জাতাং ভক্তিবিশেষতঃ কুলসভামধ্যে সদা মোদিতাম্ ॥

শ্রীমদ্বন্দ্যঘটিয়কাদিকমহাবংশাবলীং ব্যক্ততো।

বক্ষ্যে তৎ পরিবর্ত্ত বর্ত্তনবিধিং মিশ্রো ধ্রুবানন্দকঃ ॥

প্রথম অধ্যায়।

ভগবান স্তুতি।

ভগবানে প্রণমিয়া হরি নাম স্মরি,
নারায়ণ করি মনে মুকুন্দ মুরারি।
দুর্গা কালী প্রতি ভক্তি থাকে যেন হৃদে,
সর্ব্বপাপ বিনির্ম্মুক্ত উদ্ধার বিপদে।
বাকদেবী পাদপদ্ম করিয়া স্মরণ,
অর্চ্চিব কুলদেবতা শকতি যেমন;
সরস্বতী দেবী বর দিউন আমাকে—
"পুরুষাদি বংশাবলী লিখিনু পুস্তকে,
পূত বংশ মহতেরা অনুগ্রহ ক'রে
এ গ্রন্থের মর্ম্মগ্রহ করেন সাদরে॥"
দীঘারির কীর্ত্তি অগ্রে করিব বর্ণন;
মিশ্রগ্রন্থে আছে যাহা জ্ঞানের দর্শন।

দীঘারি কীর্ত্তি।

সাজাহান বাদসাহ সমরাট ছিল,
সেই কালে রামভদ্র উদয় হইল।
ব্রহ্মবংশে জনমিয়া বাড়িলেক জ্ঞান,
রাজকার্য্যে অতি দক্ষ, পাইল সম্মান।
বাদশা সন্তুষ্ট সদা রামভদ্র প্রতি,
শিকদার পদ পায় রাজ-অনুমতি।

নিজের উপাধি পেয়ে চিন্তে মনে মন,
আনিব উপাধি পুত্রে করিনু এ পণ।
রামেশ্বর, রামকৃষ্ণ, রামদেব নাম
তিন পুত্র বর্ত্তমান অতি গুণধাম।
চারি পুত্রে বিদ্যমান রামেশ্বর বড়,
মুকুন্দ তাঁহার পুত্র অতি মনোহর।
পুত্রগণের উপাধি পাইলেক "রায়"
পৌত্রের উপাধি বাঁধে রাজার সভায়।
চক্রবর্ত্তী নামে খ্যাত মুকুন্দ হইল ;
এইরূপে রামভদ্র কিছুকাল ছিল।
নলচিরা মৌজাধিন কাণ্ডপাশা গ্রাম,
রামভদ্র শিকদার করেন বিশ্রাম।
শ্রোত্রীয় সমাজ মধ্যে বংশ দীঘারির
জনমিয়া বহু দিন পূজেন হরির।
ভগবান ইচ্ছামত ব্রহ্মরূপ ধরি,
পঞ্চগোত্রে আবির্ভাব কলিযুগে হরি।
কুলীন শ্রোত্রীয় বংশ বিভাগ করিয়া,
শ্রোত্রী কষ্ট গৌণ দলে দীঘারি ফেলিয়া,
সিদ্ধ, সাধ্য, ও সুসিদ্ধ, অরি, শ্রোত্রী চারি
সিদ্ধ দলে রাখিলেন শুদ্ধই দীঘারি।
রামভদ্র ব্যস্ত হ'য়ে মাগিলেক বর,
কিরূপ সুসিদ্ধ হব বল পুনর্ব্বার।
তুষ্ট হয়ে দেবীবর ঘটক প্রধান
রামভদ্রে দিলা বর এই যে বিধান।

অদ্যাবধি সুকুলীনে কন্যা দান কর,
সুসিদ্ধ শ্রোত্রীয় হৈলা আমি দেই বর।
রামভদ্র নিবেদিল ঘটকের ঠাই,
আমার দুহিতা নাহি কন্যা কোথা পাই।
দেবীবর বলিলেন রামভদ্র শুন,
পৌত্রী হইবে তোমার করিবা কুলীন।
বর পেয়ে রামভদ্র স্থির করে মন,
করিব পৌত্রী হইলে কুলীনে অর্পণ।
কিছুকাল গতে তার হল পৌত্রীদ্বয়,
ভাবিল কুলীনে দান করিব নিশ্চয়।
প্রথমে রামের কন্যা দুই সুভাষিণী,
শাস্ত্র মতে সম্প্রদানে কুলীন ঘরণী।
রামকৃষ্ণ, শ্রীকৃষ্ণের বংশ করি ধ্যান,
গাঙ্গ গঙ্গানারায়ণে কন্যা কৈল দান।
মুখবংশে শুকদেবে দ্বিতীয় অর্পণ।
দ্বিকন্যায় বাসভূমি করিল সৃজন।
এইরূপে কুলকার্য্য করিতে লাগিল,
ফুলিয়া, খরদ মেলে কন্যার্পণ হ'ল।
অতঃপর রামভদ্র ডাকি পুত্রগণে,
তাঁহার মনের ভাব বলিল তথনে।
কন্যাবিক্রী, পরিবর্ত্ত করিবে না সত্য,
সুকুলীনে কন্যাদান করিবেক নিত্য।
দীঘারি প্রতিজ্ঞা হল শুন সর্ব্বজনে
আহার, ব্যবহারাদি করি কার সনে।

দীঘারির জ্ঞাতিবর্গ তাহার কুলীন,
কুটুম্ব মাতুল বংশ ব্যাবহারাধীন।
ইহা ভিন্ন অন্য স্থানে না যাবে কখন
দীঘারি প্রতিজ্ঞা এই শুন সর্ব্বজন
তাদের কুলীনগণে করা'ল প্রতিজ্ঞা—
আমরা যেথানে যাব করি এই আজ্ঞা,
মোদের কুলীনগণ তথায় যাইবে,
আমাদের ব্যবহার রদ না করিবে।
তদবধি রামভদ্র বংশাবলী যত,
সর্ব্বস্বান্ত হ'য়ে সবে কুলকার্য্যে রত।
শ্রীকৃষ্ণ, প্রসাদ আর হরিরাম গাঙ্গ,
বিষ্ণু মুথ, চট্টোপাধি রামনাথ সঙ্গ।
যোগেশ্বর মুখোপাধি পাল্টি প্রকৃতির,
রঘুরাম, রামেশ্বর চক্রবর্ত্তী ধীর।
রুদ্র, কেশব চক্রের বংশধরগণ,
দীঘারিকে স্পর্শ করি দল বিলক্ষণ।
তাহাতে সুসিদ্ধ হল দীঘারির দল,
ঐ সব কুলীনগণে হইল প্রবল।
বহু সুকুলীনে দান হল কন্যাগণ,
তাহাতে দীঘারি বংশ হরষিত মন।
প্রতিজ্ঞানুযায়ী কার্য্য করিতে লাগিল,
দীঘারির সমাজেতে তিন দল হল।
রামকৃষ্ণ, দুর্গারাম, মুকুন্দ বিভাগ,
তাদের কুলীনগণ তিন দলে ভাগ।

পুরুষ দশম ধরি কুলকার্য্য চলে,
সমাজে দীঘারি বড় সব লোক বলে।
দীঘারির গুরু হন স্বগ্রামে প্রবীণ,
কবিরাজ চক্রবর্ত্তী ভক্ত যে কুলীন।
রাঘব চট্টের বংশ বংশজের আদি,
কুলীন করেন সদা, কুকাজে বিবাদি;
বিক্রী, পরিবর্ত্ত নাহি বংশে কদাচন,
বংশজের সৃষ্টি হ'তে নৈকষ্যে অর্পণ।
নৈকষ্য বিচ্ছেদ করি কন্যা দান হয়,
কবিরাজ সন্ততির নিয়ম নিশ্চয়।
পণ্ডিতে প্রধান অতি সর্ব্ব শাস্ত্রবিৎ,
প্রথম বিদায় পান, না জানে কচিৎ।
বড, দক্ষিণের বাড়ী পণ্ডিত আগার;
আরো দুই বাড়ী আছে জ্ঞাত সবাকার;
কবিরাজ চক্রবর্ত্তী বংশজ প্রধান,
নলচিরা বহু দিন কুলীনে সম্মান।
দীঘারি প্রধান হল নলচিরা মাঝে,
নন্দিগ্রামী শ্রোত্রীয়ের বুকে অতিবাজে।
দীঘারিরা সিদ্ধ ছিল সুসিদ্ধ হইল,
দীঘারির তুল্য হব মনেতে ভাবিল।
আমরা সুসিদ্ধ আছি সব লোক জানে,
দীঘারির সমকার্য্য করিব কেমনে।
নন্দিগ্রামী শ্রোত্রীগণ সঙ্কল্প করিল,
কুলক্রিয়া করি সবে প্রশংসা পাইল।

তাঁহারাও দীঘারির সঙ্গ লাভ করি,
বিক্রী, পরিবর্ত্ত ত্যাগ হইল সবারি।
অর্থাভাবে বংশনাশ অনেকের হল,
তবু কিন্তু নন্দিগ্রামী কুল না ছাড়িল।
অপর ব্রাহ্মণ যারা বংশজ শ্রোত্রীয়
চিরকাল আছে তাঁরা দীঘারির প্রিয়।
দীঘারির গুণকীর্ত্তি হইল বর্ণন,
পঞ্চগোত্র নামাবলি করুন শ্রবণ।

পঞ্চগোত্র নামাবলি।

সাবর্ণ, শাণ্ডিল্য গোত্র আর ভরদ্বাজ,
বাৎস্য, কাশ্যপ গোত্র ব্রাহ্মণ সমাজ।
তদভিন্ন সপ্তশতি আছে কদাচিত,
দুই এক পরাশর গোত্রের নিশ্চিত।
কান্যকুব্জ হতে পঞ্চ মুনি আগমন,
যাঁদের সন্ততি যত পঞ্চগোত্র হন।
পঞ্চগোত্র ব্রাহ্মণেরা বিভিন্ন বেদীয়,
মন্ত্রের প্রভাবে হয় দেবগণ প্রিয়।

বেদ বিভাগ।

বেদশাস্ত্র নিত্য হয়, নাহি তার ধ্বংস,
বেদব্যাস চারি খণ্ডে করে তার অংশ।
সাম. যজু, ঋক্ আর অথর্ব্ব নির্ণয়,
এই চারি বেদাধীন ব্রহ্ম বংশ হয়।

ব্রাহ্মণের লক্ষণ।

তিলক ধারণ সদা করিবেক শিরে,
যজ্ঞসূত্র রাখিবেক গলার উপরে।
অতি সদাচারী পূত কুশার ধারণ,
সদা বেদ অধ্যয়ন তিনিই ব্রাহ্মণ।

কান্যকুব্জাগত পঞ্চমুনির নাম।

বেদগর্ভ মুনিশ্রেষ্ঠ আগত প্রথম,
ভট্টনারায়ণ, দক্ষ মুনির উত্তম।
শ্রীহর্ষ মুনিবর হয়েন চতুর্থ,
পঞ্চম ছাঁদর মুনি বুঝিলেন অর্থ
বঙ্গাধিপ আদিশূর যজ্ঞের কারণ,
করে পঞ্চ মহামুনি রাজ্যে আনয়ন।

পঞ্চমুনির আগমন বিবরণ।

বঙ্গাধিপ আদিশূর পুত্রেষ্টির আশে,
সাগ্নিক ব্রাহ্মণ যাচে বীরসিংহ পাশে।
কান্যকুব্জ অধিরাজ বীরসিংহ রায়,
আহিতাগ্নি পঞ্চমুনি বঙ্গেতে পাঠায়।
এক উন দশ শত সম্বত সময়,
এ বঙ্গে তাঁদের শুভ আগমন হয়।
কান্যকুব্জ রাজ্যাধীন পঞ্চকোটী গ্রাম,
তথা হ'তে নারায়ণ ভট্ট গুণধাম;

বামকোটী গ্রাম হ'তে মহামতি দক্ষ,
হরিকোটী পরিত্যাগি ছাঁদর সুদক্ষ;
কঙ্কগ্রাম পরিহরি শ্রীহর্ষ প্রবর,
বেদগর্ভ বট ছাড়ি আসে মুনিবর।
বাহনাশ্বে উপনীত রাজার সভায়,
চর্ম্মের পাদুকা পদে তাম্বুল চিবায়।
রাজার প্রহরীবর্গ জানাল রাজনে,
বীতশ্রদ্ধ হ'ল নৃপ হেন আচরণে।
মহাজ্ঞানী মুনিগণ অন্তর্য্যামী হন,
রাজার মনের ভাব বুঝেন তখন।
উপযুক্ত অভ্যর্থনা না হ'ল মুনির,
ক্রোধান্ধ হইয়া সবে হইল বাহির।
আশীর্ব্বাদ পুষ্প নিয়ে পুরে এসে ছিল,
মল্লকাষ্ঠোপরে ত্যজি দেশেতে চলিল।
মল্লকাষ্ঠে আশীর্ব্বাদ হইলে সংযোগ,
তখনি জীবিত বৃক্ষ উঠিলেক বেগে।
দ্বারপাল বিবরণ জানাল রাজায়,
অতিব্যস্তে মহারাজ বৃক্ষ স্থানে যায়।
জীবিত হইল কাষ্ঠ করি দরশন,
ত্বরা করি মুনি স্থানে করেন গমন।
বিশেষ স্তুতি করি করিল যতন,
মম অপরাধ ক্ষম মহামুনিগণ।
নৃপ প্রতি তুষ্ট হ'য়ে পঞ্চ মহামুনি,
মহাযজ্ঞ আয়োজন আরম্ভে তখনি।

যজ্ঞ সমাধান অন্তে রাজার আদেশ,
মহামুনি বাস জন্য পায় বহু দেশ।
পঞ্চমুনি বংশধর উনষট্টি হল,
উনষট্টি গ্রামে তারা বসতি করিল।
তদবধি উনষট্টি গাই সৃষ্টি হয়,
মুনিগণ বংশধর অতি সুখে রয়।

পঞ্চমুনির সন্তান পরিচয়।

বেদগর্ভ পুত্র বটে বারজন হয়,
ভট্টনারায়ণ সুত ষোড়শ উদয়।
মহর্ষি দক্ষের পুত্র ষোল জন হয়,
শ্রীহর্ষ মুনির সুত জন্মে চতুষ্টয়।
ছান্দর মুনির পুত্র আট জন হয়,
তিন পৌত্র যোগ করে একাদশ বয়।
পঞ্চমুনি সুত সংখ্যা ছাপ্পান্ন হইল,
তিন পৌত্র যোগে গাই উনষট্টি পূরিল।

উনষট্টি গাই।

বন্দ্যঘটী, পুতিতুণ্ড, গাঙ্গুলী, ঘোষাল,
দীর্ঘাঙ্গি, কুসমকুলি, ভট্ট কাঞ্জিলাল।
কৈলবাটী, বটব্যাল, গড়গড়ি, বালি,
মাশচটক, পালধি, ভূরিশ, বাপুলি।
পীতমণ্ডি, দায়ঘরী, গুর পলসায়ী,
ঘণ্টেশ্বরী, চোতখণ্ডী, হর, সিমলায়ী।

পাকড়াশী, নন্দিগ্রামী, পারি, কুলকুলি,
বসুয়ারি, পুসলি ও করাল, অম্বুলী।
মূলগ্রামী, সিম্বলাল, রাঘী, পিপলাই,
পারিহাল, পুংসিক, আকাশ, ডিংসাই।
পূর্ব্বগ্রামী সাটিদাষী, মুখটী, কাঞ্জারী,
কেশরকুলি, চাটাতি, শেয়ক, পোড়ারী।
কুন্দগ্রামী, সিদ্ধল, মহিন্তা, কোয়ারী,
কুলভি, সাহরি আর সিয়ারি, কুশারী।
ঘোষলী, নায়রীগাই উনষট্টি হল,
বল্লাল বাছনি কালে দর্শন করিল।

গাইর গোত্র পরিচয়।

শাণ্ডিল্য।

বন্দ্যঘটী, গড়গড়ী, কুলভি, ঘোষলী,
পারিহাল, ও করাল, বট, কুলকুলী।
সেয়ক, মাশচটক, আর বসুয়ারী,
দির্ঘাঙ্গী, কেশরকুণী, আকাশ, কুশারী।
কুসুমকুলি, শাণ্ডিল্য গোত্রের নির্ণয়,
ষোল গাই প্রাপ্ত হয় ভট্টের তনয়।

কাশ্যপ।

তৈলবাটী, পীতমণ্ডী, ভূরিশ, অম্বুলী,
মূলগ্রামী, পাকড়াশী, পালধি, পুষলী।

চাটুতি, হড়, কোয়ারী, গুড়, পলসায়ী,
পোড়ারী, কাস্থপগোত্র ভট্ট সিমলায়ী।

ভরদ্বাজ।

মুখটী, সাহরী, রায়ী, ডিণ্ডশায়ী মাত্র,
শ্রীহর্ষ সন্তান গাই ভরদ্বাজগোত্র।

বাৎস্য।

পূর্ব্বগ্রামী, চোতখণ্ডী, মহিন্থা ঘোষাল,
পূতিতুণ্ড দাঘ অরি অথবা দিঘাল।
পীপলাই ও বাপুলি, পর সিম্বলাল,
কাঞ্জারী বাৎস্যগোত্র আর কাঞ্জিলাল।

সাবর্ণ।

গাঙ্গুলী, কুন্দ, সিদ্ধল, পুংসিক সিয়ারি,
দায়ী, বালি, ঘণ্টেশ্বরী, সাঢ়ক নায়ারী
নন্দী, পারি, বেদগর্ভে গাই দরশন,
সাবর্ণগোত্র নির্দ্দিষ্ট শুন সর্ব্বজন।

গাইর কুলিন নির্ণয়।

বন্দ্যঘটী, পূতিতুণ্ড, গাঙ্গুলী, ঘোষাল
চাটাতি, মুখটী, কুন্দ আর কাঞ্জিলাল।
আট গাই স্থকুলীন করিল বল্লাল,
ঘটক বাছনী তালে ঘটাল জঞ্জাল।

কুলীন-সংখ্যা।

সাবর্ণ বেদগর্ভের বংশে দুই জন,
শাণ্ডিল্য ভট্টের বংশে ছয় ব্যক্তি হন।
ভরদ্বাজ শ্রীহর্ষের বংশে দুই হয়,
দক্ষের কাশ্যপ গোত্রে পঞ্চ মহাশয়।
বাৎস্য গোত্র ছাঁদরের চারি বংশধর,
পঞ্চগোত্রে উনবিংশ কুলীন প্রবর।

কুলীনের নাম।

সাবর্ণীয় বেদগর্ভে শিশু, রোষাকর,
শাণ্ডিল্য ভট্টের বংশে আদি মহেশ্বর।
মকরন্দ, ঈশান ও দেবল, বামন,
জাঙ্গল পুরুষবর সুকুলীন হন।
ভরদ্বাজ শ্রীহর্ষের উৎসাহ, গরুড়,
কাশ্যপ দক্ষের বংশে অরবিন্দ শূর,
বহুরূপ, সুলোচন, হলায়ুধ আর
বাঙ্গাল, কুলীন হন বিদিত সবার।
গোবর্দ্ধনাচার্য্য আর কুতূহল, শির,
ছাঁদরের বংশে কানু মহামতি ধীর।
দেবগণ জনমিল কুলীনের অংশে,
ভকতি করয়ে সবে শ্রোত্রীয়ের বংশে।

শ্রোত্রীয়।

তৈলবাটী, পূর্ব্বগ্রামী, বাপুলী, ঘোষলী,
দীর্ঘাঙ্গী, কুসুমকুলি, ধালী, কুলকুলী।

মাসচটক, সিদ্ধল, ছট্ট, পলসায়ী,
বটব্যাল, সিম্বলাল, পারি, সিমলায়ী।
বসুয়ারী, পাকড়াশী, আকাশ, সাহরী,
মুলগ্রামী, নন্দিগ্রামী, করাল, নায়েরী।
পালধী, অম্বুলি, ঘাট, ভুড়িশ, কাঞ্জারী,
পুসলী, কোয়ারী, দায়ী শিয়ারী কুশারী।
পুংসীক, সেয়ক গাই শ্রোত্রীয় প্রধান,
ষড়ত্রিংশ জনে করে কুলীনে সম্মান।

শ্রোত্রীয় আগত।

সাবর্ণ বেদগর্ভের আট জন হ'ল,
শাণ্ডিল্য ভট্টের বংশে দশ ব্যক্তি র'ল
ভরদ্বাজ শ্রীহর্ষের এক জন হয়,
দক্ষের কাশ্যপ গোত্রে দ্বাদশ উদয়।
বাৎস্য গোত্র ছাঁদরের পাঁচ মহাজন,
পঞ্চগোত্রে ষড়ত্রিংশ শ্রোত্রীয় গণন।

গৌণ শ্রোত্রীয়।

সাবর্ণ বেদগর্ভের এক নাম হয়,
শাণ্ডিল্য ভট্টের বংশে পাঁচ বলি কয়।
ভরদ্বাজ শ্রীহর্ষের বংশে দুই জন,
দক্ষের কাশ্যপ গোত্র বংশে চারি হন।
বাৎস্য গোত্র ছাঁদদের তিন মহোদয়,
পঞ্চগোত্রে পঞ্চদশ গৌণ শ্রোত্রী হয়।

গৌণ নাম।

সুসিদ্ধ, সাধ্য ও সিদ্ধ, কষ্ট শ্রোত্রী অরি,
পিপলাই, দীর্ঘাঙ্গী কিম্বা প্রসিদ্ধ দীঘারি।
ডিংসাই শ্রোত্রীয় তিন দল হল সিদ্ধ,
মংস্থা, হর ও গুর, পারিহাল সাধ্য।
কুলভি, কেশরকুনী, রায়ী, চোতখণ্ডী,
ঘণ্টেশ্বরী, গড়গড়ি আর পিতমুণ্ডী।
কষ্ট শ্রোত্রী সাত গাই অরি দলে র'ল,
পোড়ারী সুসিদ্ধ গাই ঘটক করিল।
মহাজ্ঞানী দেবাবর ঘটক প্রধান,
দেবীর আদেশ মতে করিল বিধান।
কুলীনের দোষগুণ আলোচনা হল,
ছয়ত্রিশ মেল বলি আদেশ করিল।

মেল।

ফুলিয়া, খরদ, ছই, শুভরাজখানি,
পণ্ডিতরত্নি, বল্লভী আর প্রমোদিনী।
বাঙ্গালপাশী, সুরাই, আচার্য্যশেখরী,
ছায়া, নরেন্দ্রী, নরিয়া, রাই, বিদ্যাধরী।
দশরথ ঘটকীয়, রাঘব ঘোষালী,
দেহাটী, শ্রীরঙ্গভট্টি, শ্রীবর্দ্ধনী বালী।
পারিয়াল, আশ্চম্বিতা, মালাধরখানি,
কাকুস্থি ও ধরাধরি সর্ব্বানন্দী আনি।

সদানন্দখানি আর মেল চন্দ্রপতি,
সঙ্গে সর্ব্বানন্দি, পরে বিজয়পণ্ডিতি।
ভৈরব-ঘটকী, চট্ট-রাঘবী, মাধাই,
হরিমজুমদারী ও হইল চান্দাই।
গোপাল ঘটকী মেল ছত্রিশ জন্মিল,
ঘটক বিচার করি বিভাগ করিল।

বংশজ।

মহাজ্ঞানী দেবীবর গুরুর তনয়,
কুন্দগ্রামী বংশধর রোষাকর হয়।
দেবীর আদেশ বলে নিষ্কুল করিল,
তদবধি রোষাকর বংশজ হইল।
রোষাকর বংশ যত বংশজের আদি,
অপর বংশজ হয় কুলধ্বংসে খ্যাতি।
অতঃপর কুলনষ্ট হয় যত জন,
তার চারি ব্যক্তি করে কুলীনে যতন।
ক্রিয়াগুণে চতুষ্টয় বংশজ হইল,
অপর নিষ্কুল দল বহির্গত র'ল।
গঙ্গারাম, পঞ্চানন, মুন্সী মুখো কাশী,
বড় আম, কবিরাজ, সিদ্ধ বঙ্গবাসী।
বংশজ প্রধান হ'ল রোষাকর তুল্য,
এ পঞ্চের ভঙ্গকুল কুলীন সাকল্য।
পঞ্চের দৃষ্টান্ত দেখি আর যত ছিল,
ক্রমে কুলক্রিয়া করি সম্মান পাইল।

রোষাকর অভিশাপে দেবী বংশ নাশ,
গুরুর সন্তান বঙ্গে সুখে করে বাস।
অতঃপর বংশজত্ব পে'ল ছয় জন,
তাহাদের পরিচয় করিব বর্ণন।
রাজপুরে হ'ল দান বলিতে বিস্ময়,
কুলীনেতে পঞ্চবিংশ স্বর্ণগাভী লয়।
অগ্রদানী হ'ল তারা ব্রাহ্মণ পতিত,
সকলেই অবহেলে সমাজ বর্জ্জিত।
ছয় কন্যা তাহাদের ছয়ে বিয়া করে,
পরিচয় তাহাদের বলি এক ক্রমে :
বশিষ্ঠ, দায়িক, চোট, কুল চক্রপাণি,
কুবের, কুলভূষণ এই ছয় গণি।
বিয়া ক'রে ছয় জনে কুল হারাইল,
বংশজ নামেতে তারা আখ্যাত হইল।

কুলীন, শ্রোত্রীয় লক্ষণ।

পঞ্চগোত্র মুনিগণ, বংশ বৃদ্ধি হল,
বল্লাল নৃপতি দেখি বিচার করিল।
আচার, বিনয়, বিদ্যা, সুপ্রতিষ্ঠাবান্,
তীর্থ দরশন করে, দেব-ভক্তিমান্।
আবৃত্তি সর্ব্বদা, থাকে তপস্যা-নিপুণ,
অতিদানশীল হয় এই নব গুণ।
তাহাকে কুলীন সংজ্ঞা অর্পণ করিল,
অপর কয়েক জন শ্রোত্রীয় হইল।

কুলীনের নবগুণ আবৃত্তি ব্যতীত,
অষ্টম যাহার গুণ তিনি শ্রোত্রী গত।

আবৃত্তি সংজ্ঞা।

আদানঞ্চ প্রদানঞ্চ কুশত্যাগ স্তথৈবচ।
প্রতিজ্ঞা ঘটকাগ্রেষু পরিবর্ত্তশ্চতুর্ব্বিধঃ॥

আদিশূর বংশ।

বঙ্গাধিপ আদিশূর পুত্রের কারণ,
মহাযজ্ঞে পঞ্চমুনি করে আনয়ন।
মহাযজ্ঞ প্রভাবেতে বংশধর হ'ল,
ভূশূর তনয় তার ভূমিষ্ট হইল।
কুমার ভূশূরে ঘটে অকালে মরণ,
মহাশোকে আদিশূর বিষাদিত মন।
লক্ষ্মী নামে কন্যা প্রতি রাজ্যার্পণ হ'ল,
দৌহিত্র অশোক তার গর্ভে জনমিল।
অশোকের শূরসেন বংশধর হয়,
মহাবিজ্ঞ বীরসেন তাহার তনয়।
বীরসেন বংশধর হয়েন সামন্ত,
সামন্ত সেনের পুত্র প্রসিদ্ধ হেমন্ত।
তৎ সুত বিশ্বক, তৎ ক্ষেত্রজ বল্লাল,
নবম পুরুষ বঙ্গে, হয় মহীপাল।
হইল বল্লাল মতে কুলীন বাচনি,
তদবধি পঞ্চগোত্রে সুকুলীন গণি।

বল্লাল সেনের সুত বিখ্যাত লক্ষ্মণ,
তাহার তনয় হয় মাধব রাজন।
মাধব সেনের সুত প্রসিদ্ধ কেশব,
সুষেণ তাহার পুত্র অতীব বৈভব।
সুষেণ প্রসিদ্ধ নাম দ্বিতীয় লক্ষ্মণ,
ঘটক আদেশে হয় মেলের বন্ধন।
ধার্ম্মিক প্রবর রাজা করে রাজকার্য্য,
এসময় বিনাযুদ্ধে ত্যজিলেন রাজ্য।
বাদসা বংশের হায় অধিকার হ'ল,
মহারাজ রাজ্য ত্যজি পর্ব্বতে চলিল।

পঞ্চমুনি সহ পঞ্চ কায়স্থ আগমন বিবরণ।

পঞ্চ ঋষি সহ পঞ্চ কায়স্থ রতন,
আদিশূর মহাযজ্ঞে করে আগমন।
দক্ষ সহ দশরথ বসু পরিচয়,
কায়স্থ গৌতম গোত্র দাস বলি কয়।
ভট্টনারায়ণ সঙ্গে মকরন্দ ঘোষ,
সৌকালীন গোত্র হন অন্তরে সন্তোষ।
শ্রীহর্ষ অধীনে আসে বিরাট গুহজা,
হয়েন কাশ্যপ গোত্র স্বধর্ম্মেরধ্বজা।
বেদগর্ভ সহ আসে কালিদাস মিত্র,
মুনির সেবক বলি বিশ্বামিত্র গোত্র।
ছান্দর মুনির ভৃত্য গোত্র মদগল্য,
দত্তের পুরুষোত্তম মৌলিক সাকল্য।

কায়স্থ পঞ্চমে রাজা যাঁচে পরিচয়,
প্রথমোক্ত চারিজনে ব্রহ্মদাস কয়।
পঞ্চম পুরুষোত্তম ভৃত্য অস্বীকার,
তাহাতে রাজার মনে ঘটিল বিকার।
ব্রহ্মদাস চারি জনে রাজার যতন,
রাঢ়, বঙ্গ, দুই স্থানে বাসের ভবন।
দত্তের পুরুষোত্তমে অশ্রদ্ধা হইল,
রাজার আদেশ মত রাঢ় দেশে র'ল।
বল্লাল বাছনি কালে বিচার করিল,
ব্রহ্মভৃত্য চারি বংশে কুল সংজ্ঞা দিল।
পুরুষোত্তমের বংশে অকুলীন হ'ল
মৌলিক কায়স্থ মধ্যে গণনা করিল।
ব্রাহ্মণ বাছনি কালে হইল বিধান,
তদবধি পঞ্চগোত্রে পাইল সম্মান।

দ্বিতীয় অধ্যায়।

বংশাবলী।

গাঙ্গুলী বংশ।

সামবেদ ব্রহ্মকুলে বেদগর্ভ বড়,
গাঙ্গুলী সাবর্ণগোত্র পঞ্চম প্রবর।
ঔর্ব্ব, চ্যবন, ভার্গব আর জামদগ্ন্য,
আপ্নবত যোগ দিলে প্রবরের লগ্ন।

বেদগর্ভ রায় সুত হল, যোগী, রাম,
মাধব বা মুরারি ও গুণাকর নাম।
রাজাধর বিশ্বরূপ, কুমার, বশিষ্ঠ,
মদন, মধুসূদন, দক্ষ অতি শ্রেষ্ঠ।
বেদগর্ভ মুনিশ্রেষ্ঠ পুরুষ প্রথম,
দ্বিতীয় হল, তৃতীয় শোভন উত্তম।
হল বীরব্রত নামে হন কুলপতি,
শোভন, শৌরি চতুর্থ আছে জনশ্রুতি।
পীতাম্বর পঞ্চম যে, ষষ্ঠ দামোদর,
সপ্ত কুলপতি নাম অষ্ট শিশুবর।
প্রথম উপাধি কুলে শিশু গাঙ্গুলীর,
তদবধি সুকুলীন হইলেক স্থির।
গদ, কোলাভব, মহী এ তিন নবম,
হল, রাম, কণ্ঠ, কুল, মুরারি দশম।
আয়ু, গদা, হল পুত্র একাদশ হয়,
বিনায়ুধ গণ, বটু দ্বাদশ উদয়।
বলি, নিত্যো ত্রয়োদশ হয় ভগরথী,
শিবনারায়ণ সুত চতুর্দ্দশ দেখি।
পুরাই, পরমেশ্বর ও পুরুষোত্তম,
পঞ্চদশ পুরুষীয় বটে নরোত্তম।
গাঙ্গুলী ভৈরবচন্দ্র ষোড়শ পুরুষ,
তাহার তনয় তিন অতি সুপুরুষ।
শ্রীধর, রাঘব গাঙ্গ, আর বিশ্বম্ভর,
শ্রীধর-তনয় হয় নীলকণ্ঠ বর।

নীলুর শ্রীপতি পুত্র কুলীন প্রধান,
তৎ সুত রামনাথ অতি জ্ঞানবান্।
দ্বিতীয় জানকী নাথ মগা বিচক্ষণ,
ভগীরথ বন্দ্য সঙ্গে কুলের বন্ধন।
রামনাথ চারিপুত্রে সুখী অতিশয়,
রাঘব গাঙ্গুলী তার প্রথম তনয়।
রামেশ্বর গাঙ্গোপাধি দ্বিতীয় কুমার,
তৃতীয় গোপালচন্দ্র জ্ঞাত সবাকার।
মহেশ্বর মহামতি চতুর্থ তনয়,
প্রসিদ্ধ গাঙ্গুলী চারি বংশ পরিচয়।
রাঘবের চারিপুত্র অতি মহামতি,
রামচন্দ্র, শ্রীকৃষ্ণের বংশের উন্নতি।
রামকৃষ্ণ, রঘুনাথ অতঃপর হয়,
ফুলিয়া, খরদ এই চারি গাঙ্গ কয়।

শ্রীকৃষ্ণ গাঙ্গুলীর বংশ।

শ্রীকৃষ্ণের ছয় পুত্র কুলীন প্রধান,
রামভদ্র শিবরাম অতি গুণবান্।
রামগোবিন্দের পর রঘুরাম হয়,
রামদেব, বলরাম, বংশ পরিচয়।

গাঙ্গুলী শ্রীকৃষ্ণ-পুত্র রামদেব বংশ।

রামদেব সুত বড় গঙ্গানারায়ণ,
রামকৃষ্ণ রায়ের কন্যা করেন গ্রহণ।

দ্বিতীয় রামশরণ, কীর্ত্তি, সুধারাম,
হরি, রূপ, ইন্দ্র, রঘু, কৃষ্ণ, সীতারাম,
গোবিন্দ, গৌরীচরণ, বিশ্বনাথ হয়,
নীলকণ্ঠ, হরিদেব, নারাণ উদয়।
ষোড়শ তনয় হয় অতি মহীয়ান্,
কুলীন সমাজে পান বিশেষ সম্মান।

গাঙ্গুলী শ্রীকৃষ্ণ-পুত্র রঘুরাম বংশ।

রঘুরাম সুত রামকেশব সুধীর,
তৎ পুত্র নীলকণ্ঠ প্রশান্ত গভীর।
নীলকণ্ঠ সুত সপ্ত, রামগতি বড়,
কৃষ্ণচন্দ্র, কৃষ্ণনাথ পুরুষ প্রবর,
কৃষ্ণকান্ত যশোমন্ত পঞ্চ পরিচয়,
কিঙ্কর, আনন্দীরাম সপ্তম নির্ণয়।
রামগতি বংশধর হয় চারি জন,
জয়চন্দ্র, রত্নজয়, মাণিক্য গণন।
চতুর্থ তনয় রামগোপাল সুমতি,
সকলে বাখানে তারে অসীম শকতি।
জয়চন্দ্র বংশধর জগবন্ধু নাম,
রত্নজয়-সুত পূর্ণ অতি গুণধাম।
রামমাণিক্যের সুত হয় চারি জন,
কালিকাপ্রসাদ পরে মদনমোহন।
বৃন্দাবন আর চন্দ্রমোহন কনিষ্ঠ,
হিজুলতলায় বাস, হন জ্ঞানে শ্রেষ্ঠ।

রামগোপালের সুত হয় ছয় জন,
রামচন্দ্র রামবিষ্ণু আলোক গণন।
রামচাঁদ, গৌরচন্দ্র ও পদ্মলোচন,
নলচিরা প্রভৃতিতে করেন যাপন।
জগবন্ধু-সুত বটে বিলাস অগ্রজ,
শ্রীকালীপ্রসন্ন আর দিগেন্দ্র অনুজ।
পৈতৃক বসতি স্থান আগরপুর ছিল,
বর্ত্তমান বাসস্থান রংপুর হইল।
পূর্ণচন্দ্র বংশধর রজনী প্রথম,
বসতি শিকারপুর অতি বিক্রম।
কালিকাপ্রসাদ সুত হয় বনমালী,
নারায়ণ, রাসলাল অতি মানশালী।
গাকুড়িয়া বাসস্থান অতি বিজ্ঞ হয়,
আর আর বংশধর স্থানান্তর রয়।
মদন মোহন-সুত হয় উমাকান্ত,
আশুতোষ তদনুজ বংশে অতি শান্ত।
বৃন্দাবন-সুত মতি, অশ্বিনী দ্বিতীয়,
পঞ্চানন বংশধর হয়েন তৃতীয়।
চন্দ্রমোহনের পুত্র অক্ষয় কুমার,
মহাকীর্ত্তিবন্ত হয় বিদিত সবার।
রামচন্দ্র-বংশধর শ্রীদ্বারিকানাথ,
রামবিষ্ণু-সুত দীন, অগ্রজ শ্রীনাথ।
আলোকের এক পুত্র অনন্ত সুজন,
রামচাঁদ বংশধর মহিমা গণন।

গৌরচন্দ্র গাঙ্গুলীর বৈকুণ্ঠ নন্দন,
পদ্মলোচনের পুত্র আনন্দমোহন।
রজনীনাথের সুত যামিনী, রমণী,
তরণী, অবনী আর কনিষ্ঠ রোহিণী।
দ্বারকানাথের পুত্র দীনেশ, সতীশ,
অতঃপর জনমিল ক্ষিতীশ, জ্যোতীশ।
শ্রীনাথের দুই পুত্র সারদা কনিষ্ঠ,
নন্দন উমাচরণ হয় তার জ্যেষ্ঠ।
দীননাথ-সুত হয় প্রমথ উত্তম,
বংশ মধ্যে হইয়াছে অতি বিজ্ঞতম।
রাধিকা, অনন্ত-সুত প্রথম নন্দন,
দ্বিতীয় মনোরঞ্জন বংশে শ্রেষ্ঠ হন।
নকুল, বৈকুণ্ঠ-সুত আর অনুকূল,
বিশুদ্ধচরিত্র হয়, শোভে দুই কুল।
আনন্দের বংশধর উমেশ, কৈলাস,
বর্ত্তমান সময়েতে আটকে নিবাস।
সতীশের ছয় সুত—অবনী, তরণী,
হরকান্ত, বাণীকান্ত, নলিনী, রমণী।
উমাচরণের পুত্র জ্ঞানেন্দ্র, ভূপেন্দ্র,
তদগ্রজ মন্মথ, কনিষ্ঠ খগেন্দ্র।
নলিনী সারদা-সুত পরে জগদিন্দ্র,
অতঃপর জনমিল জিতেন্দ্র, শৈলেন্দ্র।
প্রমথনাথের সুত নিখিল কুমার,
সুবোধ বালক বটে প্রিয় সবাকার।

নলচিরা বাসস্থান ইহাদের হয়,
পূর্ব্ব-পুরুষের বংশ সবে সুখে রয় ।

গ.° শ্রীকৃষ্ণ-সুত বলরাম বংশ ।

বলরাম-বংশধর হয় দশ জন,
শুকদেব, নন্দরাম, লক্ষ্মীনারায়ণ,
কালিকাপ্রসাদ পরে ধীর রামেশ্বর,
রাজেন্দ্র, জানকীরাম, আর গদাধর
অনুজ অনন্তরাম নবম তনয়,
দেবীপ্রসাদের জন্ম সর্ব্বশেষে হয় ।
কালিকাপ্রসাদ পুত্র অগ্রে বিশ্বপতি,
মুকুন্দ, বিনোদরাম, তর্কভূষণ হরি ।
অনন্তরামের সুত রামরাম জ্যেষ্ঠ,
পরাণ, গোবিন্দরাম, তৎপর কনিষ্ঠ ;
প্রাণবল্লভের পর রামগঙ্গা আর
বংশধর নরসিংহ কনিষ্ঠ কুমার ।
গোবিন্দ-সুত সন্তোষ আদি দশ জন,
রামরত্ন, জগন্নাথ, শিবনারায়ণ,
রামরুদ্র, রামহরি, চন্দ্রনারায়ণ,
চন্দ্র ও রামকিশোর, বাঞ্ছারাম হন ।
শুকদেব-পুত্র হয় রামকান্ত জ্যেষ্ঠ,
অতঃপর যাদুরাম হয়েন কনিষ্ঠ ।
রামেশ্বর সুত অষ্ট বিজয়নারায়ণ,
ভবানী, পুরুষোত্তম, কালাই, মোচন,

রামতনু, শিবগঙ্গা, কার্ত্তিক কনিষ্ঠ,
ভ্রাতৃগণ সবে হন সমাজেতে শ্রেষ্ঠ।
লক্ষ্মীনারায়ণ-সুত গোবিন্দ, শঙ্কর,
রামমোহন, রামজয়, পাচু, তৎপর।
নন্দরাম-বংশধর হয় পাঁচ জন,
রামসন্তোষের পর কানাই সুজন,
রামজয়, কৃষ্ণচন্দ্র অতি মহামতি,
রামরাজা মহামান্য সুবিদ্বান্ খ্যাতি।
রামচন্দ্রের পুত্র বটে হয় একজন,
বিখ্যাত আনন্দীরাম অতীব সুজন।

গাং শ্রীকৃষ্ণ-পুত্র রামদেব-সুত গঙ্গানারায়ণ বংশ।

গঙ্গানারায়ণ-সুত হন রামকান্ত,
রামনিধি, রমাকান্ত আর রাধাকান্ত।
রামকান্ত-বংশধর গোবিন্দপ্রসাদ,
অনুজ গোকুলচন্দ্র ও শিবপ্রসাদ।
রামনিধি গাঙ্গুলীর পঞ্চ পুত্র হয়,
কিঙ্কর, কালাই, কীর্ত্তি, গোপী, মৃত্যুঞ্জয়।
কিঙ্করের তিন পুত্র জয়চন্দ্র জ্যেষ্ঠ,
বৈদ্যনাথ, দেবনাথ তাহার কনিষ্ঠ।
দেবনাথ সধর্ম্মিণী রামদুর্গা নাম
তৎপুত্র দীননাথ অতি গুণধাম।

জয়চন্দ্র গাঙ্গুলীর এক কন্যা ছিল—
অন্নপূর্ণা গর্ভে চট্ট ঈশ্বর জন্মিল।
স্বর্গীয়া সাবিত্রী দেবী মহেশ-নন্দিনী,
দীননাথ গাঙ্গুলীর ছিলেন গৃহিণী।
দীননাথ-বংশধর শ্রীরাধাচরণ,
শ্রীরাসবিহারী হয় দ্বিতীয় নন্দন;
মনসাচরণ বলি সবলোকে জানে,
ব্রজকান্ত নাম ছিল অন্নারম্ভ দিনে।
রাধাচরণের সুত শ্রীমনোমোহন,
কালীবন্ধু, কৃষ্ণবন্ধু কনিষ্ঠ নন্দন।
রাসবিহারীর সুত হয় চারি জন,
শ্রীমনোরঞ্জন আর শ্রীরসরঞ্জন;
তৃতীয় তনয় হয় শ্রীভবরঞ্জন,
চতুর্থ কুমার নাম শ্রীশান্তিরঞ্জন।
মনোমোহনের সুত সতীশ, গোপাল,
কালীবন্ধু-সুত হয় খোকাই ভূপাল।

গাং গোবিন্দপ্রসাদ বংশ।

গোবিন্দের এক পুত্র যে রাম দুর্লভ
রাখি তিন বংশধর ত্যজিলেন ভব।
রাম দুর্লভের সুত হরচন্দ্র হন,
বালক, আনন্দচন্দ্র এই তিন জন।
বালক চন্দ্রের সুত রামবিষ্ণু গাঙ্গ,
আনন্দের পুত্র নাই কন্যার প্রসঙ্গ।

দিনমণি দেবী আর দক্ষিণা প্রথম,
তনয় অন্নদা, বন্দ্য বংশেতে জনম।
দিনমণি-সুতদ্বয় চট্ট গঙ্গা, শশী,
কাগুপাশা পরিহরি রঙ্গপুর বাসী।
কীৰ্ত্তিচন্দ্র-পুত্র হন প্রসিদ্ধ ভৈরব,
জ্ঞাতিগণ মধ্যে ছিল অতীব বিভব।
গোপীচন্দ্র-সুত নাম হয় ত্রিলোচন,
দ্বিতীয় পুত্রের নাম শ্রীকৃষ্ণমোহন।
কালাইর তিন সুত গোবিন্দ, বলাই,
বিষ্ণুচন্দ্র গাঙ্গুলীর বংশধর নাই।
মৃত্যুঞ্জয় গাঙ্গ-পুত্র গৌরচন্দ্র ছিল,
স্ত্রী বামাসুন্দরী রাখি স্বর্গে চলি গেল।
ত্রিলোচন গাঙ্গুলীর সুত রবি হন।
শ্রীকৃষ্ণমোহন সুত হয় পাঁচ জন—
অমর, মহিমা, মধু, গিরিশ, কৈলাস,
একক কৈলাস করে থানাবাড়ী বাস।
হরচন্দ্র-সুত হন প্রসন্নকুমার,
মুকুন্দ রবির পুত্র জ্ঞাত সবাকার।
মধুর কার্ত্তিক সুত; অমর নির্ব্বংশ, ;
রসিক, গিরিশ সুত; মহিমের ধ্বংস।
কৈলাসের তিন পুত্র বিহারী, হারাণ,
প্রথম পুত্রের নাম বরদা বাখান।
রামবিষ্ণু গাঙ্গুলীর সুত দুই জন,
গুরুপ্রসন্নের পর অনাথ সুজন।

প্রসন্নের পঞ্চ পুত্র দুর্গা, কুঞ্জনাথ,
রাজকুমার ও উমাকান্ত সখানাথ।
কার্ত্তিকের কালীপদ পুত্র এক জন।
গুরুপ্রসন্নের সুত হয় তিন জন—
নলিনী ও চন্দ্রকান্ত বাণীকান্ত হ'ন।
অনাথের এক পুত্র কালিদাস র'ন।
দুর্গাকুমারের সুত নরসিংহ নাম,
রাজকুমারের পুত্র হয় কোকারাম।
নলচিরা বাসস্থান ইহাদের হয়,
এক গ্রামবাসী ব'লে সদা সুখে রয়।

গাং শিবপ্রসাদ বংশ।

শিবপ্রসাদের সুত শম্ভুচন্দ্র নাম,
বসতি হিজলতলা অতি গুণধাম।
শম্ভুচন্দ্র-পুত্র দুই প্রসিদ্ধ ঈশ্বর,
দ্বিতীয় কুমার হয় নাম পীতাম্বর।
ঈশ্বর-অপত্য চন্দ্রকুমার অগ্রজ,
অতঃপর জনমিল কৈলাস অনুজ।
চন্দ্রকুমারের পুত্র বরদা, রমণী।
কৈলাসচন্দ্রের সুত চারি বলি গণি,—
নিশিকান্ত, কালীপদ, তৃতীয় যামিনী,
সুবোধ বালক বটে চতুর্থ কামিনী।
পীতাম্বর-পুত্র হয় রসিক সুজন,
আলোয়ার গ্রামে তার বাসের ভবন।

গাং গোকুল বংশ।

গোকুল-তনয় রামলোচন অগ্রজ,
অতঃপর জন্ম লয় গোপাল অনুজ।
গোপালের বংশধর কালাচাঁদ হন,
তৎ সুত গুরুনাথ, শ্রীনাথ দুজন।
রামলোচনের ব্রজমোহন নন্দন,
অনুজ তাহার হন মদনমোহন।
ব্রজমোহনের ক্ষেত্রমোহন তনয়,
তদনুজ বৃন্দাবন গাড়ুরিয়া রয়।

গাং বলরাম-পুত্র অনন্ত-সুত গোবিন্দ-অপত্য রামরত্ন বংশ।

রামরত্ন সুত শম্ভু। শম্ভুর নন্দন—
গোপীনাথ, হরচন্দ্র, স্বরূপ সুজন।
স্বরূপের চারি পুত্র মহেশ, মহিম,
শিশুকালে পরলোক কি দুঃখ অসীম;
কাশী ও ঈশানচন্দ্র দুই সহোদর,
বর্ত্তমান থাকি তারা হয় বংশধর।
কাশীর কুমার আশু নিঃসন্তান লয়,
ঈশানচন্দ্রের ছয় বংশধর হয়।
নিশি, বাণীকান্ত, চন্দ্রকুমার উমেশ,
অল্পকালে মারা যায় শশী ও যোগেশ।
চন্দ্রকুমারের সুত হয় কৃষ্ণকান্ত,
অগ্রজ করুণাকান্ত, ছোট লক্ষ্মীকান্ত।

নিশিকান্ত-সুত হয় শ্রীমনোরঞ্জন,
শ্রীফণীন্দ্রলাল বলি ডাকে সবজন।
বাণীকান্ত বংশধর শ্রীজিতেন্দ্রলাল।
করুণাকান্তের সুত হয় মতিলাল।
গৌরীনাথ-সুত তিন রসিক অনুজ,
রজনী মধ্যম, উমাচরণ অগ্রজ।
উমাচরণের পুত্র হয় তিন জন,
রমেশ, দীনেশ আর অগ্রে নিবারণ।
রজনীর তিন সুত বনমালী বড়,
রামনারায়ণ, আর প্রতাপ সোদর।
নিবারণচন্দ্র সুত হয় চারি জন,
নরেশ, সতীশ, রাহু, শ্রীচতুরানন।
রামনারায়ণ-সুত প্রিয়নাথ হন,
কালীরঞ্জন, অবনী, লক্ষ্মীনারায়ণ।
প্রতাপের তিন পুত্র প্যারীলাল জ্যেষ্ঠ,
মধ্যম ব্রজেন্দ্রলাল কেশব কনিষ্ঠ।
দীনেশ-তনয় হয় অক্ষয়কুমার,
নলচিরা বাসস্থান বটে এ সবার।
হরচন্দ্র সুত রামদয়াল সুজন,
তৎ-সুত রামচন্দ্র (সিদ্ধ পঞ্চানন)।
রামচন্দ্র সুত হয় শ্রীহরিচরণ,
শ্রীলালমোহন আর ; ষোলনায় র'ন।

গাং শ্রীকৃষ্ণ-পুত্র রামদেব-সুত সুধারাম বংশ।

সুধারাম-সুত হয় শ্যাম, চন্দ্রচূড়,
রাজারাম, রামদাস, সম্মান প্রচুর।
শ্যামসুন্দরের সুত রত্নপ্রিয় হ'ল
রত্নপ্রিয় বংশধর ঈশ্বর জন্মিল।
ঈশ্বরচন্দ্রের সুত হল দুই জন,
তারামোহনের পর শ্রীকালীমোহন।
তারামোহনের পুত্র শ্রীপ্যারীমোহন;
তাহার অনুজ হয় ললিতমোহন।
কালীমোহনের সুত অশ্বিনীকুমার,
বাসস্থান টৈগলা গ্রাম জ্ঞাত সবাকার।

গাং বলরাম-পুত্র অনন্ত-সুত গোবিন্দ-অপত্য চন্দ্রনারায়ণ বংশ।

চন্দ্রনারায়ণ-সুত হৃদয়, উদয়।
হৃদয়কৃষ্ণের পুত্র কালাচাঁদ হয়।
কালাচাঁদ সুত দুই কাশীচন্দ্র জ্যেষ্ঠ,
সহোদর হয় উমাচরণ কনিষ্ঠ।
কাশী-সুত শ্রীচরণ, অম্বিকাচরণ।
অম্বিকার বংশধর হয় চারি জন—
গোপাল, মাখমলাল, জ্যেষ্ঠ মতিলাল
তাহার কনিষ্ঠ হয় নাম হীরালাল।

উমাচরণের সুত অনাথ সুজন,
শরৎ, ঠাকুরচাঁদ নগচিরা র'ন।

গাং বলরাম-পুত্র অনন্তরাম-সুত রামরাম বংশ।

রামরাম পুত্র গঙ্গাপ্রসাদ সুজন,
তাহার ঔরসে কৃষ্ণমঙ্গল নন্দন।
কৃষ্ণমঙ্গলের সুত গৌর, বৃন্দাবন।
গৌরমোহনের পুত্র পূর্ণচন্দ্র হন।
পূর্ণের কুমার তিন অক্ষয় বড়,
অতুল ও অনুরাগ আছে রঙ্গপুর।
বৃন্দাবনের কুমার বনমালী হয়,
উজিরপুরেতে এবে বসতি করয়।

গাং বলরাম পুত্র অনন্ত-সুত গোবিন্দ অপত্য রামহরি বংশ।

রামহরি সুত রামদুলাল জন্মিল;
দীননাথ, সীতানাথ তৎপুত্র ছিল।
দীন-সুত অনুকূল অগ্রজ অশ্বিনী।
সীতার গোপাল পুত্র চন্দ্রহারে জানি

গাং বলরাম-পুত্র রামেশ্বর-সুত রামতনু বংশ।

রামতনু-সুত তিন নবকৃষ্ণ জ্যেষ্ঠ,
রামমাণিক্য ও ব্রজমোহন কনিষ্ঠ।

নবকৃষ্ণ-সুত কালীমোহন গরীষ্ঠ,
তৎ সুত পাঁচ জন হয় অতি শ্রেষ্ঠ।
সীতানাথ, কুলচন্দ্র অগ্রে শশিকান্ত,
তৎপর জনমিল জানকী বসন্ত।
রামমাণিক্যের সুত হয় দুই জন,
কালীকুমারের পর প্রসন্ন নন্দন।
কালীকুমারের সুত শ্রীমধুসূদন।
মধুর তনয় হয় দীনেশ সুজন।
প্রসন্নের বংশধর দেবেন্দ্র, রাজেন্দ্র,
তৎপর জনমিল কুমার মহেন্দ্র।
ব্রজমোহনের সুত হয় গৌরচন্দ্র,
তৎ সুত বিশ্বেশ্বর বড় রামচন্দ্র।
রামচন্দ্র সুত হয় গোপাল, রমেশ,
তাহাদের বাসস্থান তারাকুপি দেশ।

গাং বলরাম পুত্র কালিকা-সুত
বিনোদ-অপত্য কালাচাঁদ বংশ।

কালাচাঁদ বংশধর ধর্মচন্দ্র নাম,
বংশ মধ্যে হন তিনি অতি গুণধাম,
ধর্মচন্দ্র বংশধর লোকনাথ হ'ন
লোকনাথ সুত হ'ন শ্রীচন্দ্রমোহন,
চন্দ্রমোহনের সুত অশ্বিনীকুমার,
বসতি কলসকাঠী জ্ঞাত সবাকার।

গাং বলরাম-পুত্র অনন্ত-সুত গোবিন্দ-অপত্য জগন্নাথ বংশ।৮

জগন্নাথ বংশধর মুলুকচাঁদ হ'ন।
তাহার তনয় চন্দ্রমোহন সুজন।
চন্দ্রমোহনের সুত হয় তিন জন,
কৃষ্ণবন্ধু, নীলরত্ন, শ্রীগঙ্গাচরণ।
গঙ্গাচরণের পুত্র তমালবিহারী।
নীল-সুত পঞ্চানন, দুলাই, ভেকরী,
কৃষ্ণবন্ধু সুত হয় রোহিণীকুমার,
মতি, রামলাল, বড় অগ্রজ সবার।
শ্রীনন্দদুলাল সর্ব্ব কনিষ্ঠ তনয়,
পরিবার সহসবে কাশীপুর রয়।

বলরাম-সুত শুকদেব বংশ।

শুকদেব বংশধর যাদুরাম বড়,
অতঃপর রামকান্ত জন্মে সহোদর।
যাদুরাম সুত হয় তিন বিজ্ঞবর,
রামবিষ্ণু, কৃষ্ণদাস, গোকুল উত্তর।
রামবিষ্ণু পুত্র বটে হয় তিন জন,
রূপ ও ভৈরবচন্দ্র ও গঙ্গাজীবন।
ভৈরবচন্দ্রের সুত পার্ব্বতীচরণ,
নীলকমলের পর জগতমোহন,
কালীকুমারের জন্ম সর্ব্বশেষ হয়,
খুলনা-মঘিয়া গ্রামে বসতি করয়।

গাং বলরাম-পুত্র কালিকা-সুত,
বিনোদ-অপত্য নন্দকিশোর বংশ।

নন্দকিশোরের সুত ধর্ম্মনারায়ণ।
ধর্ম্মনারায়ণ-সুত হয় দুই জন—
আলোক, গোলোকচন্দ্র দুই সহোদর।
আলোকের বংশধর তিন বিজ্ঞবর—
বৈকুণ্ঠ, প্রসন্নচন্দ্র, শ্রীমণিমোহন।
গোলোকচন্দ্রের হয় কৈলাস নন্দন।
প্রসন্নের সুত তিন উপেন্দ্র অগ্রজ,
অতঃপর আশুতোষ, সতীশ অনুজ।
মণিমোহনের সুত বসন্ত, দীনেশ,
সর্ব্বাগ্রজ হরেশ্বর গাকুড়িয়া দেশ।
উপেন্দ্রনাথের হয় রাজেন্দ্র নন্দন,
বালক সুবোধ বটে অতি সুলক্ষণ।

গাং বলরাম-পুত্র লক্ষ্মী-সুত
রামমোহন বংশ।

রামমোহনের সুত রাধাকৃষ্ণ হয়,
কাশীশ্বর, বৈদ্যনাথ, কেবল, উদয়,
রাজচন্দ্র, কৃষ্ণহরি, কৃষ্ণনারায়ণ,
রামনাথ, ভোলানাথ, কমলা সুজন,
কাশীনাথ, বেচারাম ও কালীকুমার,
রামসুন্দরের পরে সনদকুমার।

রাধা-সুত কীর্ত্তিচন্দ্র, রামচাঁদ বড়,
কীর্ত্তি-সুত রামধন হয় অতঃপর।
রামধন-সুত জ্যেষ্ঠ বিশ্বেশ্বর হয়,
অন্নদা, সারদা তিন স্নানপাশা রয়।
বিশ্বেশ্বর-পুত্র বটে হয় চারি জন,
শরৎ, নবীনচন্দ্র, হরি, নিবারণ।
রামচাঁদ-সুত নন্দকুমার সুমতি;
তাহার রাখালচন্দ্র একই সন্ততি;
রাখালচন্দ্রের সুত অনুকূল বড়,
অনুজ নকুলচন্দ্র আছে রসুলপুরে।
বৈদ্যনাথ-বংশধর হয় তিন জন,—
গৌরীনাথ, হরনাথ, শিবনাথ হন।
গৌরীনাথ-সুত হয় প্রসিদ্ধ অভয়;
তৎসুত নতি, পাচু হরিপুরে রয়।
হরনাথ-সুত হয় শ্রীচন্দ্রকুমার।
চন্দ্রকুমারের পুত্র দেবেন্দ্রকুমার,
যোগেন্দ্রকুমার, পরে বিশ্বেশ্বর হয়,
ইঁহাদের বাসস্থান গৈলা গ্রামে রয়।
শিবনাথে বংশধর হয় তিন জন,
অন্নদা, সারদা, উমাচরণ নন্দন।
উমাচরণের সুত চারিজন হ'ল,
রাজেশ্বর, দুঃখীরাম, পুঁটি, অনুকূল।
বসতি মাইজপাড়া ঘটকের বাড়ী,
পালন করেন তারা পুনর্ভঙ্গ করি।

কাশীনাথ-সুত শিব; ভোলার দু সুত—
রাধানাথ, পরে রামকুমার আগত।
রামকুমারের সুত সারদা, কৈলাস,
অনুজ নবীনচন্দ্র আদাবাড়ী বাস।
কাশীশ্বর-বংশধর শিবচন্দ্র হন;
শিবের তনয় কালীপ্রসন্ন গণন,
মধ্যম যোগেন্দ্রনাথ মহেন্দ্র কনিষ্ঠ;
বসতি ইদিলপুর হয়েন গরিষ্ঠ।
উদয় চাঁদের সুত হয় একজন,
সুপ্রসিদ্ধ বটে রবিলোচন নন্দন।
রবি সুত কাশীচন্দ্র, মণিচন্দ্র হয়।
মণি-সুত রামচন্দ্র ভূমে জন্ম লয়।
রামচন্দ্র সুত হয় নাম বিশ্বেশ্বর।
কাশীচন্দ্র পুত্র হয় দুই সহোদর—
গোবিন্দের পর উমাচরণ নন্দন।
গোবিন্দচন্দ্রের সুত হয় চারি জন—
নিবারণ, হরলাল, অন্নদাচরণ,
অনুজ বিহারীলাল তারাকুণ্ডী র'ন।

শাং বলরাম-পুত্র শুকদেব-সুত
রামকান্ত বংশ।

রামকান্ত বংশধর রামনারায়ণ,
তদনুজ রাজকৃষ্ণ অতি বিচক্ষণ।
রাজনারায়ণ-সুত ফটিক সুজন;
তাহার তনয় দীনচন্দ্র ও মদন।

বদনচন্দ্রের সুত শ্রীচিন্তাহরণ,
পাকুড়িয়া বাসস্থান জ্ঞাত সব জন।
রাজকৃষ্ণ-পুত্র হয় রামমণি নাম,
বাগধায় বাসস্থান বটে গুণধাম।
রামমণি-সুত দুই স্বরূপ, জগৎ;
জগৎচন্দ্রের সুত মহিমা মহৎ।
মহিমাচন্দ্রের হয় হেরম্ব নন্দন;
হেরম্বর-বংশধর ধূর্জ্জটি সুজন।
স্বরূপচন্দ্রের সুত হয় চন্দ্রকান্ত,
অগ্রজ কৈলাসচন্দ্র বটে অতি শান্ত।
কৈলাস-তনয় মধু শ্রীমনোরঞ্জন।
চন্দ্রকান্ত-বংশধর হয় নিবারণ।

গাং বলরাম-পুত্র, রামেশ্বর-সুত

ভবানী বংশ।

ভবানীপ্রসাদ-সুত হয় তিন জন,—
রামমাণিক্য ও রামদুর্ল্লভ নন্দন,
তদনুজ রূপচন্দ্র বংশধর হ'ন।
রামমাণিক্যের সুত হয় সনাতন।
সনাতন সুত হয় মহিমা সুজন
মহিমাচন্দ্রের সুত দীনবন্ধু হন।
দীনবন্ধু-সুত হয় শীতল, যোগেশ,
প্রতাপ বসন্ত করে কনিষ্ঠ উমেশ।

রামদুর্লভের সুত মদনমোহন,
তাহার তনয় দুই শ্রীশ্যামাচরণ,
তদঙ্গজ হয় সূর্য্যকুমার তনয়,
বৈভদ্রুদি বাসস্থান তাহাদের হয়।

গাং বলরাম-পুত্র অনন্ত-সুত
গোবিন্দ-অপত্য রামকিশোর বংশ।

রামকিশোরের সুত হয় দুইজন,
রামলোচনের পর জয়চন্দ্র হন।
জয়চন্দ্র বংশধর কানাই সুজন,
রামকানাইর সুত হয় তিন জন,
রামচন্দ্র ও শ্রীনাথ, কাশীনাথ হয়।
রামচন্দ্র-সুত হয় কালী, রাস দ্বয়।
কালীপ্রসন্নের সুত শ্রীরাসবিহারী,
বর্ত্তমান কালে তার বাগধায় বাড়ী।
রাসবিহারীর সুত অগ্রজ হরেন্দ্র,
অতঃপর জনমিল কুমার নগেন্দ্র।
কাশীনাথ-বংশধর শ্রীকালীকুমার,
বসতি কুটকস্থল জ্ঞাত সবাকার।

গাং রামলোচন বংশ।

রামলোচনের পুত্র হয় তিন জন,—
নবকৃষ্ণ, গৌরচন্দ্র, সূর্য্যনারায়ণ।
নবকৃষ্ণ-বংশধর ভগবান নাম,
পরিবার সহ তিনি যান কাশীধাম।

সূর্য্যনারায়ণ-সুত কৃষ্ণনারায়ণ,
অনুজ নবীনচন্দ্র বংশধর হ'ন।
কৃষ্ণ-সুত কালীকান্ত বংশধর সহ হয়;
নবীন চন্দ্রের সুত তিন মহোদয়,—
রাখাল, বিনোদলাল, ছকড়ি আর,
নলচিরা করে বাস বিদিত সবার।

গাং শ্রীকৃষ্ণ-সুত শিবরাম বংশ।

শিবরাম বংশধর হয় পাঁচ জন,
আত্মারাম, বিষ্ণুরাম, নিধিরাম হ'ন;
চিন্তামণি, পরে রামনীত [illegible];
বংশধরগণ সব [illegible] রয়।
রামনীতের সুত আদি গোপালরাম,
লক্ষ্মীনারায়ণ, পরে রাম[illegible] নাম,
জয়নারায়ণ পরে রূপচন্দ্র ছিল।
রামানন্দ-সুত কৃষ্ণ, ভবানী জন্মান।
কৃষ্ণচন্দ্র বংশধর হয় দুই জন,
মাধবচন্দ্রের পর শম্ভুনাথ হ'ন;
শম্ভুনাথ-সুত রামকানাই সুজন,
রামকানাইর সুত পূর্ণচন্দ্র হন।
পূর্ণচন্দ্র-বংশধর হয় তিন জন,
কুঞ্জলাল, মতিলাল, বিহারী নন্দন।
কুঞ্জলাল-বংশধর দুইজন হয়,
হেম ও মাখমলাল আমগাও রয়।

সোণারাম-সুত হয় নাম রামজয়।
রামজয়-বংশধর চারিজন হয়—
নিত্যানন্দ, হরিশ্চন্দ্র, জগতমোহন,
অতঃপর হয় ব্রজমোহন নন্দন।
হরিশ্চন্দ্র-বংশধর জগচ্চন্দ্র হয়;
জগতের বংশধর প্রহ্লাদ তনয়।
প্রহ্লাদ তনয় আশু, শ্রীরাসবিহারী;
ইহাদের সকলের বাকুপুর বাড়ী।
জয়নারায়ণ-পুত্র চন্দ্রনারায়ণ,
তৎপর রামরত্ন অতি বিচক্ষণ।
লক্ষ্মীনারায়ণ-সুত চাঁদ, কালাচাঁদ,
কনিষ্ঠ অভয়রাম দশনে সুছাঁদ।
আত্মারাম-সুত হয় ভুবনমোহন,
রাজবল্লভের পরে নবনারায়ণ।
দিনমণি-পুত্র বটে রাম-হরি হর,
রামরুদ্র, পরে শ্যামসুন্দর নন্দন।
রামহরি সুত চাঁদ, এক পুত্র রয়,
শ্যাম-সুত যুগল ও রাধানাথ হয়।
রামরুদ্র সুত হয় রাম, রবি, পদ্ম,
এ তিনে লোচন যোগ করিবেক নিত্য,
চতুর্থ তিলকচন্দ্র হয়েন সন্তান।
রামগোবিন্দের সুত কেশব, পরাণ,
রুদ্ররাম, আত্মারাম বংশধর রয়,
আমগাও বাসস্থান ইহাদের হয়।

রাম কেশবের পুত্র কৃষ্ণদেব বড়,
হরিদেব, নন্দরাম হয় অতঃপর।
কৃষ্ণদেব-পুত্র ছিল যে বিজয়রাম,
হরিদেব-সুত হয় গোপাল সুনাম।
নন্দরাম-বংশধর গোপাল অগ্রজ,
অতঃপর রামরত্ন তাহার অনুজ।
কৃপারাম-বংশধর হয় রামরাম,
রতিরাম, রামদাস কাশী, ঘনশ্যাম।
আত্মারাম সুত তিন রামরাম বড়,
কৃষ্ণরাম, যাদুরাম ক্রমে অতঃপর।
পরাণ-তনয় হন বান্ধব অগ্রজ,
অতঃপর কৃষ্ণদাস তাহার অনুজ।

গাং শিবরাম-পুত্র রামবল্লভ-
সুত সোণারাম বংশ,

সোণারাম বংশধর রূপচন্দ্র জ্যেষ্ঠ,
অতঃপর রামজয় তাহার কনিষ্ঠ।
রূপের কমলাকান্ত প্রথম তনয়,
অনুজ রামমানিক্য পরে জন্ম লয়।
কমলাকান্তের সুত কালাচাঁদ বড়,
কনিষ্ঠ জগৎবন্ধু হয় অতঃপর।
কালাচাঁদ-বংশধর রজনী নন্দন ;
রজনীর তিন পুত্র শ্রীচিন্তাহরণ,
মধুসূদনের পর আর বৃন্দাবন,
বাগধা গ্রামেতে এরা করেন যাপন।

রামমাণিক্যের সুত চারি জন হয়,
ব্রজ, রাধা, কৃষ্ণ আর ঈশ্বর তনয়।
ঈশ্বর চন্দ্রের সুত শ্রীচন্দ্রকুমার,
বসতি দেহেরগতি বিদিত সবার।

গাং শিবরাম-পুত্র বল্লভ-সুত
রামানন্দ-অপত্য ভবানী-বংশ

ভবানীপ্রসাদ-সুত শিবনারায়ণ,
তৎসুত কালাচাঁদ, ভগবান হন,
ভৈরবচন্দ্রের পর জনমে উদয়।
ভৈরব চন্দ্রের সুত দুইজন হয়,
গিরিশের পর দুর্গাচরণ নন্দন,
বসতি কচুয়াকাঠি জানে সব জন।

গাং শিবরাম-পুত্র
বল্লভ-সুত জয়নারায়ণ বংশ।

জয়নারায়ণ-সুত রাজনারায়ণ,
তাহার তনয় বটে হয় পঞ্চজন,
মহেশ, ভৈরবচন্দ্র, তৃতীয় ভরত,
বিষ্ণুচন্দ্র, অতঃপর, অনুজ জগৎ।
ভৈরবচন্দ্রের সুত গোলোক সুশান্ত;
গোলোকের পুত্র হয় অশ্বিনী, বসন্ত।
বসন্তের জ্যেষ্ঠ পুত্র হয় উমাকান্ত,
অতঃপর নীলকান্ত, ছোট কালীকান্ত।

অশ্বিনী-তনয় হয় বিনোদবিহারী,
প্রসিদ্ধ বানরিপাড়া গ্রামে বটে বাড়ী।
মহেশচন্দ্রের সুত কৈলাস অগ্রজ,
দ্বিতীয় ঈশানচন্দ্র তাহার অনুজ।
ঈশানচন্দ্রের হয় উমেশ তনয়;
উমেশচন্দ্রের সুত বেচারাম হয়।

গাং শ্রীকৃষ্ণ-পুত্র রামগোবিন্দ বংশ।

রামগোবিন্দের সুত হয় পাঁচ জন,
রামকেশবের পর আত্মারাম হন,
রাধাবল্লভের পর রুদ্রর'ম হয়,
অনুজ রাজবল্লভ পরে জন্ম লয়।
রামকেশবের সুত হয় তিন জন,
কৃষ্ণদেব, হরিদেব, নন্দরাম হন।
কালিকাপ্রসাদ, কৃষ্ণদেব-সুত হন,
কালিকাপ্রসাদ সুত কুলচন্দ্র র'ন।
কুলচন্দ্র-বংশধর হয় পাঁচ জন,
মাধব, তিলকচন্দ্র, গৌরচন্দ্র হন,
আর রত্ন হয় প্রাণবল্লভ নন্দন,
তদগ্রজ হন রামকানাই সুজন।
তিলকচন্দ্রের সুত শ্রীনাথ অগ্রজ;
তৎপর জনমিল জগৎ অনুজ,
জগচ্চন্দ্র-সুত চারি রোহিণী, মাখন,
বঙ্কিম, প্রফুল্ল শেষ লভয়ে জনম।

রোহিণীর দুই সুত কালীপদ জ্যেষ্ঠ,
দ্বিতীয় ধীরেন্দ্র বটে তাহার কনিষ্ঠ।
মাখমলালের ননিগোপাল তনয়,
কাগদি নামক গ্রাম বাসস্থান হয়।

গাং বলরাম পুত্র
অনন্ত-সুত রামগঙ্গা বংশ।

রামগঙ্গা-বংশধর রামচন্দ্র হন,
অতঃপর হয় রামসুন্দর নন্দন।
তাহার তনয় রামলোচন সুমতি,
তারিণীশঙ্কর হন তাঁহার সন্তাতি।
তারিণীশঙ্কর-সুত জানকী সুজন,
জানকীনাথের সুত হয় তিন জন—
কেদার, বিনোদলাল, নীলকণ্ঠ আর,
বসতি কলসকাঠী বিদিত সবার।

গাং বলরাম-পুত্র অনন্ত-সুত
গোবিন্দ-অপত্য রামকিশোর পুত্র
জয়চন্দ্র বংশ।

জয়চন্দ্র-সুত কুল, ভৈরব অগ্রজ,
অতঃপর শম্ভুচন্দ্র হয় তদনুজ।
শম্ভুচন্দ্র-বংশধর কালীকৃষ্ণ ছিল,
কালীর অনুজ রামকুমার জন্মিল।

কালীকৃষ্ণ হ'তে রামচরণ সন্তান,
প্রসিদ্ধ গোলকগ্রামে হয় বাসস্থান।

গাং বলরাম পুত্র অনন্ত-সুত
গোবিন্দ-অপত্য চন্দ্রনারায়ণ বংশ।

চন্দ্রনারায়ণ-সুত ছিলেন কিঙ্কর;
জয় কিঙ্করের সুত হরেকৃষ্ণ বড়,
অনুজ কমলাকান্ত অতঃপর হন;
হরেকৃষ্ণ হ'তে দুর্গাচরণ নন্দন,
অনন্তর হয় শিবচরণ সুজন।
কমলাকান্তের সুত হয় তিন জন,
চণ্ডীচরণের পর সত্য, রাই নাম,
প্রসিদ্ধ খলিশাকোটা তাহাদের ধাম।

গাং বলরাম-পুত্র কালিকা-সুত
বিষ্ণু-অপত্য উদয় বংশ।

উদয়চাঁদের পুত্র জগবন্ধু ছিল;
তাহার তনয় চারি জনম লভিল—
হরমোহনের পর চন্দ্রকান্ত হ'ল,
শরৎ, রাজেন্দ্রলাল, মনোহর র'ল।
হরমোহনের হরবিলাস তনয়;
হরবিলাসের সুত হরিপদ হয়।
চন্দ্রকান্ত-বংশধর গোবিন্দ অগ্রজ,
অভিলাষচন্দ্র হয় তাহার অনুজ।

রাজেন্দ্রলালের পুত্র ব্রজেন্দ্র, যতীন্দ্র,
ইহাদের সহোদর ধীরেন্দ্র, মুনীন্দ্র ;
কলিকাতা নগরীতে বাসস্থান হয়,
উদয় বংশের বটে এই পরিচয়।

গাং বলরাম-পুত্র অনন্ত সুত
গোবিন্দ-অপত্য বাঞ্ছারাম বংশ।

বাঞ্ছারাম-সুত বটে রাধাকান্ত হয়,
তৎসুত পূর্ণচন্দ্র জনম লভয়।
পূর্ণচন্দ্র-বংশধর যদুনাথ হ'ল,
মানপাশা গ্রাম মাঝে বাসস্থান র'ল।

গাং বলরাম-পুত্র অনন্ত-সুত
গোবিন্দ অপত্য শিবনারায়ণ বংশ।

শিবনারায়ণ-সুত হ'ল ত্রিলোচন;
ত্রিলোচন-পুত্র বটে বিশ্বনাথ হন।
বিশ্বনাথ-সুত কালী প্রসন্ন কুমার,
কালী-সুত আশুতোষ বিদিত সবার,
সোদর সারদাকান্ত, শ্রীকান্ত তনয়,
বসতি সাওরা গ্রামে ইহাদের হয়।

গাং বলরাম-পুত্র অনন্ত-সুত
গোবিন্দ-অপত্য রামকিশোর বংশ।

রামকিশোরের পুত্র জয়চন্দ্র হন,
জয়চন্দ্র-পুত্র বটে নিমচাঁদ র'ন।

নিমচাঁদ-বংশধর কুলচন্দ্র নাম ;
তৎসুত তিন জন কাশীপুর ধাম—
অম্বিকাচরণ, শ্যামাচরণ নন্দন,
তদনুজ হয় নাম শ্রীদুর্গাচরণ।

গাং বলরাম-পুত্র কালিকা-সুত

বিনোদ বংশ।

বিনোদরামের সুত হয় নয় জন,
রঘুনাথ, রামরাম আর জনার্দ্দন।
জগন্নাথ, পরে রামসুন্দর তনয়,
বিজয়রাম ও রামলোচন বলয়,
নন্দকিশোর ও চন্দ্রকিশোর নন্দন,
নন্দকিশোরের সুত গোবিন্দ, মদন।
মদনমোহন-সুত হয় পাঁচ জন,
তারক, গিরিশ, পূর্ণ, অন্নদাচরণ,
অতঃপর জনমিল অম্বিকাচরণ।
খলিশাকোটায় হয় বাসের ভবন

গাং বলরাম-পুত্র জানকী বংশ।

জানকীরামের পুত্র শিবচন্দ্র হন,
শিবচন্দ্র হ'তে বেণী, যাদব নন্দন।
বেণীমাধবের সুত হয় পাঁচ জন।
বিনোদবিহারী আর নীলমণি হন ;

কুমার দ্বারকানাথ ও আনন্দলাল,
অতঃপর জনমিল আর মতিলাল।
দ্বারকানাথের পুত্র শ্রীরাম অগ্রজ,
অতঃপর শ্রীকুমার তাহার অনুজ।
নীলমণি-বংশধর প্রিয়নাথ হন ;
মতিলাল-পুত্র হয় ভূপেন্দ্র সুজন,
আরো জন্মে কালিদাস, হীরেন্দ্র তনয়।
অনন্তলালের পুত্র চারিজন হয়—
শ্রীপতি, অতুলপতি ও প্রতুলপতি,
হরিদাস খ্যাতাপন্ন নামে শচীপতি।
বিনোদবিহারী-সুত হয় দুই জন,
সঞ্জীবন, শরদিন্দু কলিকাতা র'ন।

গাং বলরাম—পুত্র অনন্ত-সুত
প্রাণবল্লভ বংশ।

প্রাণবল্লভের সুত হয় পাঁচ জন,
জগন্নাথ, সদানন্দ, রামহরি হন,
তদনুজ হয় দেবীপ্রসাদ নন্দন,
সর্ব্বাগ্রজ বটে গঙ্গাপ্রসাদ সুজন।
দেবীপ্রসাদের সুত হয় তিন জন,
লক্ষ্মীকান্ত, কালাচাঁদ দ্বিতীয় নন্দন ;
সর্ব্বশেষে জন্মে রামদুর্লভ নন্দন।
সদানন্দ-পুত্র হয় শিবনারায়ণ,
অতঃপর হয় কৃষ্ণগোবিন্দ সুজন,
সবানুজ বটে রামসুন্দর নন্দন।

গাং বলরাম-পুত্র রাজেন্দ্র-সুত
আনন্দীরাম বংশ।

আনন্দীরামের সুত হয় ছয় জন,—
রামরত্ন, মনোহর, জয়নারায়ণ,
রামশঙ্করের পর মাধব নন্দন,
তদনুজ হয় রামলোচন সুজন;
রামলোচনের পুত্র দুই জন হয়,
বিশ্বেশ্বর, পীতাম্বর সহোদরদ্বয়;

গাং বলরাম-পুত্র কালিকা-সুত
বিষ্ণুহরি বংশ।

বৈদ্যনাথ, শম্ভুনাথ, মাণিক কনিষ্ঠ,
তনয় উদয়চাঁদ হয়েন গরিষ্ঠ।
উদয়চাঁদের হয় রাজেন্দ্র নন্দন,
শিবচন্দ্র, জগবন্ধু অতঃপর হন;
কালীশঙ্করের পর অনুজ ঈশ্বর,
সর্ব্বাগ্রজ বংশধর ভবানীশঙ্কর;
ভবানীশঙ্কর-সুত হয় একজন,
প্রসিদ্ধ তাহার নাম অভয়াচরণ।

গাং বলরাম-পুত্র অনন্ত-সুত
গোবিন্দ-অপত্য চন্দ্রশেখর বংশ।

চন্দ্রশেখরের সুত রাজকৃষ্ণ হন,
তদনুজ রঘুমণি দ্বিতীয় নন্দন।

রাজকৃষ্ণ-বংশধর বৈদ্যনাথ হয়,
অতঃপর জন্মে গঙ্গাপ্রসাদ তনয়।
গঙ্গাপ্রসাদের পুত্র কমল অগ্রজ,
কুমার গোলোকচন্দ্র হয় তদনুজ।
কমলাকান্তের সুত সারদা অগ্রজ,
মধ্যম মথুরানাথ, নকুল অনুজ।
সারদার সুত বটে শ্রীরাইচরণ,
শ্রীউমাচরণ আর অনুকূল হন।
মথুরানাথের কালু, জানকী নন্দন,
নকুলের সুত বিধু কলসকাঠী রত্ন।

গাং বলরাম-পুত্র অনন্ত-সুত রামগঙ্গা বংশ।

রামগঙ্গা-বংশধর রামরুদ্র হন।
রামরুদ্র-পুত্র বটে হয় তিনজন,—
সদানন্দ, রামানন্দ, রামরত্ন হন,
রামরত্ন হ'তে নীলকমল নন্দন।

গাং বলরাম-পুত্র অনন্ত-সুত গোবিন্দ-অপত্য রামরত্ন বংশ।

রামরত্ন-বংশধর হয় পাঁচজন,
শিবচন্দ্র, রূপচন্দ্র, কীর্ত্তিনারায়ণ,
উত্তর তিলুকচন্দ্র, শম্ভু অবরজ।
শিবচন্দ্র-সুত হয় কমল অগ্রজ,

রামকুমারের পরে কাশীনাথ হয়,
গোলোক, উদয়চাঁদ পরে জন্ম লয়।
কীর্ত্তিনারায়ণ সুত বেচারাম হন,
তৎসুত রামকৃষ্ণ ষোলনায় র'ন।
রামকুমারের কালীচরণ নন্দন;
তৎসুত দীনবন্ধু, পূর্ণচন্দ্র হন।
কার্ত্তিক, অখিলচন্দ্র, অশ্বিনী-নন্দন,
সর্ব্বশেষ জন্মে শ্যামাচরণ সুজন।
দীনবন্ধু বংশধর সীতানাথ হন;
রমণীরঞ্জন আর শ্রীমনোরঞ্জন।
কমলকৃষ্ণের সুত বনমালী বড়,
অনুজ মথুরানাথ হন অতঃপর।
প্রসন্ন মথুরা-সুত অসিতরঞ্জন;
এ'দের কলসকাঠী বাসের ভবন।
উদয়চাঁদের রামকানাই নন্দন।
রামকানাইর সুত হয় চারিজন,—
রামলোচনের পর কমল তনয়,
জানকী, ঈশ্বরচন্দ্র অতঃপর হয়।
রামকমলের সুত হয় দুইজন—
মোহনচন্দ্র ও দুর্গাপ্রসন্ন নন্দন।
মোহনচন্দ্রের পুত্র অগ্রজ গোপাল,
অতঃপর জনমিল অনুজ রাখাল।
গোপাল-তনয় হয় সুধাংশুকুমার,
গাড়ুরিয়া বাসস্থান বটে এ সবার।

ঈশ্বরচন্দ্রের চণ্ডীচরণ নন্দন,
অতঃপর নিত্যানন্দ সহোদর হন।
নিত্যানন্দ-বংশধর হয় নিবারণ,
তাহার অনুজ বটে নাম জনার্দ্দন।
আনন্দীরামের সুত হয় ছয়জন,
রামরত্ন, মনোহর, জয়নারায়ণ
রামলোচনের পর মাধব, কিঙ্কর।
রামলোচনের সুত দুই সহোদর—
বিশ্বেশ্বর হয় তার তনয় অগ্রজ,
অতঃপর পীতাম্বর তাহার অনুজ।

গাং বলরাম-পুত্র কালিকাপ্রসাদ-সুত
বিষ্ণুহরি বংশ।

বিষ্ণুহরি বংশধর উদয়চন্দ্র হন ;
রাজেন্দ্রকুমার হয় তাহার নন্দন।
রাজেন্দ্রকুমার-সুত কাশীচন্দ্র হয় ;
কালীকান্ত হয় বটে তাহার তনয়।
তাহার মাখনলাল একই সন্তান ;
গোবিন্দপুরেতে তার হয় বাসস্থান।

গাং বলরাম-পুত্র নন্দরাম বংশ।

নন্দরাম-বংশধর হয় পাঁচজন
কৃষ্ণচন্দ্র, রামরাজা, রামজয় হন,
অতঃপর হয় কালীচরণ নন্দন,
অবশেষে জন্ম লয় সন্তোষ সুজন।

কালিকাপ্রসাদ-সুত বিনোদ-অপত্য রামরাম বংশ।

রামরাম-সুত রামমাণিক্য সুজন,
রামমাণিক্যের সুত কালাচাঁদ হন।
তৎসুত দীননাথ ; দীন-সুত হয়—
লেঙ্গু ও কুমুদগন্ধ রাজাপুরে রয়।

গাং শ্রীকৃষ্ণ-সুত রামভদ্র বংশ।

রামভদ্র-বংশধর হয় তিন জন,
রামবল্লভের পর ইন্দ্রনারায়ণ,
তাহার অনুজ দুর্গাপ্রসাদ কুমার,
কলিকাতা বাসস্থান হয় এসবার।
ইন্দ্রনারায়ণ-সুত রামকান্ত হন,
লক্ষ্মীনারায়ণ পরে, রামনারায়ণ।
রামকান্ত-সুত হয় নিমানন্দ বড়,
অতঃপর গোরাচাঁদ হয় বংশধর।
নিমানন্দ-বংশধর হয় দুই জন,
ঈশ্বর, অনুজ নীলকমল নন্দন।
ঈশ্বরচন্দ্রের ছিল নবীন তনয়।
তনয় অমৃত, নীলকমলের হয়।
গোরাচাঁদ-সুত ষষ্ঠীচরণ সুজন।
ষষ্ঠীচরণের-সুত হয় দুইজন,
যোগেন্দ্রনাথের পরে দেবেন্দ্র তনয় ;
বিছালি নামক গ্রামে বসতি করয়।

রামনারায়ণ সুত তিন জন, শ্রেষ্ঠ
মহানন্দ, গঙ্গানন্দ, শ্রীমন্ত কনিষ্ঠ।
শ্রীমন্তের বংশধর হয় চারিজন,
ভূধরচন্দ্রের পর অম্বিকাচরণ,
অতঃপর হয় শ্যামাচরণ নন্দন,
চতুর্থ তনয় তার ভগবতী হন।
অম্বিকাচরণ-সুত কুমুদরঞ্জন,
প্রমথ, মন্মথনাথ অতঃপর হন।
ভগবতী-বংশধর শ্রীপ্রসাদ হন।
নলিন, পুলিন হয় ভূধর-নন্দন।
মহানন্দ-পুত্র হয় তারক, রজনী।
তারকচন্দ্রের সুত তিনজন জানি—
সারদাপ্রসাদ পরে ললিতমোহন,
অতঃপর আশুতোষ কনিষ্ঠ নন্দন।
রজনীকান্তের সুত বসন্তকুমার,
সহোদর হয় তার হেমন্তকুমার।
গঙ্গানন্দ-বংশধর শ্রীক্ষেত্রমোহন;
ক্ষেত্রমোহনের হয় শ্রীচারু নন্দন।

গা শ্রীকৃষ্ণ-পুত্র রামভদ্র-সুত

দুর্গাপ্রসাদ বংশ।

দুর্গাপ্রসাদের-সুত হয় পাঁচজন,
রামকৃষ্ণ, রাধাকৃষ্ণ, প্রাণকৃষ্ণ হন।

মুকুন্দরাম ও রামকিশোর নন্দন,
প্রাণকৃষ্ণ-সুত চণ্ডীচরণ সুজন।
তৎসুত বংশীধর বিদিত সবার;
বংশীধর-সুত হয় শ্রীসূর্য্যকুমার।
সূর্য্যকুমারের পুত্র হয় তিনজন,
কালিদাস ও যতীন্দ্র, ললিতমোহন।
চব্বিশপরগণা জিলা গৈপুর পল্লীতে,
ইহাদের বর্ত্তমান বাসস্থান তাতে।
মুকুন্দরাম—তনয় ভবানীচরণ,
তাহার অনুজ শ্যামসুন্দর নন্দন।

গাং শ্রীকৃষ্ণ-পুত্র রামদেব-সুত
সুধারাম-অপত্য চন্দ্রচূড় বংশ। ৮

চন্দ্রচূড়—বংশধর কেবল নন্দন;
কেবলকৃষ্ণের সুত হরচন্দ্র হন
হরচন্দ্র-বংশধর রাধানাথ হয়,
রাধানাথ গাঙ্গুলীর তিনটি তনয়—
কালীকান্ত, কাশীকান্ত, কৃষ্ণকান্ত গণি,
কালীকান্ত সুত হয় প্রমোদী, নলিনী।
কৃষ্ণকান্ত-পুত্র দুই অবনী, তরণী,
বাগী গ্রামে তাহাদের বাসস্থান জানি।

তৃতীয় অধ্যায়।

গাং রাঘব-তনয় রামচন্দ্র বংশ।

রামচন্দ্র-বংশধর হরিরাম হন,
দ্বিতীয় তনয় বটে রামনারায়ণ।

গাং হরিরাম বংশ।

হরিরাম ছয়পুত্রে হয়েন বিখ্যাত,
আত্মারাম, রত্নেশ্বর, রমাকান্ত-সুত,
সন্তোষ, রামজীবন ও রঘুনন্দন,
খরদহ মেলে তারা খ্যাতাপন্ন হন।
রামনারায়ণ-সুত হয় দুইজন,
গঙ্গারাম, রুদ্ররাম অতি বিচক্ষণ।

গাং হরিরাম-পুত্র আত্মারাম বংশ।

আত্মারাম-বংশধর হয় আটজন,
রাজারাম, নিধিরাম, ঘনশ্যাম হন,
শ্যামসুন্দরের পর দুর্গারাম হন,
মাণিক, অনন্তরাম, রামরাম র'ন।

গাং হরিরাম-পুত্র রত্নেশ্বর বংশ।

রত্নেশ্বর বংশধর তিনজন হয়,
রামেশ্বর, রাধাকান্ত, শ্রীরাম তনয়।

গাং হরিরাম-পুত্র রমাকান্ত বংশ।

রমাকান্ত-সুত অষ্ট হয় ঘনশ্যাম,
কৃষ্ণচন্দ্র, সুধারাম, আর রূপরাম,
সীতারাম, কাশীরাম বিনোদ, উদয়,
রমাকান্ত গাঙ্গুলীর হয়েন তনয়।

গাং হরি পুত্র রামজীবন বংশ।

রামজীবনের-পুত্র হয় পাঁচজন,
সদানন্দ আর রামপ্রসাদ, সুজন।
গোবিন্দপ্রসাদ, দেবীপ্রসাদ নন্দন,
বংশধর বটে শিবপ্রসাদ সুজন।

গাং হরি-পুত্র রঘুনন্দন বংশ।

রঘুনন্দনের-সুত জগন্নাথ বড়,
রাজবল্লভের জন্ম হয় অতঃপর।

গাং হরিরাম-পুত্র সন্তোষ বংশ।

সন্তোষের-সুত নন্দদুলাল সুজন,
কালাচাঁদ, রামরাম, বৈদ্যনাথ হন;
আনন্দীরামের পরে উদয়নারায়ণ,
আরও বিনোদরাম, সৃষ্টিধর হন।

গাং হরিরাম পুত্র আত্মারাম-সুত

শ্যামসুন্দর বংশ।

শ্যাম-সুত ছয়জন, রামজয় বড়,
রামকিশোরের পর শিবচন্দ্র আর;

কুমার গোকুল, কালীশঙ্কর, ভবানী,
কালীর প্রসিদ্ধ নাম নরসিংহ জানি।
১। রামজয় বংশধর হরচন্দ্র হন,
মাধব, তপস্যারাম, গঙ্গাগতি র'ন;
রত্নচাঁদ, তারাচাঁদ ও পদ্মলোচন,
কৃষ্ণচন্দ্র, রামরত্ন, গৌরকিশোর হন।
মাধব তনয় যাদু একজন হয়,
মহাবিজ্ঞ গুরুপদ তাহার তনয়।
তপস্যারামের সুত হয় চারিজন,
শ্রীনাথ ও দীননাথ, আধু, নাধু র'ন।
শ্রীনাথের, শরচ্চন্দ্র, কেদার নন্দন।
কৃষ্ণকিশোরের-সুত শ্রীনাথ সুজন
তাহার অনুজ প্যারীমোহন প্রবীণ।
বৈকুণ্ঠ, শ্রীনাথ-সুত গিরিশ, বিপিন।
প্যারীমোহনের-সুত রসিক প্রবর।
রামরত্ন-সুত কৃষ্ণচন্দ্র ও ঈশ্বর।
কৃষ্ণচন্দ্র-সুত মধু, গিরিশ, গণেশ,
বসতি বন্দরখোলা ইহাদের দেশ।
তারাচাঁদ—বংশধর জগন্নাথ হয়,
জগন্নাথ হ'তে হ'ল রজনী তনয়,
তাহার অনুজ কালী, রামচন্দ্র ছিল;
রামচন্দ্র—সুত চারি জনম লভিল,—
বিনোদ, বিহারীলাল, শ্রীহরিমোহন,
অনুজ গিরিশচন্দ্র অতঃপর হন।

বিহারীলালের-পুত্র দুই জন হয়—
বিরাজ, হেরম্বলাল কনিষ্ঠ তনয়।
বিহারী, বিপিন, কালীকুমার-তনয়।
রজনীকান্তের-সুত ছয় জন হয়—
নরেন্দ্র, প্রমথনাথ রমেশ, মণীন্দ্র,
মন্মথনাথের পরে জনমে বীরেন্দ্র।
পদ্মলোচনের-পুত্র রাজীবলোচন,
কালীপ্রসন্নের পর ভগবান হন।
রাজীবের হয় শ্যামাচরণ তনয়,
তাহাদের বাসস্থান সুলগ্রামে হয়।
কালীপ্রসন্নের হয় বৈকুণ্ঠ নন্দন,
ইছাপুরা গ্রামে তার বাসের ভবন।
হরচন্দ্র-বংশধর জগবন্ধু হন।
গৌরকিশোরের-সুত ভগবান রায়,
ভগবানচন্দ্র-সুত মহেশ অনুজ,
কুমার আনন্দচন্দ্র হয় তদগ্রজ।
গঙ্গাগতি-বংশধর রামতনু রয়
দ্বিতীয় তনয় গুরুচরণ জন্ময়।
রামতনু—বংশধর দুই জন হয়,
দুর্গাচরণের পর তারক তনয়।
গুরুচরণের—সুত দুই জন হয়।
হরনাথ ও শ্রীনাথ-সহোদর দ্বয়।
দুর্গাচরণের-পুত্র সাত বলি গণি,
জলধর, হরিহর, আর গুণমণি,

চন্দ্রশেখরের পর নটবর হয়,
হরেন্দ্রের পরে চিন্তাহরণ তনয়।
জলধর-বংশধর মথুরা, নবীন,
তারকচন্দ্রের-সুত বিহারী বিপিন।

গাং হরি-পুত্র আত্মারাম সুত
শ্যাম-অপত্য গোকুল বংশ।

২। গোকুল-তনয় সাত—ধর্ম্মনারায়ণ,
পীতাম্বর, তারাচাঁদ, গুরুদাস হন,
ভৈরবচন্দ্র ও কালীচরণ, ঈশ্বর।
ধর্ম্মনারায়ণ-সুত চারি বংশধর,—
সহোদর হর, কালীপ্রসাদ দুজন,
নবকুমার ও কালীচরণ নন্দন।
কালীপ্রসাদের-সুত প্রসন্নকুমার,
পাড়গাঁও বাসস্থান বিদিত সবার।
গুরুদাস-সুত হয় রাধা, কালী নাম,
অনুজ গিরিশচন্দ্র জপসায় ধাম।
গিরিশচন্দ্রের-সুত আশুতোষ হয়।
চণ্ডীপ্রসাদের পুত্র ছয় জন হয়—
বৈদ্যনাথ, রমানাথ, মহেশ তনয়,
মোহন, গোলোক, উমাচরণ নন্দন।
বৈদ্যনাথ-সুত হয় মাধব সুজন।
মাধবের পুত্র কৃষ্ণমোহন অগ্রজ,
আনন্দমোহন জন্মে তাহার অনুজ।
নয়নের জগন্নাথ পুত্র জনময়,
রামসুন্দর ও কালীপ্রসাদ তনয়।
দেবনারায়ণ-সুত গিরিধর হন,
আর দুর্গা, কালী, রামমোহন নন্দন।

বন্দ্য কৃষ্ণচরণ-সুত রামনাথ—বংশ।

রামনাথ হ'তে রাম গোবিন্দ নন্দন,
শুক, বিষ্ণু রঘুদেব, রামরাম হন।
বিষ্ণুরাম-বংশধর হয় তিন জন—
রূপরাম, রামকৃষ্ণ, কনিষ্ঠ নয়ন।
রামকৃষ্ণ-সুত রাজবল্লভ, কিশোর,
কন্দর্প, মুকুন্দ, রামজীবন, অমর।
রামজীবনের পুত্র জন্মে পীতাম্বর,
রামগোপাল ও রামচাঁদ, দুর্গাবর,
শম্ভুচন্দ্র, ব্রজরাম, ভৈরব জন্মায়,
রামসুন্দর ও মদনকুমার তনয়।

দুর্গাপ্রের বংশধর হয় এক জন—
তনয় গিরিশচন্দ্র যোগ দিতে রন।
মুকুন্দরামের পুত্র নীলকণ্ঠ হয়,
অতঃপর জন্মে প্রাণ বল্লভ তনয়।
নীলকণ্ঠ-সুত কালীপ্রসাদ জন্মায়,
অপর জগৎরাম গোকুল তনয়।
জগৎরামের পুত্র দেবনারায়ণ।
গোকুল-তনয় রাধা, শম্ভুচন্দ্র হন।
কালীপ্রসাদের বিশ্ব ভৈরব নন্দন,
প্রেমচাঁদ, নবকৃষ্ণ ও শ্রীনারায়ণ।
রঘুদেব সুত কালীশঙ্কর জন্মায়,
রামবল্লভ ও সুধারাম রামজয়।
রামজয় হ'তে রামমোহন সন্তান,
প্রাণকৃষ্ণ, হরচন্দ্র, গোপাল তনয়।
রামমোহনের পুত্র হয় তিন জন—
গোলোক, কমল কান্ত মনসাচরণ।
মনসা-তনয় রাম পার্ব্বতীচরণ,
শ্যামা, উমা, গুরু, রাধা, সূর্য্যনারায়ণ,
রজনী, নবীনচন্দ্র, অভয় চরণ,
ভগবতী, রামকান্ত, মণিকণ্ঠ রন।
রামচরণের পুত্র চন্দ্রকান্ত হন।
চন্দ্রকান্ত-সুত নিশি, কলসকণ্ঠী রন।
রজনীর অনুকুল, যোগেন্দ্র নন্দন,
বাকাল নামক গ্রামে বাসের ভবন।

পার্ব্বতীর বিহারী ও শরৎ নন্দন,
গাকড়িয়া গ্রামে বটে বাসের ভবন।
সূর্য্য-সুত রায়, কালী, রাজেন্দ্র অক্ষয়,
উজিরপুরেতে বটে বাসস্থান হয়।
গোপালের বংশধর হয় তিন জন—
আনন্দ ও কুলচন্দ্র, উমেশ নন্দন।
আনন্দচন্দ্রের পুত্র অক্ষয় জন্মায়।
কুলচন্দ্র হ'তে জন্মে গিরিশ তনয়।
গিরিশের নাগ ও শরৎ নন্দন,
ইল্লাগ্রামে হয় বটে বাসের ভবন।
কালীশঙ্করের পুত্র রাজনারায়ণ।
রাজনারায়ণ হ'তে কিঙ্কর নন্দন।
রামকিঙ্করের রামকানাই জন্ম।
রামকানাইর পুত্র তিন জন হয়—
ভোলানাথ, রামচন্দ্র, হরিশ নন্দন।
ভোলানাথ বংশধর কুঞ্জলাল হন।
হরিশচন্দ্রের পুত্র হয় তিন জন—
দীননাথ, হলধর, রজনী নন্দন।
দীননাথ বংশধর সারদা জন্মায়।
কুঞ্জলাল হ'তে জন্মে জুরাণ তনয়।
রজনীকান্তের পুত্র অশ্বিনী সুজন।
হলধর সুত মণ আনন্দমোহন।
হরচন্দ্র-বংশধর জন্মে বৃন্দাবন।
বৃন্দাবন হ'তে স্বর্ণকুমার নন্দন,

অপর বিপিনচন্দ্র জনমে তনয়,
পাংশা গ্রামে ইহাদের বাসস্থান হয়।
প্রাণকৃষ্ণ-বংশধর আনন্দমোহন,
কৃষ্ণনাথ, নীলমণি, ইল্লাগ্রামে রন।

রামনাথ-পুত্র রামগোবিন্দ-বংশ।

রামনাথ সুত রামগোবিন্দ সুজন।
রামগোবিন্দের রামদুলাল নন্দন।
দুলালের জগন্নাথ, শ্রীনাথ তনয়।
জগন্নাথ-বংশধর ঈশ্বর জন্ময়।
ঈশ্বরচন্দ্রের হয় আদিত্য নন্দন।
আদিত্যচন্দ্রের জন্মে সুত পাঁচ জন—
রামলাল, নিশিকান্ত ও ষষ্ঠীচরণ,
হরলাল আর জন্মে বিহারী নন্দন।
বিহারীর কালীপদ জনমে তনয়।
রামলাল-সুত বেণীমাধব জন্ময়,
অনুজ সতীশচন্দ্র জনমে নন্দন,
বাজিতপুরেতে বটে বাসের ভবন।
ষষ্ঠীচরণের পুত্র বেচারাম হয়,
উজিরপুরেতে বটে বসতি করয়।

মেল সর্ব্বানন্দী বন্দ্য দেবানন্দ-বংশ।

মনোহর, জিতামিত্র, শ্রীমন্ত, শ্রীপতি,
দেবানন্দ সহোদর পুরুষ বিংশতি।

দেবানন্দ হন প্রাপ্ত মেল সর্ব্বানন্দ।
দেবানন্দ-বংশধর হয় গঙ্গানন্দ।
গঙ্গানন্দের ভবানীদাস সুত হয়।
ভবানীদাসের জন্মে রাঘব তনয়।
রাঘবের পুত্র রামবল্লভ জন্ময়।
রামবল্লভের দুর্গাচরণ তনয়।
দুর্গাচরণের পুত্র রামদাস হন।
রামদাস-বংশধর রামগঙ্গা রন।
রামগঙ্গা হ'তে জয়শঙ্কর নন্দন,
তাহার মোহন সুত নলচিরা রন।
মোহনচন্দ্রের হয় দ্বারিকা তনয়।
দ্বারিকানাথের পুত্র ছয় জন হয়—
দেবেন্দ্র, মহেন্দ্রনাথ, পার্শ্বনাথ হন,
হেরম্ব, জ্যোতীন্দ্রনাথ, জিতেন্দ্র নন্দন।

বন্দ্য ঘটী কাটাদিয়া দাসু গোষ্ঠী

মজুমদার-বংশ।

শাণ্ডিল্য গোত্রের আদি (১) ভট্টনারায়ণ।
দ্বিতীয় পুরুষ তার (২) বরাহাদি হন।
(৩) বৈনত (৪) সুবুদ্ধি পরে (৫) সুভিক্ষ জন্ময়,
তার (৬) মকরন্দ হ'তে (৭) ভয়াপহ হয়।
(৮) ধবলের (৯) মহাদেব (১০) মকরন্দ হন।
সুকুলীন মকরন্দ-সুত দাসু রন।

কাটাদিয়া দাস্থ-সুত হয় বার জন--
বনমালী, বটু, মধু, নরসিংহ রন,
মাধব, মুরারি, গাঢ়, জন, অভ্যাগত,
পর, বাসু, দয়া হয় তৎপরাগত।
(১২) বনমালী-সুত (১৩) বাণী ক্রমে সুত হন,
১৪ ভব ১৫ জিতু ১৬ দিগম্বর ১৭ সর্ব্বানন্দ রন,
১৮ ভরতস্ত ১৯ গৌরীনাথ পর ২০ চণ্ডীবর,
২১ বিশ্বেশ্বর ২২ রাম হয় ২৩ রমানাথ পর।
২৪ গোপীনাথ-সুত ২৫ রাম, রাজীবলোচন।
রাজীবের জন্মে ব্রজবল্লভ নন্দন।
ব্রজ-সুত রামচন্দ্র, শ্রীধর জন্ময়,
রাম মজুমদারের উপাধি লভয়।
রামচন্দ্র-সুত চারি রঘুরাম বড়,
মুকুন্দ ও রামকৃষ্ণ, গঙ্গারাম পর।
রঘুরাম-সুত রামসন্তোষ অগ্রজ,
অতঃপর রামরাম তাহার অনুজ।
সন্তোষের-বংশধর হয় তিন জন—
পরাণ, জীবনকৃষ্ণ, বোধনারায়ণ।
পরাণের পুত্র রামকানাই জন্মায়,
অতঃপর জন্মে ব্রজকিশোর তনয়।
রামকানাইর পুত্র শশি ও রজনী।
রজনীর পুত্র হরি, ভৈরব, যামিনী।
ব্রজকিশোরের মধুসূদন নন্দন।
মধুর তনয় জন্মে শ্রীবিধুভূষণ।

মুকুন্দরামের পুত্র রামধন হয়।
রামধন হ'তে রামমাণিক্য তনয়,
কালীকাপ্রসাদ, দেবী, রামানন্দ হন,
রামজয়, রামকান্ত, রাজনারায়ণ।
কালীকাপ্রসাদ-সুত শম্ভুচন্দ্র হয়;
তৎসুত বিষ্ণুচন্দ্র জনম লভয়।
বিষ্ণু-সুত চন্দ্র, লালমোহন জন্ময়।
চন্দ্রমোহনের জন্মে সতীশ তনয়।
দেবীপ্রসাদের পুত্র হয় দীপচন্দ্র,
কাশীনাথ, ভোলানাথ, আর জয়চন্দ্র।
কাশীনাথ-সুত লক্ষ্মী, নিত্যানন্দ হন।
জয়চন্দ্র হ'তে শশি, বসন্ত নন্দন।
বসন্তের পুত্র রাম, দুর্গা জনময়।
ভোলানাথ হ'তে হরচরণ তনয়।
হরচরণের শ্যাম, প্রসন্ন নন্দন।
প্রসন্নকুমার-পুত্র যোগেন্দ্রমোহন।
রামানন্দ হ'তে গঙ্গাপ্রসাদ নন্দন।
গঙ্গাপ্রসাদের পুত্র অম্বিকাচরণ।
অম্বিকার বিহারী ও যোগেশ তনয়,
চিন্তা আর বিশ্বেশ্বর, নকুল জন্ময়।
রাসবিহারীর মনমোহন নন্দন,
দ্বিতীয় পুত্রের নাম হয় পঞ্চানন।
রামকান্ত-বংশধর ভৈরব জন্ময়।
ভৈরবচন্দ্রের পুত্র দীননাথ হয়।

দীননাথ হ'তে জন্মে সুরেন্দ্র নন্দন।
রামমাণিক্যের পুত্র গোপীকান্ত হন,
অতঃপর আর রামকমল নন্দন।
রামকমলের পুত্র আনন্দমোহন।
আনন্দমোহন-সুত জন্মে নিরঞ্জন,
অপর শরৎচন্দ্র, শ্রীমনোরঞ্জন।
রাজনারায়ণ-সুত দুর্গা জনময়।
দুর্গার গোবিন্দচন্দ্র শ্রীনাথ তনয়।
শ্রীনাথের বংশধর নিবারণ হয়।
গোবিন্দের পুত্র হেম, বঙ্কিম জন্ময়।
গঙ্গারাম-বংশধর হয় দুই জন—
সোণারাম অতঃপর প্রেমনারায়ণ।
সোণারাম বংশধর বৈদ্যনাথ হয়,
ভবানীপ্রসাদ আর কনিষ্ঠ তনয়।
বৈদ্যনাথ-বংশধর তিলক অগ্রজ,
অতঃপর জনমিল জগৎ অনুজ।
তিলকচন্দ্রের পুত্র উমেশ জন্ময়,
উমেশের হৃষিকেশ, অমূল্য তনয়।
ভবানীপ্রসাদ-সুত কালীকান্ত হয়।
কালীকান্ত-সুত নিশিকান্ত ও অক্ষয়।
নিশিকান্ত বংশধর আশুতোষ হন।
অক্ষয়ের বংশধর মনসাচরণ।
প্রেমনারায়ণ সুত হয় তিন জন—
পদ্মলোচন ও নন্দ, গোপাল নন্দন।

পদ্মলোচনের পুত্র কৃষ্ণচন্দ্র হয়,
অপর তারকচন্দ্র কৈলাস তনয়।
কৃষ্ণচন্দ্র-বংশধর ভুবনমোহন,
সীতাকান্ত, সিদ্ধনাম, শ্রীরবিলোচন।
ভুবনমোহন-সুত শ্রীরাম, লক্ষ্মণ।
তারকচন্দ্রের পুত্র ক্ষীরোদমোহন,
অতঃপর সূর্য্যকান্ত জনমে তনয়।
কৈলাসের পুত্র হীরা, জগদীশ হয়।
নন্দকিশোরের পুত্র অনন্তচরণ।
অনন্তের চন্দ্র, মন, অসীতা নন্দন।
গোপালচন্দ্রের হয় প্রসন্ন তনয়।
প্রসন্নকুমার-সুত তরণী জন্মায়।
তরণী-তনয় চন্দ্রনাথ, নিরঞ্জন,
চতুরা, সুধীর, হর, পাঙ্গাসিয়া রন।
শ্রীধরের সুত আত্মা, নিধিরাম হন।
আত্মারাম হ'তে রামশঙ্কর নন্দন।
রামশঙ্করের রামদুর্ল্লভ তনয়,
অতঃপর রাজচন্দ্র জনম লভয়।
রাজচন্দ্র-বংশধর জন্মে বৃন্দাবন।
নিধিরাম বংশধর শিবচন্দ্র হন।
শিবচন্দ্র-সুত গুরু, তারিণীচরণ।
গুরুচরণের পুত্র দীনবন্ধু হন।
দীনবন্ধু হ'তে জন্মে বিনোদ নন্দন,
হারাণ, জ্যোতীশ, আর পাঙ্গাসিয়া রন।

সাগরদিয়া বন্দ্য রত্নগর্ভ-বংশ।

শাণ্ডিল্য গোত্রের আদি ভট্টনারায়ণ,
অধস্তন উনবিংশ পুরুষ গণন।
রত্নগর্ভ নাম ধর বন্দ্য বংশে হয়,
বিল্ব পুষ্করিণী গ্রামে হইল উদয়।
বিল্ব পুষ্করিণী সিদ্ধেশের পুকুর,
তাহাতে বসতি হন বিদ্যায় প্রচুর,
তাহার তনয় রমাবল্লভ জন্মায়।
রমাবল্লভের পুত্র যদুনাথ হয়।
যদুনাথ বংশধর রামচন্দ্র হন।
রামচন্দ্র হ'তে রামগোবিন্দ নন্দন;
তৎসুত দুর্গাদাস তা হ'তে কল্যাণ।
কল্যাণের বংশধর ভবানী বাখান,
ভবানীর অন্য নাম দেবনারায়ণ।
দেবনারায়ণ-সুত হরচন্দ্র হন।
হরের পার্ব্বতীদাস পুত্র জনময়,
বংশ মধ্যে ভট্টাচার্য্য উপাধি লভয়।
পার্ব্বতীর তিন সুত ব্রহ্মানন্দ বড়,
কৈলাস ও মহানন্দ হয় অতঃপর।
ব্রহ্মানন্দ-বংশধর হয় তিন জন—
বিজয়, জগদানন্দ, শীতল নন্দন।
কৈলাসের কালিদাস বংশধর হয়।
মহানন্দ-বংশধর অমলা জন্ময়।

অমলানন্দের জন্মে মণীন্দ্র নন্দন।
অমূল্য, জগদা-সুত কাঁচিয়াগ রন।
কৈলাস তনয়া নাম হেমপ্রভা হন।
কালীবন্ধু গাঙ্গবরে হয়েন অর্পণ।
রাধাচরণের সুত কালীবন্ধু হন,
সহোদর তিন সহ নলচিরা রন।

দিগ্‌বিজয় ভট্টাচার্য্য—বংশ।

শাণ্ডিল্য ভট্টের বংশে বংশজ নন্দন।
নাম রামগোবিন্দ সিদ্ধান্ত পঞ্চানন;
তৎসুত দিগ্বিজয়, অবিলম্ব হন।
দিগ্বিজয়-বংশধর হয় চারি জন—
জগ, রত্ন, রামজয়, দুর্লভ বিজয়।
রামজয়-সুত বিশ্ববিজয় জন্মায়,
অতঃপর আর সৃষ্টিবিজয় সুজন।
বিশ্ববিজয়ের উমাশঙ্কর নন্দন,
সহোদর আর পৃথ্বিবিজয় জন্মায়।
উমাশঙ্করের চিন্তাহরণ তনয়।
চিন্তাহরণের সুত অমূল্য জন্ময়।
চিন্তার সহধর্ম্মিণী শশিমুখী হয়,
তাহার তনয়া নাম হয় বিনোদিনী,
শাস্ত্র মতে সম্প্রদানে কুলীন ঘরণী,
গাঙ্গ মনোমোহনেতে হল সম্প্রদান,
নলচিরা গ্রাম হয় তার বাসস্থান।

স্মৃতিবিজয়ের ষষ্ঠীবিজয় নন্দন।
ষষ্ঠী-সুত কালী, তারাপ্রসন্ন সুজন।
কালীপ্রসন্নের সুত হয় তিন জন—
মধু আর যদুনাথ অনুজ ভুবন।
তারাপ্রসন্নের পুত্র নগেন্দ্র অগ্রজ,
সুরেন্দ্র, ধীরেন্দ্রলাল তাহার অনুজ।
দুর্লভবিজয় পুত্র বঙ্গ ও ঈশ্বর।
বঙ্গের কুমার গৌর, গোলোক প্রবর।
গৌরের জগৎ আর শরৎ নন্দন।
জগৎবিজয়-পুত্র অবনীমোহন।
রত্নবিজয়ের জন্মে মাণিক্য তনয়।
মাণিক্যের বংশধর চন্দ্রনাথ হয়।
চন্দ্রনাথ হ'তে হরিবিজয় নন্দন।
হরির মহেন্দ্র-সুত উজিরপুর রন।

ফুকুরা ভট্টাচার্য্য-বংশ।

শাণ্ডিল্য ভট্টের বংশে হয় আখণ্ডল,
কবিরাজ মহামান্য বংশের উজ্জ্বল।
বংশ মধ্যে রাঘবেন্দ্র বিদ্যাবান রন,
বাচস্পতি উপাধিতে মহাবিজ্ঞ হন;
তৎসুত রামনাথ বিদ্যার প্রভাবে,
তর্কবাগীশোপাধি লভে আসি ভবে।
রামনাথ হ'তে রামজীবন নন্দন,
শাস্ত্র অধ্যয়নে হন তর্কপঞ্চানন;

তৎসুত রামভদ্র বহু শাস্ত্র পড়ি,
তর্কসিদ্ধান্ত হন টোলে পাশ করি।
রামভদ্র হ'তে রামলোচন নন্দন,
তর্কভূষণের উপাধি করেন গ্রহণ,
তাহার গোলোক পুত্র সাগর বিস্তার,
দক্ষিণারঞ্জন-সুত জনমে তাহার,
বিদ্যা বলে শিরোরত্ন উপাধি লইল,
তাহার তনয় তিন জনম লভিল,
কুলদারঞ্জন বড় ছিল ভট্টাচার্য্য,
কলেজেতে পাশ করি হ'ন ন্যায়াচার্য্য,
রমণী, সুখদা জন্মে কনিষ্ঠ নন্দন,
ফুকুরা গ্রামেতে বটে বাসের ভবন।

বন্দ্য রূপনারায়ণ-বংশ।

শত্রুমিত্র-সুত বাণী শিকদার জন্মায়।
বাণী শিকদারের পুত্র হরিনাথ হয়।
হরিনাথ পুত্র জন্মে রূপনারায়ণ,
অতঃপর রামকৃষ্ণ জনমে নন্দন।
রূপনারায়ণ-পুত্র হয় সাত জন—
কৃষ্ণপ্রসাদ ও গোপী, রমেশ নন্দন,
গঙ্গারাম, বলরাম, প্রাণনাথ হয়,
রামনাথ ও কানাই জনমে তনয়।
কৃষ্ণপ্রসাদের পুত্র রামরুদ্র হন,
শুকদেব, রামজয় অপর জীবন।

রামজয়-পুত্র রামভদ্র, শ্যাম হয়
রাজা, রাধা ও জগৎবল্লভ তনয়
শ্যামসুন্দরের সুত দীপচন্দ্র হন
গোবিন্দপ্রসাদ আর রতন নন্দন।
গোবিন্দপ্রসাদ-সুত দয়াল জন্ময়,
ভগবান রামচন্দ্র, গোপীচন্দ্র হয়।
রামদয়ালের সুত নীলকান্ত হন,
বরদা রজনী, শ্যাম, উমাকান্ত রন।
বরদা-তনয় হরিপ্রসন্ন জন্ময়।
রজনীর মণীন্দ্র ও ক্ষিতেন্দ্র তনয়।
শ্যামাকান্ত বংশধর জন্মে বলরাম,
রুদ্রকর গ্রামে বটে হয় বাসধাম।
কালাই-তনয় রঘুনন্দন জন্ময়।
রঘুনন্দনের রামশঙ্কর তনয়।
রামশঙ্করের পুত্র গঙ্গা জনময়।
গঙ্গার ফটিক, রামকিশোর তনয়।
রামকিশোরের পুত্র হয় বৃন্দাবন,
আরও জনমে কালীকুমার নন্দন।
বৃন্দাবন-সুত হয় অম্বিকাচরণ।
অম্বিকার আশুতোষ জনমে নন্দন।
আশুতোষ বংশধর সুরেশ, রমেশ,
বর্ত্তমানে বাসস্থান কাশীপুর দেশ।
কালীকুমারের কালীপ্রসন্ন নন্দন;
তৎসুত ভবতোষ ছয়গাঁও রন।

দীর্ঘাঙ্গী বা দীঘারি-বংশ।

শাণ্ডিল্য দীঘারি বংশে রামভদ্র হন,
রামেশ্বর, রামকৃষ্ণ জনমে নন্দন,
অতঃপর রামদেব জনমে তনয়;
তৎ-বংশধরগণ দেশান্তর হয়।
রামকৃষ্ণ—সুত রঘুরাম, জনার্দ্দন।
রঘুরাম হ'তে রামচরণ নন্দন।
রামচরণের পুত্র রামরত্ন হয়,
রামহরি, চন্দ্র, রামলোচন জন্ময়।
রামলোচনের পুত্র হরচন্দ্র হন।
হরচন্দ্র হ'তে নীলকমল নন্দন।
নীলকমলের পুত্র রাজেন্দ্রমোহন।
রামরত্ন হ'তে রামদয়াল নন্দন।
রামদয়ালের পুত্র রামচন্দ্র হয়।
রামচন্দ্র-সুত নীলু, বরদা, অক্ষয়।
বরদাকান্তের পুত্র জগদীশ হন,
অপর বিজয় আর বসন্ত নন্দন।

মুকুন্দরাম-বংশ।

রামেশ্বর-বংশধর দুর্গারাম হয়,
গৌরীকান্ত, মুকুন্দ ও কেশব জন্ময়।
মুকুন্দরামের পুত্র গদাধর হন,
আর রাম চক্রবর্ত্তী, গোপীচন্দ্র রন।

রাম চক্রবর্ত্তী-সুত বিষ্ণুদেব হন,
গোবিন্দপ্রসাদ আর জনমে নন্দন।
গোবিন্দের জন্মে রামদুর্ল্লভ তনয় ;
তৎসুত কালাচাঁদ জনম লভয়।
কালাচাঁদ বংশধর জগচ্চন্দ্র হন।
জগৎচন্দ্রের জন্মে গোপাল নন্দন।
গোপীচন্দ্র-বংশধর হয় মৃত্যুঞ্জয়।
মৃত্যুঞ্জয় হ'তে জন্মে ঈশ্বর তনয়।
ঈশ্বরচন্দ্রের পুত্র হয় তিন জন—
দুর্গাপ্রসন্ন ও উমা, আশুতোষ রন।
বিষ্ণুদেব-সুত রাধামাধব জন্ময়,
তদগ্রজ রাধাকৃষ্ণ জনমে তনয়।
রাধাকৃষ্ণ বংশধর বৈদ্যনাথ হন,
সোণামালা কন্যা রাখি ত্যজেন জীবন।
গঙ্গাধর-বংশধর শিবনারায়ণ,
পুরুষোত্তম ও কৃষ্ণ, রামানন্দ হন।
পুরুষোত্তমের পুত্র শম্ভুচন্দ্র হয়,
অতঃপর কাশীশ্চন্দ্র জনম লভয়।
রামানন্দ সুত কৃষ্ণহরি, নারায়ণ।
কৃষ্ণহরি-বংশধর তারিণীচরণ।
তারিণীর জন্মে রাসবিহারী তনয়,
আরও কুঞ্জবিহারী ও বিপিন জন্ময়।
রাসবিহারীর পুত্র বালক লক্ষ্মণ,
কুঞ্জবিহারীর পুত্র রাম, নারায়ণ।

বিপিনবিহারী-সুত তিনকড়ি হয়,
অতঃপর জনমিল খোকাই তনয়।

দুর্গারাম রায়—বংশ।

দুর্গারাম-সুত কাশীশ্বর, মধু হয়।
কাশীশ্বর-সুত রামগোবিন্দ জন্ময়,
হরিদেব, গঙ্গা, শিব, ও রামশঙ্কর।
শঙ্করের পুত্র রামযুগল প্রবর।
রামযুগলের পুত্র পীতাম্বর হয় ;
তৎসুত রাজ, নবকুমার জন্ময়।
গোবিন্দের পুত্র রঘু, মাণিক্য জন্ময়।
রঘুনাথ বংশধর রাধানাথ হয়।
রাধানাথ হ'তে হর, শ্রীনাথ নন্দন।
শ্রীনাথের পুত্র জন্মে মথুরা সুজন।
মথুরা রায়ের পুত্র জানকী অগ্রজ,
গীতানাথ ও অমূল্য হয় তদনুজ।
শিবপ্রসাদের পুত্র গৌরচন্দ্র হয়।
গৌরচন্দ্র-সুত কালীপ্রসন্ন জন্মায় ;
তৎসুত ভুবন ও বিরাজ, জনাই।
গঙ্গার, তিলক-সুত বিশ্বেশ্বর পাই।
গৌরীকান্ত-বংশধর রমাকান্ত হয় ;
তৎসুত রামগঙ্গা জনম লভয়।
রামগঙ্গা-সুত রাজ, ধর্ম্মনারায়ণ।
ধর্ম্মের গোবিন্দ, চন্দ্রকুমার নন্দন।

চন্দ্র-সুত সূর্য্যকান্ত, রাজ-সুত হয়—
নীলকণ্ঠ নোয়াখালি বসতি করয়।
রামকেশবের পুত্র রামনারায়ণ;
তৎসুত নরোত্তম সুত কৃষ্ণ হন।
কৃষ্ণমঙ্গলের পুত্র ভৈরব তনয়।
ভৈরবচন্দ্রের কালীকুমার তনয়।
কালীকুমারের পুত্র অটল, অক্ষয়।
অক্ষয়কুমার-সুত কার্ত্তিক, বিজয়,
কনিষ্ঠ তনয় রামনরসিংহ হন।
অটলকুমার হ'তে সুশীল নন্দন।

শাণ্ডিল্যে মনোহরজ সমদ্দার-বংশ।

মনোহর, জিতামিত্র, শ্রীমন্ত, শ্রীপতি,
ভট্টনারায়ণ হতে পুরুষ বিংশতি।
মনোহর সুত অচ্যুত, দৈবকী নন্দন,
জগদীশ, গোপাল ও শেখর নন্দন।
দৈবকী নন্দন নামা দৈব ঘটনায়,
পরিবর্ত্ত রহিতকে বংশজত্ব পায়,
পুত্র তার রামানন্দ আচার্য্য তনয়
ভবদেব সমদ্দার তাহার তনয়।
ভবদেব হ'তে হয় মথুর নন্দন।
মথুরের জগৎ ও রাজীবলোচন।
রাজীবের মুকুন্দ ও জানকীজীবন,
মহাদেব, হরিদেব ও শিব নন্দন।

মুকুন্দরামের পুত্র দুই জন হয়—
রত্নেশ্বর, রামরাম, জনম লভয়।
রত্নেশ্বর-ধর্ম্মপত্নী সুবরণা সতী,
বংশধর জগন্নাথ জনমে সুকৃতি,
তদনুজ রঘুনাথ বলি সবে কয়,
কাশী, শম্ভু, কৃষ্ণনাথ তাঁহার তনয়।
শম্ভুনাথ হ'তে জন্মে গোলোক তনয়,
তাহার তনয় হরকুমার জন্মায়।
হরকুমারের পুত্র ধর্ম্মনারায়ণ,
উপেন্দ্র যাহাকে বলে আত্মীয় স্বজন।

জগন্নাথ সমদ্দার-বংশ।

জগন্নাথ-সুত তিন নরোত্তম জ্যেষ্ঠ,
রাঘব, কমলাকান্ত তাহার কনিষ্ঠ।
রাঘবের পুত্র চন্দ্র, মধু ও কানাই।
চন্দ্রের তনয় পোষ্য হরনাথ পাই।
কমলার ফটিক ও ঈশান আলোক।
আলোকচন্দ্রের জন্মে কামিনী সুলোক।
নরোত্তম স্বধর্ম্মিণী সরস্বতী হন ;
তস্যুৎ রাজ, দ্বীপ রূপ, রাম রন।
দ্বীপচন্দ্র পরিণয় রুক্মিণী মিলিল ;
তৎসুত মহেশ ও রঘু, জগ, ছিল।
মহেশের ধর্ম্মপত্নী জগদম্বা হন,
রাজ, চন্দ্রকুমার ও প্রসন্ন নন্দন।

সোদরা সাবিত্রী দেবী, শ্যামা, কাশী হয়।
সাবিত্রীর গর্ভে রাধাচরণ জন্ময়।
রাজ-জায়া রাসমণি, চন্দ্র জায়া বামা,
রূপেতে অতুলনীয়া গুণে নিরুপমা,
প্রসন্ন আনন্দমণি হয় পরিণয়।
রাজকুমারের শশী, বসন্ত তনয়।
চন্দ্রের যোগেশচন্দ্র, যোগেন্দ্র নন্দন।
যোগেশের পুত্র সত্য ও চিত্তরঞ্জন।
প্রসন্নকুমার পুত্র অশ্বিনী, সুরেন্দ্র,
দেবেন্দ্র, হরেন্দ্র পরে কনিষ্ঠ ফনীন্দ্র।
অশ্বিনীর বংশধর সুধাংশু বিনয়।
দেবেন্দ্র-তনয় উষা বালক জন্ময়।
রঘুমণি-বংশধর বরদা-অগ্রজ,
চন্দ্রকান্ত, নীলকান্ত, গণেশ অনুজ।
বরদার পুত্র রস, হর, হেম হন।
দীনেশ, রমেশ হয় গণেশ-নন্দন।
রাজচন্দ্র-সুত গৌর, জয়চন্দ্র হয়।
গৌরচন্দ্র-বংশধর তারিণী জন্ময়,
পুত্র তার চতুষ্টয় রাই হন জ্যেষ্ঠ,
ললিত, গোপাল পর ভূপাল কনিষ্ঠ।
রাইচরণের পুত্র প্রথম মহেন্দ্র,
অমৃত, ক্ষীরোদ, ইন্দ্রলাল ও ধীরেন্দ্র।
ললিতের বিভূতি ও নিকুঞ্জ তনয়।
জয়চন্দ্র-বংশধর রাজেন্দ্র জন্ময়।

রাজেন্দ্র-তনয় জন্মে অমূল্য জীবন।
রামচন্দ্র-সুত মণিচন্দ্র ও মোহন।
মণিচন্দ্র-সুত কালী, সতীশ, অক্ষয়।
মোহনচন্দ্রের পুত্র কুঞ্জচন্দ্র হয়।
কুঞ্জ হ'তে কুঞ্জ, বনবিহারী নন্দন,
ধন্য জগন্নাথ তব বংশধরগণ,
স্বকুলীনে কন্যাদান স্ববংশে গ্রহণ,
ছিল যার মহাব্রত হতেছে পালন,
কন্যা বিক্রী পরিবর্ত্ত তোমা বংশে নাই,
হবেওনা কোন দিন করুন গোসাঁই।

শিবচরণ সমদ্দার-বংশ।

শিবচরণের পুত্র হয় দুই জন—
রামশরণ ও রামবল্লভ নন্দন।
রামশরণের পুত্র সূর্য্য, গৌরী হন,
কালীকাপ্রসাদ আর বাশীরাম রন।
সূর্য্যদাসে-যশোবন্ত রাজেন্দ্র তনয়।
রাজেন্দ্র-তনয় রামসুন্দর জন্মায়,
অতঃপর রামরাজা, বিষ্ণুর নন্দন।
রামসুন্দরের পুত্র হয় তিন জন—
চন্দ্র, সনাতন, হরমোহন তনয়।
চন্দ্রমোহনের পুত্র রসিক জন্মায়।
রসিকচন্দ্রের জন্মে প্রবোধ নন্দন,
অপর সুবোধ আর জন্মে হারাধন।

সনাতন-সুত সভা ও ভবরঞ্জন।
চিন্তাহরণের পর গোপাল নন্দন।
সভারঞ্জনের হল পুত্র চতুষ্টয়,
জ্ঞান, চিত্ত, সত্য, কালু জনম লভয়।
চিন্তার সত্যেন্দ্র আর ধীরেন্দ্র নন্দন।
হরমোহনের মণি, কামিনীমোহন।
রামরাজা-সুত দীন, অম্বিকাচরণ।
দীননাথ হ'তে প্যারী, কৈলাস নন্দন।
প্যারীমোহনের পুত্র মতিলাল হয়,
অপর গোবিন্দলাল জনমে তনয়।
অম্বিকার পঞ্চ সুত লালু, পঞ্চানন,
উপেন্দ্র, ক্ষীরোদ, দুর্গামোহন নন্দন।
রামকিঙ্করের পুত্র নিত্যানন্দ হয়;
তৎসুত জলধর জনম লভয়।
যশোবন্ত-সুত রামকুমার অগ্রজ,
অতঃপর জনমে নন্দকুমার অনুজ।
নন্দকুমারের পুত্র প্রসন্ন, তারিণী,
দুর্গা, কালী, শ্রীনাথ ও নিশিকান্ত গণি।
কালীকিশোরের পুত্র হৃষিকেশ হয়,
তদনুজ আশুতোষ জনম লভয়।
শ্রীনাথের কেদার ও শীতল নন্দন,
বিরাজ, মাধব আর তুলসীচরণ।
তারিণীর চারি সুত রমণী অগ্রজ,
সুবল, বঙ্কিম আর নিকুঞ্জ অনুজ।

নিশিকান্ত-সুত দুই নগেণ, জিতেন।
প্রসন্নের দুই পুত্র নলিনী, ধীরেন।
গৌরীকান্ত-সুত প্রাণ, তিলক জনময়।
তিলকচন্দ্রের জন্মে হরিশ তনয়।
হরিশের পুত্র উমা, অন্নদা, অক্ষয়।
প্রাণ-সুত তারা, পদ্মলোচন জন্ময়।
তারা-সুত হরনাথ, রজনী জন্ময়।
রজনীর মনো, হরি, বিপিন তনয়।
হরনাথ হ'তে হয় সতীশ নন্দন।
পদ্মলোচনের পুত্র মণিচন্দ্র হন।
মণিচন্দ্র-সুত কালী ও শ্যামাচরণ।
কালীর ভূপেন্দ্র আর জানকী নন্দন।
কালীপ্রসাদের রাধামোহন তনয়;
তৎসুত ভগবান জনম লভয়।
ভগবান-সুত জজ্ঞেশ্বর ও বসন্ত।
জজ্ঞেশ্বর-সুত পার্শ্ব, শ্যামা, সূর্য্যকান্ত।
রমাবল্লভের রাজমোহন প্রপৌত্র,
তাহার গোবিন্দচন্দ্র জনমিল পুত্র।
গোবিন্দচন্দ্রের জন্মে কেশব নন্দন,
বাগদা গ্রামেতে বটে বাসের ভবন।

জানকীজীবন-বংশ।

জানকীজীবন হ'তে ত্রিপুরুষ গত,
চতুর্থেতে নিম, বিশ্ব, দুই উপনিত।

বিশ্বনাথ-সুত রাধা, দীননাথ হয়।
দীননাথ-সুত অনুকূল জনময়।

মহাদেব সমদ্দার-বংশ।

মহাদেব-সুত চন্দ্রশেখর জন্ময়,
তৎসুত সোণারাম জনম লভয়।
সোণারাম-সুত গঙ্গা আর রামজয়।
গঙ্গাপ্রসাদের পুত্র জয়চন্দ্র হয়।
জয়চন্দ্র হ'তে সীতা, গোবিন্দ তনয়;
তৎসুত কামিনী ও অশ্বিনী, অক্ষয়।
রামজয় হ'তে কৃষ্ণকিশোর জন্মিল।
কৃষ্ণকিশোরের পুত্র নীলাম্বর ছিল।
নীলাম্বর-সুত তিন নিবারণ জ্যেষ্ঠ,
অতঃপর চন্দ্রনাথ, বসন্ত কনিষ্ঠ।

হরিদেব সমদ্দার—বংশ।

হরিদেব-সুত রামগোপাল জন্ময়,
অতঃপর বলরাম জনম লভয়।
গোপালের বৈদ্যনাথ, বিদ্যা সুত হয়।
বিদ্যাধর হ'তে শিব, শম্ভু জনময়।
শম্ভু-সুত ষষ্ঠী, চণ্ডীচরণ জন্ময়।
ষষ্ঠীচরণের পুত্র নীলকান্ত হয়।
শিব হ'তে রামমণি, ঈশ্বর নন্দন।
ঈশ্বরের পুত্র উমা, শশিকান্ত হন।

উমাকান্ত-সুত কৃষ্ণলাল জনময়।
শশির শ্রীধর আর সুধীর তনয়।
রামমণি হ'তে রাজকুমার নন্দন।
রাজকুমারের পুত্র নলিনীমোহন।

জগৎ সমদ্দার-বংশ।

জগতের মণিরাম জনমে তনয়;
তৎসুত ঘনশ্যাম, রামদাস হয়।
ঘনশ্যাম-সুত রামগঙ্গা, সুধা হয়,
অতঃপর রামানন্দ, দর্পনারায়ণ।
রামগঙ্গা-সুত দুই যুগল, কেবল,
বরদা, কেবল-সুত অতীব সরল।
বরদার কুমুদ ও অশ্বিনী তনয়,
কনিষ্ঠ অনাথবন্ধু জনম লভয়।
দর্পনারায়ণ-সুত হয় দুই জন—
রামজীবন ও রামলোচন নন্দন।
রামজীবনের কালীকুমার তনয়।
কালীকুমারের পুত্র বিশ্বেশ্বর হয়।
রামদাস-বংশধর হয় রামধন।
রামধন হ'তে রামগতি জন্ম লন।
রামগতি-সুত রামদুলাল জন্ময়।
দুলালের রাজ, ইন্দু, কহিনী তনয়।
কহিণীর পুত্র হর, কুঞ্জ, প্রিয়লাল,
রাজকুমারের পুত্র খটু, কৃষ্ণলাল।

বন্দ্য মনোহর-পুত্র গোপাল-বংশ।

গোপালের রঘুনাথ, মথুর নন্দন।
মথুরার কামদেব সুত জন্ম লন।
কামদেব-বংশধর জন্মে রামেশ্বর :
তৎসুত রাম, কৃষ্ণ ও রামশঙ্কর।
শঙ্করের শিবরাম, রামনারায়ণ,
রামভদ্র আর দুর্গাপ্রসাদ নন্দন।
শিব-সুত কৃষ্ণ, নীলমাধব নন্দন।
নীলমাধবের পুত্র নন্দ, রাজ হন।
কৃষ্ণচন্দ্র-সুত কালীকিঙ্কর জন্মায়।
নন্দ-সুত বৃন্দাবন-সুত হর হন।
রাজ হ'তে জগবন্ধু জনমে নন্দন।
রামনারায়ণ-সুত হয় তিন জন—
শ্যামসুন্দরের পর রামানন্দ হন,
অতঃপর রামকান্ত জনমে নন্দন।
রামকান্ত-সুত শম্ভু, গোপী, দ্বীপচন্দ্র,
অতঃপর রাজচন্দ্র আর রূপচন্দ্র।
শম্ভুচন্দ্র-সুত দুর্গাচরণ জন্ময়।
দুর্গা হ'তে উমাকান্ত, রজনী তনয়।
উমাকান্ত-বংশধর কুলচন্দ্র হন।
রজনীর জন্মে বিশ্ব, নকুল নন্দন।
রাজেন্দ্র-তনয় জন্মে পার্ব্বতীচরণ।
পার্ব্বতীচরণ হ'তে শরৎ নন্দন।

শ্যামসুন্দরের কালীচরণ নন্দন,
তাহার অপত্য রাজমোহন সুজন।
রাজমোহনের পুত্র শ্রীমনোমোহন,
অনুজ সুরেন্দ্রচন্দ্র জনমে নন্দন।
রামভদ্র-বংশধর দুই জন হয়—
কাশীনাথ, বিশ্বনাথ জনমে তনয়।
দুর্গাপ্রসাদের পুত্র সদানন্দ হয়,
তাহার তনয় নীলমণি জনময়।
নীলমণি হ'তে দুর্গামোহন নন্দন।
কাশীনাথ-বংশধর ভবানীচরণ।
ভবানীচরণ-সুত বৈকুণ্ঠ জন্ময়।
বৈকুণ্ঠচন্দ্রের হয় যোগেশ তনয়।
কালীকিঙ্করের চণ্ডীচরণ তনয়,
গুরুপ্রসাদ ও হরচরণ জন্ময়।
চণ্ডীচরণের তারাপ্রসন্ন তনয়।
হরচরণের পুত্র জনমে অক্ষয়,
বসতি গদাধরদি অতি মহামতি,
খ্যাতিপন্ন জমিদার আছে জনশ্রুতি।
রঘুনাথ হ'তে রামমাণিক্য তনয়।
রামমাণিক্যের পুত্র তিলক জন্ময়,
অতঃপর দীননাথ জনমে নন্দন।
দীননাথ হ'তে কালীচরণ সুজন,
আরও জনমে শ্যামাচরণ তনয়,
ইহাদের মাদ্রা গ্রামে বাসস্থান হয়।

রামচন্দ্র হ'তে হরিবল্লভ নন্দন।
হরিবল্লভের পুত্র মহাদেব হন।
মহাদেব-সুত রামেশ্বর জনময়;
তৎসুত রাধাকান্ত জনম লভয়।
রাধাকান্ত হ'তে জন্মে প্রসন্ন নন্দন;
তৎসুত সারদা ও অম্বিকাচরণ,
আরও জনমে রামচরণ তনয়,
রঙ্গশ্রী গ্রামেতে বটে বাসস্থান হয়।

মনোহর-পুত্র চন্দ্রশেখর-বংশ।

চন্দ্রশেখরের পুত্র রমানাথ হয়,
অপর কমলনারায়ণ জনময়।
কমলের বংশধর রামভদ্র হন
অতঃপর শিবরাম জনমে নন্দন।
শিবরাম-সুত কাশী, রাজীবলোচন,
রামকান্ত, কৃষ্ণরাম, মুকুন্দ নন্দন।
রামলোচনের পুত্র সূর্য্যদেব হন।
সূর্য্যদেব-সুত রঘু, প্রাণনাথ রন।
রঘুনাথ-বংশধর রামচন্দ্র হন,
পদ্মলোচন ও রামলোচন নন্দন।
রামচন্দ্র-বংশধর চন্দ্রনাথ হয়
অপর তিলকচন্দ্র জনমে তনয়।
চন্দ্র-সুত মহেশ ও গোবিন্দ সুজন।
মহেশচন্দ্রের কালীপ্রসন্ন নন্দন।

পদ্মলোচনের পুত্র কমল জন্ময়।
অম্বিকা, অন্নদা, উমা, কমল-তনয়
কৃষ্ণরাম হ'তে দুর্গা, জীবন তনয়।
দুর্গারাম-বংশধর সোণারাম হয়।
সোণারাম-বংশধর গঙ্গারাম হন।
গঙ্গারাম হ'তে শিবশঙ্কর নন্দন।
শিবশঙ্করের পুত্র ত্রিলোচন হয়,
কাশীশচন্দ্র আর কালীকুমার জন্ময়;
কাশীশচন্দ্র হ'তে কৃষ্ণ, বিপিন নন্দন,
কাশীপুর গ্রামে বটে বাসের ভবন।

বাগধা ভট্টাচার্য্য-বংশ।

শাণ্ডিল্য গোত্রীয় বটে বংশজ প্রধান,
গোপালকৃষ্ণের তিন জনমে সন্তান,
প্রথম দ্বিতীয় তার বাইসারি রন,
তৃতীয় রত্নেশ্বর ভট্টাচার্য্য হন,
আচার্য্য বংশের কন্যা করেন গ্রহণ,
তদবধি বাগধায় বাসের ভবন।
রত্নেশ্বর বংশধর শ্রীধর জন্ময়,
তৎসুত রামরাম জনম লভয়।
রামরাম-সুত হয় জয়নারায়ণ,
অপর শ্রীকান্ত, রামহরি জন্ম লন।
রামহরি হ'তে রামকিশোর নন্দন,
কালী, রবি ও আলোক সহোদর হন।

রাধাকান্ত-সুত রামকানাই জন্ময়।
রামকানাইর পুত্র রামচন্দ্র হয়,
অম্বিকা, প্রসন্ন, শ্যামাচরণ নন্দন ;
রামচন্দ্র-বংশধর জন্মে নারায়ণ,
ভুবনমোহন আর শিবকালী হন।
অম্বিকাচরণ-সুত হয় পঞ্চানন।
প্রসন্নের গদাধর জনমে তনয়।
শ্যামার গোবিন্দ আর কার্ত্তিক তনয়।
নারায়ণ-বংশধর কেদার, বিজয়।
ভুবনমোহন হ'তে নকুল তনয়,
শ্রীধর, দেবেন্দ্র আর জনম লভয়।
রমাকান্ত—সুত বিষ্ণু, নবীন জন্ময়।
রামসুন্দরের মধু, মহিমা নন্দন,
বাগধা গ্রামেতে বটে বাসের ভবন।

দ্বাদশ অধ্যায়।

ভরদ্বাজ শ্রীহর্ষ-বংশ।

ভরদ্বাজ গোত্র আদি শ্রীহর্ষ জন্ময় ;
তৎসুত ধান্দু, জন, লাল, রাম হয়।
(২) ধান্দু বা শ্রীগর্ভ হন পুরুষ দ্বিতীয় ;
তৎসুত (৩) শ্রীনিবাস পুরুষ তৃতীয়,
৪ আরবের ৫ ত্রিবিক্রম ৬ কাক সাধু সপ্ত,
৮ জলাশয় ৯ বাণেশ্বর, গুই দশ প্রাপ্ত।

১১ মাধবের কোলাহল দ্বাদশ মিলন;
তৎসুত উৎসাহ, গরুড় কুলীন।
উৎসাহ হ'তে জন্মে আয়িত নন্দন,
আর মহাদেব আদি চতুর্দ্দশ জন
আয়িতের উদ্ধব ও লৌলিক নন্দন।
উদ্ধবের পুত্র শিয়ো আর বিকর্ত্তন।
শিয়ো-সুত তিন জন নৃসিংহ, ভাবর,
রামকুমার তৃতীয় অতি মনোহর।
নৃসিংহের বংশধর গর্ভেশ্বর হন,
তাহার মুরারি ওঝা ক্রমে নন্দন;
তৎসুত অনিরুদ্ধ আর বনমালী।
বন-সুত কৃত্তিবাস কবি করে কেলি।
অনিরুদ্ধ-বংশধর লক্ষ্মীধর হন,
পুরুষ একবিংশতি বলিয়া গণন;
তৎসুত দুর্গাবর, ত্রিলোচন, নর,
মনোহর, লোক, কিনু ও কমলাকর;
মনোহর ফুলিয়ায় তিন পুত্র হয়,
সুষেণ, জগদানন্দ, গঙ্গানন্দ কয়।
গঙ্গানন্দ-সুত দুই বাসু, রামাচার্য্য,
রামাচার্য্য-সুত ছয় ঠাকুর ব'লে গ্রাহ্য।
রাঘবেন্দ্র, গোপীনাথ, বিশ্বেশ্বর, কাশী,
গোপাল, পার্ব্বতীনাথ হয় বঙ্গবাসী।
রাঘবেন্দ্র-বংশধর পাঁচ জন হয়—
নীলকণ্ঠ, যাদবেন্দ্র, শ্রীকান্ত তনয়,

মহাদেব ও মাধব অপর নন্দন,
ঠাকুর বংশের কুলে অগ্রগণ্য হন।

নীলকণ্ঠ-পুত্র আট জনের নাম।

গঙ্গাধর, রঘুনাথ, মুকুন্দ, শ্রীধর,
বিষ্ণু, রতি, রাধাকান্ত আর রামেশ্বর।
বিষ্ণুর তনয় রামদেব, নারায়ণ।
রামদেব-সুত শ্যাম, ও কৃষ্ণ জীবন,
সীতারাম, খেলারাম, পাঁচু, জনময়,
অপর কন্দর্প, রাজকিশোর তনয়।
নারায়ণ-বংশধর রামকান্ত আর,
শঙ্কর, মুলুকচাঁদ জনমে কুমার।

রামদেব-সুত শ্যামসুন্দর-বংশ।

শ্যামসুন্দরের রামগোবিন্দ তনয়,
কালীশঙ্কর ও রামকিশোর জন্ময়।
রামকিশোরের পুত্র রামচাঁদ হন,
জগচ্চন্দ্র, কানাই ও আনন্দমোহন।
রামচাঁদ হ'তে রামকেশব তনয়,
বৈকুণ্ঠ ও রামতনু, কমল জন্ময়।
রামকমলের মধুসূদন নন্দন;
তৎসুত নীলরত্ন ও কেশীসূদন,
সুরেন্দ্র, নগেন্দ্র আর জনমে তনয়,
নিলু সুত শিব, দুর্গা আমগাও রয়।

বৈকুণ্ঠ-তনয় তিন প্রাণকৃষ্ণ বড়,
গোপী ও অনাথবন্ধু হয় অতঃপর।
গোপীকৃষ্ণ-র শশধর গিরীন্দ্র তনয়।
অনাথবন্ধুর পুত্র পাঁচ জন হয়—
উপেন্দ্র, ফটিকচন্দ্র, রমণীরঞ্জন,
অপর গোবিন্দবন্ধু ও চন্দ্রমোহন।
রমণীরঞ্জন-সুত বীরেশ, রমেশ,
অতঃপর জনমিল যোগেশ সুরেশ।
ফটিকচন্দ্রের পুত্র শ্রীকৃষ্ণদাস,
অতঃপর হৃষিকেশ মাইজপাড়া বাস।
উপেন্দ্রনাথের জন্মে সত্যেন্দ্র নন্দন,
[illegible]বেন্দ্র, রমেন্দ্র [illegible] কনককান্তি [illegible]ন।
জগৎচন্দ্রের রাধামোহন নন্দন,
লালচন্দ্র, রাধাকৃষ্ণ তাহাপর হন।
রাধামোহনের পুত্র হরচন্দ্র হন,
সোভাবাজারেতে হয় বাসের ভবন।
গোবিন্দের পুত্র রাধা ও রামশঙ্কর,
শিব, গৌরী, বিশ্ব, জয়, ভবানীশঙ্কর।
রাধাকৃষ্ণ সুত প্রাণ, [illegible], হরি হন,
অপর ঠাকুরদাস জনমে নন্দন।
ঠাকুরদাসের রাজকুমার তনয়।
রাজকুমারের পুত্র শ্রীরাম জন্মায়।
শ্রীরামের কালী, হরি, অপূর্ব্ব, বিনয়,
গোপাল, [illegible], [illegible], শ্রীধর তনয়।

গৌরীশঙ্করের উমাশঙ্কর নন্দন,
শিবপ্রসাদ ও ষষ্ঠী বা দুর্গাচরণ।
শিবপ্রসাদের পুত্র আনন্দ, বদন,
রামচন্দ্র গিরিশচন্দ্র, ঈশ্বর, ভুবন।
আনন্দের জন্মে সর্ব্ব, প্রসন্ন নন্দন,
অপর অঘোরনাথ আমগ্রাম রন।
সর্ব্ব-সুত আশুতোষ জনমে নন্দন।
আশু-সুত ঠাকুর ও বিষ্ণু, রমা হন।
অঘোরের পুত্র শ্যামাধব, মন হয়।
প্রসন্নের পুত্র চন্দ্রকুমার জন্ময়।
ভুবনমোহন-সুত গঙ্গা রামদাস;
তৎসুত নীলকান্ত বেলগরে বাস।
বদন-তনয় নব, অম্বিকাচরণ,
কালীকুমার ও কালী আইরল রন।
কালীকুমারের পুত্র মাথন অগ্রজ,
অপর গোবিন্দলাল তাহার অনুজ।
মাথনলালের পুত্র গোপীনাথ হন,
কলিকাতাতে হয় বাসের ভবন।
ঈশ্বরের বিহারী ও অন্নদা নন্দন।
বিহারীলালের পুত্র দীনেশ সুজন।
ষষ্ঠী বা দুর্গার গুরুচরণ নন্দন,
আর ষষ্ঠী, শশী, চন্দ্র ও প্যারীমোহন।
গুরুচরণের পুত্র অভয়াচরণ,
অম্বিকা, অন্নদা আর ভবানীচরণ।

চন্দ্রমোহনের জন্মে বসন্ত সন্তান,
সাতক্ষিরা গ্রামে বটে হয় বাসস্থান।
রামকানাইর পুত্র ঈশান জন্মায়।
ঈশানচন্দ্রের গিরি, হরিশ্চ তনয়।
গিরিশচন্দ্রের পুত্র শ্রীশচন্দ্র নাম,
নকিপুর গ্রামে বটে হয় বাসধাম।
রাজকিশোরের পুত্র শিবানন্দ হন,
লভিয়ে কেশরকুলি মধ্যদেশ রন।

রামদেব-সুত সীতারাম-বংশ।

সীতারাম-সুত ব্রজকিশোর জন্মায়,
সদাশিব, শুকদেব, রামরাম হয়,
শঙ্কর, বিজয়রাম, রাজচন্দ্র হন,
কৃষ্ণচন্দ্র আর রামলোচন নন্দন।
শুকদেব-সুত হয় একাদশ জন—
কাশী, গোর, শম্ভুচন্দ্র, তারিণীচরণ,
গোপীনাথ, রামজয়, জগতমোহন,
কমলা, তারণ, দুর্গা ও কালীচরণ।
জগমোহনের ব্রজ, স্বরূপ নন্দন।
স্বরূপচন্দ্রের পুত্র উমা, রাধা হন,
মহিমাচন্দ্র ও শ্যামাচরণ জন্মায়।
শ্যামের ফটিকচন্দ্র,অনাথ তনয়।
উমাচরণের পুত্র আশু, কালীধন।
মহিমার পুত্র মধু, ভগবতী হন.

অতঃপর নারায়ণ, জানকী তনয়,
ইহাদের বাসস্থান খোলকেতে হয়।
ভগবতী হ'তে মতি নন্দন প্রবীর।
নারায়ণ-সুত জন্মে সুধীর, অধীর।
মধুসূদনের পুত্র সতীশ জন্ময়,
থাপুরা নামক গ্রামে বাসস্থান হয়।
গোপীনাথ-সুত তারাচরণ জন্ময়।
তারাচরণের জন্মে উমেশ তনয়।
তারণ-তনয় নবকান্ত জনময়।
নবকান্ত হ'তে জন্মে বিহারী তনয়।
গৌরসুন্দরের পুত্র হয় চন্দ্রকান্ত,
অপর ঈশানচন্দ্র আর বাণীকান্ত।
ঈশানের হরিষত, অনাথ নন্দন।
বাণীকান্ত-বংশধর প্রিয়নাথ হন।
কালীচরণের পুত্র শিব, উমা, শশী,
শিব সুত অম্বিকা হন বেন্দাগ্রাম বাসী।
অম্বিকার পুত্র ষষ্ঠী। তৎসুত হয়—
মুকুন্দলালের পুত্র জ্যোতীশ জন্ময়।
উমাচরণের মণিমোহন নন্দন,
শশী-সুত জন্মে চন্দ্র, বজ্রযোগী রন।

মহাযোগেশ্বর শুকদেব-সুত শম্ভু-বংশ। ৩২০ পৃঃ

শম্ভু-সুত জয়, কৃষ্ণ, মহেশ, মদন,
নীল, কালী, গৌর, গুরুপ্রসাদ নন্দন।

কালী সুত বিশ্বেশ্বর, ভারত জন্ময়,
তারক, যামিনীকান্ত অপর তনয়।
বিশ্বেশ্বর হ'তে জন্মে গোপাল তনয়,
অপর দীনেশচন্দ্র জনম লভয়
জয়চন্দ্র হ'তে হর, কমল নন্দন,
অনাথ কমল সুত কোন্নগ্রামে রন।
মহেশের শশধর, বিহারী প্রসন্ন,
বিপিন, সতীশ, চন্দ্র ও কালীপ্রসন্ন।
কালীপ্রসন্নের পুত্র সুরেন্দ্রমোহন,
দ্বিজেন্দ্রনাথের পর ললিত নন্দন।
বিহারীর ব্রহ্মানন্দ জনমে নন্দন
অতঃপর যোগানন্দ কলাকাঠী রন।
প্রসন্নের চারি সুত নালু নিবারণ,
লালমোহন ও ইন্দু কাশীপুর রন।
গুরুপ্রসাদের জন্মে রসিক নন্দন।
মদনের পুত্র হরলাল নিবারণ,
কামাখ্যা, তারক, হরি ও রাজমোহন।
তারপাসা, বজ্রযোগী বাসের ভবন।
গৌরমোহনের পুত্র পঞ্চদশ জন—
শশী, গঙ্গা, প্যারী, রাই, পরেশমোহন,
মথুরা, উপেন্দ্র, রাম, কিশোরী, কামিনী,
ললিত, অন্নদা, রাজ, দৈব, ইন্দ্র, বেণী।
গঙ্গামোহনের পুত্র মোহিনীমোহন,
আউটসাহীতে বটে বাসের ভবন।

মুখ সীতারাম-সুত কৃষ্ণচন্দ্র-বংশ।

কৃষ্ণচন্দ্র-সুত চারি হরিনাথ হন,
রঘুনাথ, রাধানাথ, কানাই নন্দন।
হরিনাথ-বংশধর হয় বার জন—
চন্দ্রনাথ ও ভারত, গোলোক, বদন,
পীতাম্বর, শম্ভুনাথ, কালীকা, আনন্দ,
জগত ও কাশী, শ্যামাচরণ গোবিন্দ।
চন্দ্রনাথ-বংশধর দ্বারিকা, রজনী।
ভারতচন্দ্রের পুত্র ঈশানকে গণি।
ঈশানের বংশধর হয় তিন জন—
বিলাস, শীতল আর শরৎ নন্দন।
দ্বারিকানাথের জন্মে মহেন্দ্র তনয়,
বর্ত্তমান বাসস্থান মানপাশা হয়।
পীতাম্বর-সুত পূর্ণ, প্রসন্ন জন্ময়,
মথুরা ও চন্দ্রকান্ত জনম লভয়।
পূর্ণচন্দ্র হ'তে সত্য, বিপিন নন্দন,
সেনহাটী গ্রামে হয় বাসের ভবন।
বিপিনবিহারী-সুত প্রফুল্ল জন্ময়।
সত্যচরণের জন্মে অমূল্য তনয়।
মথুরার পুত্র হরিবিলাস, অশ্বিনী।
অশ্বিনীকুমার-সুত গৌরচন্দ্র গণি।
গোবিন্দচন্দ্রের পুত্র পূর্ণচন্দ্র হন,
অগ্রজ বিহারীলাল জনমে নন্দন।

রঘুনাথ-সুত গঙ্গাগোবিন্দ, ঈশান,
নীল, নন্দ, লালচাঁদ, ঈশ্বর সন্তান;
গঙ্গাগোবিন্দের পুত্র মহেশ জন্ময়,
অপর হারাণচন্দ্র জনমে তনয়।
কনাইর পুত্র শ্যামাচরণ জন্ময়,
কালিদাস, কালী, নীলকমল তনয়,
অতঃপর ভোলানাথ জনমে নন্দন;
কালিদাস-বংশধর অম্বিকাচরণ।
শ্যামাচরণের গুরুপ্রসাদ নন্দন।
গুরু-সুত দীননাথ রামসিদ্ধি হন।
রামলোচনের পুত্র হয় পাঁচ জন—
হরচন্দ্র, গৌরচন্দ্র, রাজীবলোচন,
মদনচন্দ্রের পরে লালচন্দ্র হন।
গৌরচন্দ্র-বংশধর দৈবচন্দ্র হন।

সীতারাম-সুত সদাশিব-বংশ।

সদাশিব-সুত হয় ভবানীশঙ্কর,
রামতনু, গোরাচাঁদ, লক্ষ্মী অতঃপর।
গোরাচাঁদ-সুত জন্মে প্রবোধ, ঈশ্বর,
খরদহ বাসস্থান বিদিত নগর।
ভবানীশঙ্কর সুত রামনারায়ণ,
উমা, রামা আর শ্যামাচরণ নন্দন।
রামনারায়ণ হ'তে বরদা তনয়।
বরদার বাণী, উগ্র, নীলকণ্ঠ হয়,

পঞ্চানন আর উমাশঙ্কর নন্দন,
বাণীকণ্ঠ-সুত জন্মে গিরিজাভূষণ।
উগ্রকণ্ঠ-সুত সিতিকণ্ঠ জনম্বয়,
ইহাদের বাসস্থান চাঁদরাতে হয়।
লক্ষ্মীনারায়ণ-সুত ঈশ্বর জন্ময়,
দীন ও ফকিরচাঁদ, গোপাল তনয়।
দীননাথ বংশধর নীলাম্বর হন,
ছরাট গ্রামেতে বটে বাসের ভবন।
ঈশ্বরচন্দ্রের পুত্র হয় দুই জন,
বিষ্ণুচরণের হয় গোলদিং ভবন।
যাদবচন্দ্রের কালীঘাট বাসস্থান,
যাদবের রামচন্দ্র জনমে সন্তান।
করুণাকান্তের হয় রাজাপুর ধাম।
আনন্দবিহারী গ্রাম ডোমসার নাম।
রামধন ও কেদার ও মধুসূদন,
মধুর তনয় আশু কলস্কামি রন।

মুখ সীতারাম—সুত বিজয়-বংশ।

বিজয়রামের পুত্র জগন্নাথ বড়,
হরপ্রসাদ ও রাধাকান্ত অতঃপর।
জগন্নাথ হ'তে গুরুপ্রসাদ নন্দন,
প্রাণ, উমা, গৌরী, গুরু, কাশী, পূর্ণহন।
গুরুপ্রসাদের নীলকমল তনয়,
লোকনাথ, কুল, প্যারী, ঈশ্বর জন্ময়।

ঈশ্বরের সুত চারি নবীন, রাজেন্দ্র,
অতঃপর আশুতোষ জনমে হরেন্দ্র।
নবীনচন্দ্রের পুত্র দেবেন্দ্র, বীরেন্দ্র,
হরেন্দ্রের বংশধর জনমে নগেন্দ্র,
রাজেন্দ্র-সুত হীরেন্দ্র, প্রভাত, কানাই
রেণু ও নগেন্দ্রনাথ কনিষ্ঠ বলাই;
নীলকমলের শশী, রজনী নন্দন
মথুরা, প্রসন্ন রাজ, নিশি, চন্দ্র হন।
শশী-বংশধর চিন্তাহরণ তনয়।
মথুরার শ্রীনাথ ও দেবেন্দ্র তনয়,
নগেন্দ্র, জানকীনাথ, ভোলানাথ হয়,
অনুজ শীতলচন্দ্র জনম নন্দন।
প্রসন্নচন্দ্রের পুত্র হয় তিন জন—
অমৃত ও হর্ষনাথ আর নিবারণ,
নিশিকান্ত-সুত জ্ঞান, বঙ্কিম তনয়,
রজনীর সুরেশ ও দীনেশ তনয়।
অতঃপর জগদীশ জনমে নন্দন,
চন্দ্রকান্ত-বংশধর হয় পাঁচ জন—
দুর্গাকান্ত, উমাকান্ত সূর্যকান্ত আর,
শ্যামাকান্ত, রমাকান্ত জনমে কুমার।
রাজকুমারের হরকুমার তনয়।
হেমন্তকুমার আর জনম লভয়।
কালীপ্রসাদের পুত্র তারিণী জন্ময়।
তারিণীচরণ সুত জগদীশ হয়।

গৌরিপ্রসাদের জন্মে অন্নদা তনয়,
অন্নদাপ্রসাদ-সুত কালী জনময়,
ধানকোরা গ্রামে বটে বাসের ভবন।
গুরুর তনয় রাম, সীতা, যদু হন,
রামচরণের জন্মে বিহারী নন্দন,
কাঁচিয়াল গ্রামে বটে বাসের ভবন।
উমাচরণের পুত্র সারদাচরণ।
সারদার জন্মে রাজকুমার নন্দন,
আশুতোষ, পঞ্চানন, অবিনাশ হন,
নিরদ, জুগান আর গাকড়িয়া বন।
হরপ্রসাদের জন্মে অন্নদা তনয়,
শ্রীনাথ ও শিব, উমা, কমল জন্ময়।
শ্রীনাথ-তনয় জন্মে প্রসন্ন সুজন।
প্রসন্নের বিপিন ও ললিত নন্দন।
অন্নদাপ্রসাদ সুত সারদা জন্ময়।
শিবপ্রসাদের পুত্র তিন জন হয় —
তারিণী, প্রসন্ন, কালীচরণ জন্ময়।
তারিণীর পূর্ণ, সীতা, কেবল তনয়।
সীতানাথ বংশধর ললিতমোহন,
অতঃপর হরি, প্যারী জনমে নন্দন।

মুখ সীতারাম-সুত শঙ্কর-বংশ।

শঙ্করের পুত্র চণ্ডীচরণ জন্ময়,
উদয়, ফকিরচাঁদ জনমে তনয়

ফকিরচাঁদের জন্মে শীতল নন্দন।
শীতলচন্দ্রের পুত্র হয় পাঁচ জন—
রজনী, অঘোরনাথ, শরৎ জন্ময়,
অতঃপর পূর্ণচন্দ্র, কামিনী তনয়।
পূর্ণচন্দ্র-সুত হয় ফটিক, নলিনী,
চণ্ডীর তনয় গৌরী, জয়দেব, গণি।
জয়দেব হ'তে হয় অমৃত তনয়।
অমৃতলালের সুত যোগেন্দ্র জন্ময়।
উদয়চাঁদের পুত্র প্রাণনাথ হন,
অপর কমলাকান্ত জনমে নন্দন।
কমলাকান্তের পুত্র তারিণীচরণ,
কাশীচন্দ্র, গৌরীকান্ত, গোলোক নন্দন।
তারিণীর পুত্র রাজবিহারী জন্ময়,
বিক্রমপুরেতে বটে বাস স্থান হয়।

মুখ সীতারাম-সুত রামরাম-বংশ

রাম-সুত লক্ষ্মী, গৌরী, কমলা জন্ময়।
লক্ষ্মীর শ্রীনাথ, ভগবান, রাম হয়।
গৌরীকান্ত-বংশধর জন্মে চন্দ্রকান্ত,
অতঃপর দুর্গাকান্ত আর অন্নকান্ত।
ভগবান-সুত দুর্গা, মদনমোহন,
আদিত্য, আনন্দ, দীননাথ, বৃন্দাবন।
আদিত্যচন্দ্রের পুত্র কামিনী জন্ময়।
দুর্গাচরণের পুত্র অনুকূল হয়।

আনন্দচন্দ্রের পুত্র অম্বিকাচরণ,
অপর প্রতাপচন্দ্র, প্যারী, নিবারণ।
প্রতাপের পুত্র রাজমোহন জন্ময়।
দীননাথ হ'তে ব্রজ, গোপাল তনয়।
ব্রজলাল-সুত বনয়ারীলাল হয়,
অগ্রজ মিহিরলাল জনমে তনয়।
রাজচন্দ্র হ'তে হরগোবিন্দ নন্দন।
হরগোবিন্দের পুত্র হয় সাত জন—
জগবন্ধু, জগচ্চন্দ্র, ঈশান, মোহন,
শম্ভুচন্দ্র, কাশীচন্দ্র, ভারত নন্দন।
জগবন্ধু বংশধর শিবদাস হয়।
শিবদাস-সুত ব্রহ্মানন্দ জনময়।
বসন্ত, বিহারী, শশিভূষণ, নন্দন,
অতঃপর বনমালী বংশধর হন।
ব্রহ্মানন্দ-বংশধর হন কালিদাস।
বিহারীর বংশধর জন্মে দুর্গাদাস।
জগচ্চন্দ্র-সুত দুর্গাচরণ জন্ময়,
অপর মহিমাচন্দ্র জনমে তনয়।
ঈশানচন্দ্রের পুত্র আশুতোষ হন,
পূর্ণচন্দ্র ও নবীন জনমে নন্দন।
পূর্ণচন্দ্র বংশধর মতিলাল হন।
মতির কানাইলাল বংশধর হন।
নবীনচন্দ্রের শচ্চীদানন্দ তনয়।
শম্ভুচন্দ্র-বংশধর ভগবান হয়।

ভারতচন্দ্রের জন্মে প্রসন্ন নন্দন,
কুকুটিয়া গ্রামে হয় বাসের ভবন।

মুখ রামদেব—সুত পাঁচু-বংশ।

পাঁচু-সুত মহাদেব, ভৈরব জন্ময়,
আরও জনমে নন্দকুমার তনয়।
মহাদেব-সুত দেবীপ্রসাদ তন্ময়,
তারাচাঁদ, চণ্ডী, দুর্গাপ্রসাদ তনয়,
বিশ্বনাথ আর কালীচরণ নন্দন।
কালী-সুত ব্রহ্মানন্দ, রামচন্দ্র হন।
ব্রহ্মানন্দ-সুত চন্দ্রমোহন জন্ময়,
অপর মহিমাচন্দ্র, কৈলাস তনয়।
রাম-সুত গঙ্গাহরি, প্রতাপ, ঈশ্বর,
বৃন্দাবন, কালী, মধু, শ্রীনাথ, শঙ্কর।
গঙ্গাহরি-বংশধর যামিনী, রমণী।
মধু-সুত শশিকান্ত, সতীশ, কামিনী।
মহিমার বংশধর রসিক অগ্রজ,
অতঃপর নারায়ণ তাহার অনুজ।
কৈলাসের পুত্র নীলরতন জন্মায়,
চন্দ্রমোহনের জন্মে সুরেন্দ্র তনয়।
বিশ্বনাথ-সুত কালাচাঁদ জনময়,
সুন্দরদী, বাকপুর বাসস্থান হয়।
নন্দকুমারের পুত্র কাশীনাথ হন;
তৎসুত জন্মে দুর্গা, পার্ব্বতীচরণ,

অতঃপর আর শ্যামাচরণ জন্মায়,
শ্যামার নেপাল আর গোপাল তনয়।
দুর্গাচরণের বামাকুমার নন্দন,
পুন্দরদী, স্থলগ্রামে বাসের ভবন।
পার্ব্বতীচরণ-সুত রামচন্দ্র হন,
সপর্য্যায় কুল ক'রে পঞ্চসার রন।
ভৈরবচন্দ্রের পুত্র হয় চারি জন—
গৌর, রূপ, হরচন্দ্র ও জগমোহন।
রূপ-সুত ক্ষেত্র, গুরু, অভয়াচরণ।
ক্ষেত্র-সুত যদু, ষষ্ঠী, অমু, রাই হন।
গৌরচন্দ্র-সুত হরি, রামচন্দ্র হয়,
কালীচন্দ্র, পূর্ণচন্দ্র, কৈলাস তনয়।
পূর্ণচন্দ্র-বংশধর হয় তিন জন—
নিবারণ, আর শ্যামা, শীতল নন্দন।
নিবারণ-সুত হর্ষনাথ, চন্দ্র হয়,
ভবতারণ ও দীনতারণ তনয়।
শ্যামাচরণের পুত্র সুরেন্দ্র, জ্যোতীন্দ্র,
ভোলানাথ হর্ষনাথ, দিগেন্দ্র, উপেন্দ্র,
চন্দ্রনাথ, সুধাংশু ও নরেন্দ্র তনয়,
খান্দারপাড়ায় বটে বাসস্থান হয়।
শীতল-তনয় রাম, ভরত, লক্ষ্মণ,
অপর আগরটায় বাকাল স্থাপন।
কালী হ'তে মধু আর গোপাল তনয়,
ধলিয়াকোটায় বটে বাসস্থান হয়।

জগমোহনের পুত্র বিশেশ্বর হয়,
অতঃপর গুরুদাস জনমে তনয়।
হরচন্দ্র-সুত কৃষ্ণ, কমলা অন্বয়,
কালীকান্ত, চন্দ্রনাথ, ভারত তনয়।
কালীকান্ত-সুত গুরুচরণ অন্বয়,
ষষ্ঠী, গিরি, শ্রীশ আর প্রসন্ন তনয়।
গুরুচরণের জন্মে যাদব নন্দন,
সারল গ্রামেতে বটে বাসের ভবন।
গিরিশচন্দ্রের পুত্র জন্মে পঞ্চানন,
হরিদাস, নীলকান্ত, যামিনী নন্দন।
শ্রীশচন্দ্র-সুত নিশি, শরৎ জনম,
নীলচন্দ্র, উমেশ ও সতীশ তনয়।
কৃষ্ণমোহনের পুত্র উমেশ অন্বয়,
অনুজ কেদার, গঙ্গা, শ্যামাকান্ত হয়।
উমেশচন্দ্রের জন্মে মহেন্দ্র নন্দন।
অমৃতলালের পুত্র হয় পাঁচজন—
সীতানাথ, রামলাল, অঘোর নন্দন,
অপর কেশবলাল, শ্যামলাল হন।
চন্দ্রনাথ-বংশধর যজ্ঞেশ্বর হন,
অপর আনন্দচন্দ্র বাগহাট রন।
কমলাকান্তের তারাপ্রসন্ন নন্দন,
কালী, বামা, কুলচন্দ্র, হর, কালীধন।
কালীকান্ত-সুত মধুসূদন অন্বয়,
অপর ত্রৈলোক্যনাথ জনম লভয়।

তারাপ্রসন্নের পুত্র হয় তিন জন—
রসিক, শরৎচন্দ্র, জাহ্নবীচরণ।
রসিকের সুরেন্দ্র ও মণীন্দ্র তনয়।
শরৎচন্দ্রের পুত্র দুই জন হয়—
রমেশ, ক্ষিরোদচন্দ্র জনমে নন্দন,
তারাকুপী গ্রামে বটে বাসের ভবন।

মুখ রামদেব—সুত কন্দর্প-বংশ।

কন্দর্পের পদ্মনাভ, শ্রীকান্ত নন্দন।
শ্রীকান্ত-তনয় চারি ভবানী, লোচন
অতঃপর গৌরী, রামশঙ্কর নন্দন।
ভবানী-তনয়, গঙ্গা রাজনারায়ণ,
রামশঙ্করের পুত্র গুরু, দীন হয়,
সৃষ্টিধর, হরচন্দ্র, কানাই তনয়।
রামকানাইর পুত্র প্রাণনাথ হন।
লোচনের র মধুর মহেন্দ্র নন্দন।
মহেন্দ্রের জন্মে বিপ্রচরণ তনয়;
তৎসুত বঙ্ক, ভূপ, বিপিন জন্ময়।
পদ্মনাভ-সুত হয় বলরাম বড়,
জগন্নাথ, গোকুলনাথ আর বংশধর।
বলরাম-বংশধর রামচন্দ্র হন,
অতঃপর জনমিল অভয়াচরণ।
রামচন্দ্র-বংশধর রামকৃষ্ণ হন,
ঈশ্বর, গোবিন্দচন্দ্র জনমে নন্দন।

গোবিন্দচন্দ্রের পুত্র কুমুদিনী হয়,
অপর শীতলচন্দ্র, বরদা তনয়।
শীতলচন্দ্রের পুত্র প্রতাপ, ললিত।
কুমুদিনী সুত হয় যামিনী, তরিত।
ঈশ্বরের গিরিশ ও প্রভাত নন্দন।
রত্নকৃষ্ণ-বংশধর হয় চারি জন—
দ্বারিকা, জানকীনাথ, অম্বিকাচরণ,
আরও জনমে নীলকমল নন্দন।
অম্বিকার প্রিয়নাথ, উপেন্দ্র, অক্ষয়,
তনয়গণের বাস রসুলপুর হয়।
শরৎ, সারদা, মনোরঞ্জন-তনয়,
অতঃপর আর লালমোহন জন্ময়।
জানকীনাথের পুত্র নিশিকান্ত হন।
দ্বারিকার বংশধর হয় ছয় জন—
ত্রৈলোক্য, বরদাকান্ত, সারদাচরণ,
নারায়ণ ও রাজেন্দ্র, অক্ষয় নন্দন।
অভয়াচরণ সুত প্রসন্ন জন্ময়,
অতঃপর জন্মে শশিভূষণ তনয়।
প্রসন্নচন্দ্রের জন্মে প্রহ্লাদ নন্দন,
তাহার অগ্রজ রাজকুমার সুজন।
শশিভূষণের পুত্র আদিত্য জন্মায়,
কিশোরীমোহন আর জনমে তনয়।
জগন্নাথ-বংশধর শম্ভুচন্দ্র হন।
শম্ভুর তারিণী, গুরু, প্রতাপ মদন।

গুরু-সুত কৃষ্ণচন্দ্র, জানকী তনয়।
মদনের জন্মে লালমোহন তনয়।
কৃষ্ণচন্দ্র-বংশধর হয় চারি জন—
অবিনাশ, কালীপদ, শ্যামাপদ হন,
তদনুজ তারাপদ জনম লভয়,
বাইঘা নামক গ্রামে বাসস্থান হয়।
লোকনাথ বংশধর হরচন্দ্র হন,
নাগেশ্বার, চন্দ্রযোগী বাসের ভবন।

রামদেব-সুত কৃষ্ণজীবন-বংশ।

কৃষ্ণজীবনের পুত্র হয় ছয় জন—
জয়গোপাল ও মধুসূদন, মদন,
বাসুদেব, নন্দ, রামগোপাল তনয়।
মধুসূদনের কালীচরণ তনয়।
কালীচরণের কাশী, ঈশ্বর নন্দন,
আর উমাশঙ্কর ও জগতমোহন।
ঈশ্বরচন্দ্রের শ্যামাচরণ নন্দন।
উমাশঙ্করের পুত্র পিতাম্বর হন।
বাসুদেব হ'তে দুর্গাপ্রসাদ নন্দন,
আর চণ্ডীচরণ ও পার্ব্বতীচরণ।
পার্ব্বতীচরণ-সুত আনন্দ জন্ময়।
চণ্ডীচরণের জন্মে ঈশ্বর তনয়।
দুর্গাপ্রসাদের পুত্র জন্মে উমানাথ,
ভগবান, জগচ্চন্দ্র, রাম, চন্দ্রনাথ।

রামগোপালের পুত্র হরিহর হন।
হরিহর-সুত গৌরী, প্রাণনাথ রন।
জয়গোপালের পুত্র কাশীনাথ হয়,
অতঃপর মনোহর জনম লভয়।
মদনগোপাল-সুত রঘুনাথ হন,
হরিনাথ, হরনাথ জনমে নন্দন।
রঘুনাথ হ'তে শিব, আনন্দ তনয়।
হরিনাথ-সুত তিন জনম লভয়,
ঈশ্বর, কৈলাসচন্দ্র, বিষ্ণুচন্দ্র হন।
ঈশ্বরচন্দ্রের জন্মে গোবিন্দ নন্দন,
রামকৃষ্ণ ও নবীন জনমে তনয়।
নবীনচন্দ্রের পুত্র প্রিয়নাথ হয়।

নারায়ণ-পুত্র রামকান্ত-বংশ।

রামকান্ত-সুত রামসুন্দর জন্মায়,
রামকিশোর ও রামকানাই তনয়।
রামসুন্দরের পুত্র জন্মে বৃন্দাবন,
কাশীনাথ, শম্ভুনাথ, হরিনাথ হন।
বৃন্দাবন-সুত রাম, কৃষ্ণ, ভগবান,
ঈশ্বর, স্বরূপ, রাধা, ও শ্যামা সন্তান।
ঈশ্বরের ব্রজনাথ, অনাথ, অমর,
বিলাস, রজনী, শশী, মধু বংশধর।
অমরচাঁদের জন্মে বসন্ত নন্দন,
বিভোগ নামক গ্রামে বাসের ভবন।

ব্রজনাথ-বংশধর সীতানাথ হন,
অতঃপর জন্মে কালীপ্রসন্ন নন্দন।
অনাথবন্ধুর রাজমোহন তনয়,
দক্ষিণারঞ্জন আর অতঃপর হয়।
রাজমোহনের পুত্র বাসুদেব হন,
আর চন্দ্রমোহনও কলসকাঠী রন।
বিলাসচন্দ্রের পুত্র সুরেশ তনয়,
ভাঁরপাশা গ্রামে বটে বাসস্থান হয়।
কৃষ্ণচন্দ্র-বংশধর কাশীচন্দ্র হয়,
কান্তচন্দ্র, রঙ্গ, চন্দ্র, মহেশ তনয়।
মহেশের মহিমা ও ভারত নন্দন,
সতীশ, মহিমা সুত অনাথ সুজন।
কান্ত-সুত প্রভাত ও হরিশ, গগন।
হরিশচন্দ্রের জন্মে মহেশ নন্দন।
কাশীচন্দ্র-সুত গিরি, জগদীশ হন,
রসিক, মাধব, দীন ও গুরুতারণ।
রসিকের বৈদ্যনাথ সুরেশ তনয়,
অপর যোগেশচন্দ্র জনম লভয়।
গিরিশ-তনয় আশু, নিরদবরণ,
বীরেশ্বর ও অতুল, খগেন্দ্র নন্দন।
নিরদবরণ-সুত নীলকণ্ঠ হয়।
বীরেশ্বর হ'তে ছয় জনমে তনয়,
বিজয়, মাধব, ইন্দুভূষণ নন্দন,
অনন্ত, বিনয়, বেণী কলসকাঠী রন।

রাসুর তনয় চারি বিশ্বেশ্বর হয়,
রামেশ্বর. রাম, কালীকুমার তনয়।
রামকুমারের চন্দ্রমোহন তনয়,
অপর তনয় রাজমোহন জন্ময়।
চন্দ্রমোহনের পুত্র পূর্ণচন্দ্র হন।
পূর্ণচন্দ্র-বংশধর প্রবল, মাখন,
অনুজ প্রভাতচন্দ্র, যদুনাথ হয়।
বিশ্বেশ্বর সুত দুর্গা, প্রতাপ জন্ময়।
রামেশ্বর হ'তে লালু ও প্যারীমোহন,
অনাথ ও নিশিকান্ত বংশধর হন।
কালীকুমারের পুত্র সীতানাথ হয়,
অনুজ বৈকুণ্ঠনাথ জনমে তনয়।
বৈকুণ্ঠনাথের পুত্র কাঙ্গালীচরণ,
কাঁচিয়াল গ্রামে বটে বাসের ভবন।
স্বরূপ-তনয় হরি, উমা জন্ময়।
হরিচরণের জন্মে বিনোদ তনয়।
শ্যামাচরণের জন্মে গোপাল নন্দন,
ফটিক, আনন্দ, দীননাথ জন্ম লন।
ফটিকের হেম, গোবিন্দ, মাখন সন্তান।
আনন্দের পুত্র শশী, নেপাল, হারাণ।
রাধাচরণের রাজবিহারী তনয়,
নবীন, দ্বারকানাথ জনম লভয়।
রাজবিহারীর রায়বিহারী নন্দন।
নবীনের পুত্র শশিভূষণ সুজন।

ভগবান-বংশধর আনন্দ জন্ময়,
অপর ঈশানচন্দ্র জনমে তনয়।
ঈশানচন্দ্রের পুত্র ললিত, মদন,
অপর জানকীনাথ, যোগেশ নন্দন।
মদনমোহন-সুত সতীশ জন্ময়,
আউটসাহিতে বটে বাসস্থান হয়।

রামকান্ত-সুত রামকিশোর-বংশ।

রামকিশোরের শিবপ্রসাদ নন্দন;
তৎসুত রামরাম, রাজীবলোচন,
ত্রিলোচন আর রাজকুমার নন্দন,
আরও জনম লভে কমললোচন।
রাজীবের বিশ্বচন্দ্র বংশধর হয়।
বিশ্বচন্দ্র-সুত প্যারীমোহন জন্ময়।
কমললোচন সুত চন্দ্রকান্ত হয়,
রাজচন্দ্র, ঈশান ও মথুরা তনয়।
রাজচন্দ্র হ'তে জন্মে শীতল নন্দন।
ত্রিলোচন-সুত গিরি, জগচ্চন্দ্র হন।
গিরিশচন্দ্রের পুত্র ত্রিপুরা'চরণ,
অতঃপর জটাধর, দীনেশ নন্দন।
জগৎচন্দ্রের পুত্র শশী জনময়,
ইহাদের বাসস্থান কাঁচিয়াল হয়।

মুখ রামকানাই-বংশ।

রামকানাইর পুত্র কৃষ্ণরাম হন,
গঙ্গারাম আর পদ্মলোচন নন্দন,
বৃন্দাবন, জগ, হরমোহন, বিজয়।
পদ্মলোচনের দুর্গা প্রসাদ তনয়।
কৃষ্ণরাম-সুত গৌরীপ্রসাদ তনয়,
তারিণী, আনন্দচন্দ্র, কমল তনয়।
আনন্দের কালাচাঁদ, গিরিশ তনয়।
বিজয়ের-বংশধর নিতাই তনয়।

নারায়ণ-সুত মুল্লুকচাঁদ-বংশ।

মুল্লুকচাঁদের পুত্র গোপাল তনয়,
অতঃপর জনমিল মাণিক তনয়।
গোপাল-তনয় শিব, অন্নদাচরণ,
অতঃপর কৃষ্ণ, হরিপ্রসাদ নন্দন।
কৃষ্ণপ্রসাদের নীলু, কমলা তনয়,
কালী, গুরু, চন্দ্রকান্ত, গোবিন্দ তনয়।
কমলাকান্তের পুত্র ভগবান হন,
আর দীন, কালীবন্ধু জনমে নন্দন।
ভগবান-বংশধর প্রসন্ন তনয়।
কালী হ'তে হরি, হর, অনাথ তনয়,
মধুসূদন ও রাসবিহারী নন্দন,
খলিশাকোটায় বটে বাসের ভবন।

হরবন্ধু-সুত মনমোহন জন্ময়,
পালং নগর মধ্যে বাসস্থান হয়।
অনাথের নিবারণ, নিরঞ্জন তনয়,
হিজলতলা ও নলচিরা বাস হয়।
মধু হ'তে বিধু, হরপ্রসন্ন নন্দন,
উজিরপুরেতে হয় বাসের ভবন।
চন্দ্রকান্ত-সুত নব, ভোলানাথ হন,
গিরিশ ও রাধা, রামকুমার নন্দন।
রামকুমারের পুত্র আনন্দ জন্ময়,
অশ্বিনী, কামিনী বাস চাঁদসীতে হয়।
নবকুমারের পুত্র অম্বিকাচরণ,
অশ্বিনীকুমার, কৃষ্ণ পালং গ্রামে রন। ১
নীলমণি-সুত উদয়চাঁদ জন্ময়।
গোবিন্দচন্দ্রের পুত্র হরিবন্ধু হয়।
হরিপ্রসাদের পুত্র গঙ্গা, কালী হন।
গঙ্গার ভুবন গিরি, নবীন, রমণ।
নবীনের পুত্র কালীপ্রসন্ন অগ্রজ,
বাগবাজার বসতি বলাই অনুজ।
কালীচরণের পুত্র হয় দুই জন—
প্রসন্নকুমার, শ্যামাচরণ নন্দন।
প্রসন্নকুমার-সুত দ্বারকা জন্ময়।
শ্যামাচরণের রামচরণ তনয়।
শিবচরণের হরচরণ নন্দন,
অতঃপর বীরেশ্বর ভবে জন্ম লন।

হরচরণের পুত্র উমা, শ্যামা হন।
উমাচরণের বামাচরণ নন্দন।
বীরেশ্বর-সুত বিশ্বেশ্বর, রমেশ্বর,
তারক, কেদার, উমেশ্বর, যোগেশ্বর।
বিশ্বেশ্বর-সুত অমৃত ও রামেশ্বর।
তারকেশ্বরের পুত্র হয়. সুরেশ্বর,
অপর ভুবনেশ্বর জনমে তনয়।
রমেশ্বর-সুত কালীচরণ জন্মায়।
কেদারেশ্বরের জন্মে ত্রিপুরা নন্দন,
অতঃপর মুক্তেশ্বর, শৈলেশ্বর হন।
যোগেশ্বর-সুত চারি জ্ঞানেশ্বর হন,
কুমুদ, নীরদ, কিম্বা কালীঘাট জন।
মাণিক-তনয় দেবী, দুর্গা রামরাম,
অপর আনন্দচন্দ্র জন্মে দয়ারাম।
দুর্গাপ্রসাদের গৌরীপ্রসাদ তনয়।
গৌরী-সুত ঈশান ও উমেশ জন্মায়।
গোকুল, রমেশ, হরি জনমে নন্দন।
উমেশচন্দ্রের পুত্র হয় তিন জন—
মহিমা, প্রসন্ন গুরুচরণ নন্দন।
গোকুলচন্দ্রের পুত্র অন্নদাচরণ,
অপর নরেন্দ্রনাথ, প্রমথ জন্মায়,
কালীঘাট, সানগর বাসস্থান হয়।

নারায়ণ সুত নিমুনামাশঙ্কর-বংশ।

শঙ্কর-তনয় রাম, রাধানাথ হন,
রামনাথ আর কৃষ্ণকিশোর নন্দন।
রামনাথ-সুত রমা, কালীনাথ হয়,
চন্দ্রকান্ত, গঙ্গাকান্ত, জনমে তনয়।
রমানাথ-সুত গৌরীকান্ত, নীলমণি।
কালীনাথ-সুত শিবনাথ, গুণমণি।
শিবের সুরেশচন্দ্র জনমে তনয়।
গঙ্গাকান্ত-বংশধর তিন জন হয়—
রমেশ, তারণচন্দ্র, নবীন নন্দন।
তারণের পুত্র ননী বেণগরে রন।
রাধানাথ-সুত কৃষ্ণনাথ জনময়,
অপর শ্রীনাথ, রামকুমার তনয়।
শ্রীনাথের পুত্র হরিকিশোর জন্ময়,
আরও জনমে নবকুমার তনয়।
হরিকিশোরের রামমোহন নন্দন;
কৃষ্ণনাথ-বংশধর রামরাম হন।
রামকুমারের পুত্র হয় আট জন—
গোলোক, আনন্দচন্দ্র, তারক, মদন,
মহানন্দ, গুরুদাস, শিবচন্দ্র হয়,
অপর দ্বারকানাথ জনমে তনয়।
আনন্দচন্দ্রের পুত্র নীলকান্ত হন,
কেদার, কমলাকান্ত, শশিকান্ত রন।

নীলকান্ত-বংশধর বিপিন জন্মায়,
কানরগাঁও গ্রামেতে বসতি করয়।
কমলাকান্তের পুত্র দীনবন্ধু হন,
গোলোকবিহারী-সুত হয় চারি জন—
পুলিনবিহারী আর বীরেশ্বর হয়,
অনন্ত, বৈকুণ্ঠনাথ জনমে তনয়।
তারকচন্দ্রের জন্মে প্রসন্ন নন্দন।
রাজেন্দ্র, প্রসন্ন-সুত পালং গ্রামে রন।
মদনগোপাল-সুত উমেশ জন্মায়,
চিন্তাহরণ ও প্রিয়মোহন তনয়।
উমেশের চারুচন্দ্র, যাদব নন্দন।
প্রিয়মোহনের পুত্র রমণীমোহন।
শিব-সুত তরুণ ও করুণা জন্মায়,
অতঃপর পরীক্ষিত জনমে তনয়।
রামচন্দ্র বংশধর একাদশ জন—
দুর্গা, শিব, গৌরী, কালী, মহেশ নন্দন,
রামেশ্বর, হরচন্দ্র, কাশীচন্দ্র হন,
তিলক, আনন্দচন্দ্র, বৈদ্যনাথ রন।
শিবচন্দ্র বংশধর মহেশ জন্মায়।
মহেশচন্দ্রের জন্মে মহিম তনয়।
কালীপ্রসাদের দুর্গাচরণ তনয়,
জগচ্চন্দ্র, গুরুদাস অতঃপর হয়।
জগৎচন্দ্রের পুত্র অম্বিকাচরণ।
হরচন্দ্র বংশধর হয় তিন জন—

কালী, তারাপ্রসন্ন ও অভয়াচরণ।
তারাপ্রসন্নের পুত্র হয় তিন জন—
গিরিজাপ্রসন্ন আর বিরজাপ্রসন্ন,
অতঃপর জনমিল নগজাপ্রসন্ন।
আনন্দচন্দ্রের জন্মে বিপিন তনয়,
প্রতাপকাটিতে বটে বাসস্থান হয়।
কৃষ্ণকিশোরের পুত্র হয় সাত জন—
কালী, হরিকিঙ্কর ও রামনিধি হন,
কালীপ্রসাদ ও রামলোচন তনয়,
অপর তারকচন্দ্র, তিতু জনময়।
কালীকিঙ্করের পুত্র দীনবন্ধু হন।
হরিকিঙ্করের চন্দ্রমোহন নন্দন,
রাসবিহারী ও গুরুচরণ, ঈশান,
পরীক্ষিত আর রাধামাধব সন্তান।
চন্দ্র-সুত বিধু রামভদ্রপুর হয়।
নিধি হ'তে কৈলাস ও ঈশ্বর তনয়।

নীলকণ্ঠ-সুত শ্রীধর ঠাকুর-বংশ।

২৭। শ্রীধর ঠাকুর-সুত হয় তিন জন—
২৮। রামকৃষ্ণ, বাণেশ্বর, রামনারায়ণ।
রামকৃষ্ণ-সুত নন্দ, গুরুদেব হয়, ২৯।
অপর গোবিন্দ, প্রাণবল্লভ জন্ময়।
৩০। প্রাণবল্লভের পুত্র আনন্দী, সুন্দর।
সুন্দররামের পুত্র শ্রীকালীশঙ্কর,

রামহরি, মৃত্যুঞ্জয়, ভবানীচরণ,
কৃষ্ণকান্ত আর চণ্ডী, তারিণীচরণ।
রামহরি-সুত হয় জয়নারায়ণ,
বিজয়নারায়ণ ও ইন্দ্রনারায়ণ।
জয়নারায়ণে-কালীপ্রসাদ নন্দন।
কালীপ্রসাদের পুত্র গোবিন্দমোহন,
হর, রাজ, চন্দ্র, রায়মোহন তনয়।
ইন্দ্রনারায়ণ-সুত কৃষ্ণচন্দ্র হয়,
গোপীনাথ আর চন্দ্রকুমার, ঈশান।
কৃষ্ণচন্দ্র হ'তে জন্মে কৈলাস সন্তান।
ঈশানচন্দ্রের জন্মে প্রসন্ন নন্দন।
প্রসন্নের পুত্র ননী, সারদা পাতা রন।
কৈলাসচন্দ্রের ফণিভূষণ নন্দন,
তদগ্রজ পূর্ণচন্দ্র আমগাঁও রন।
ভবানীর পুত্র দেবীচরণ জন্মায়।
দেবী হ'তে হর, শিব, ঠাকুর তনয়।
তারিণীপ্রসাদ-সুত হয় উমানাথ,
গিরিজাপ্রসাদ আর জন্মে গৌরীনাথ।
গিরিজার রাম, তারাপ্রসাদ জন্মায়।
তারাপ্রসাদের বাণীপ্রসাদ তনয়।
বাণীপ্রসাদের পূর্ণপ্রসাদ নন্দন,
কৃষ্ণনগরেতে বটে বাসের ভবন।
২৯। শুকদেব-বংশধর সোণারাম হন,
কৃপারাম, পীতাম্বর, নীলমণি রন।

সোণা-পুত্র লোক, দয়া, দীননাথ হন।
লোকনাথ-বংশধর হরিনাথ রন।
হরি হ'তে কৃষ্ণনাথ জনমে নন্দন।
দয়ার ঈশান পুত্র ন'দেবাসী হন।
নীলমণি-বংশধর গোরাচাঁদ হন।
গোরাচাঁদ-সুত জন্মে অন্নদাচরণ।
অন্নদাচরণ-সুত বৈকুণ্ঠ জন্মায়,
উমাকান্ত, চন্দ্রকান্ত তাহার তনয়।
কৃপারাম হ'তে গৌর, মদন জন্মায়,
গৌর-সুত প্রেমচাঁদ, তা হ'তে অক্ষয়।
নন্দ-সুত মল্লুকচাঁদ, লক্ষ্মী, নারায়ণ,
যুগল, কেবল, ব্রজ, জগন্নাথ হন।
জগন্নাথ-সুত লালমোহন জন্মায়,
অতঃপর জন্মে গুরুপ্রসাদ তনয়।
গুরুপ্রসাদের দেবী, জীবন, বদন,
প্রেম, নবী, গঙ্গা, কালী, ঈশ্বর নন্দন।
যুগল-তনয় তারাচাঁদ জনময়।
কেবলরামের পুত্র রামতনু হয়,
রামমোহন, জীবন, নরসিংহ হন।
রামতনু হ'তে জন্মে মহেশ নন্দন।
মহেশচন্দ্রের পুত্র ক্ষেত্রনাথ হয়,
প্রসিদ্ধ মণ্ডলষ্ট্রীটে বসতি করয়॥

মুথ নন্দ-সুত মুল্লুকচাঁদ-বংশ।

৬০। মুল্লুকচাঁদের রামকানাই তনয়,
গোপাল, লোচন, রামপ্রসাদ কুমার।
রামকানাইর পুত্র কমল, শ্রীকান্ত,
নব, রামকুমার ও জন্মে নীলকান্ত।
কমলপ্রসাদ-সুত তারিণীচরণ,
লক্ষ্মীকান্ত আর শ্যামমোহন নন্দন।
শ্যাম-সুত পীতাম্বর তা হ'তে ভুবন।
রামপ্রসাদের জন্মে মহেশ নন্দন,
রাধাকৃষ্ণ আর দেবীপ্রসাদ সুজন।
মহেশের জন্মে রামচরণ নন্দন।
রামচরণের পুত্র আনন্দ হয়।
আনন্দের কৈলাস ও রজনী তনয়,
জানকী, শরৎচন্দ্র, বসন্ত নন্দন।
শ্রীকান্তের উমা, দেব, অম্বিকাচরণ।
দেবীপ্রসাদের পুত্র প্রেমচাঁদ হয়।
প্রেমের মহেন্দ্রনাথ জনমে তনয়।
মহেন্দ্রনাথের শশী, নগেন্দ্র নন্দন।
রামকুমারের পুত্র গিরিশ সুজন।
গিরিশচন্দ্রের পুত্র যদুনাথ হয়,
কালীঘাট, সানগরে বসতি করয়।

মুখ নন্দ-সুত লক্ষ্মী-বংশ।

৩০। লক্ষ্মীনারায়ণ-সুত রামজয় হন,
কৃষ্ণ, হরি, মাণিক ও সুন্দর নন্দন।
রামজয় হ'তে জন্মে গোবিন্দ নন্দন,
গঙ্গাধর, বিশ্বনাথ ও বংশীবদন।
গঙ্গাধর সুত শ্যাম, রামচাঁদ হয়।
কৃষ্ণ হ'তে রামরত্ন, শ্রীরাম তনয়।
রামরত্ন-সুত দুর্গা, অভয়াচরণ,
রামগোপালের পর দ্বারিকা নন্দন।
অভয়াচরণ-সুত বীরেশ্বর হন।
দুর্গাচরণের পুত্র পূর্ণচন্দ্র রন।
রামগোপালের পুত্র হয় দশ জন—
কালীপদ, বামাপদ, নিরদবরণ,
নীলমণি, কুঞ্জলাল, ভূপতি, অক্ষয়,
বিন্দুলাল, নিবারণ, অন্নদা তনয়।
শ্রীরাম-তনয় মধু, হেরম্ব জন্ময়।
হেরম্বের বংশধর হেমচন্দ্র হয়।
মধুসূদনের পুত্র মহেন্দ্র, অক্ষয়,
অপর প্রসন্ন, হরিমোহন জন্ময়।
মহেন্দ্রের হরি, নন্দ, তুলসী নন্দন,
বরিশাল, শোভাবাজারে বাসের ভবন।
মাণিকের পুত্র আট মদনমোহন,
রামধন, রামনিধি, শ্রীরাম নন্দন,

রামকিশোর, ও কৃষ্ণকিশোর তনয়,
রামমোহন, ও হরগোবিন্দ জন্ময়।
রামমোহনের রাধাবল্লভ নন্দন,
দীনবন্ধু ও বিনোদ, জগবন্ধু হন।
রাধাবল্লভের পুত্র অনুকূল হন।
সুরেশ, বিনোদ-সুত ময়নগর রন।
মদনমোহন-সুত কুশ জনময়।
কুশের ত্রৈলোক্যনাথ, তারিণী তনয়।
রামনিধি-সুত মধুসূদন জন্ময়,
রামকমল ও রামকুমার তনয়।
দীননাথ, চন্দ্রনাথ, জনমে নন্দন,
ক্ষিদিরপুরেতে হয় বাসের ভবন।
রামকুমারের পুত্র যজ্ঞেশ্বর হয়।
মধু-সুত অঘোর ও আশু, মৃত্যুঞ্জয়।
রাজকিশোরের পুত্র উমেশ, ঈশান,
অতঃপর বিষ্ণুচন্দ্র জনমে সন্তান।
বিষ্ণু-সুত দ্বারিকা ও অনুজ যোগেন্দ্র।
দ্বারিকার চারি সুত প্রথম উপেন্দ্র।
সুরেন্দ্র, দেবেন্দ্রনাথ, কনিষ্ঠ ফণীন্দ্র।
যোগেন্দ্রনাথের পুত্র পটল, যতীন্দ্র।
কৃষ্ণকিশোরের পুত্র বিশ্বেশ্বর হয়,
আরও জনমে কালীপ্রসাদ তনয়।
কালীর তনয় হেমচন্দ্র জনময়।
হেম হ'তে প্রফুল্ল ও প্রবোধ তনয়।

বিশ্বেশ্বর হ'তে নবগোপাল নন্দন,
অখিল, খেলসচন্দ্র, শরচ্চন্দ্র হন।
অখিলচন্দ্রের পুত্র নিত্য, ননি, ব্রজ,
ক্ষিরোদ, গোপাল হয় সবের অনুজ।
খেলসচন্দ্রের চাঁদ, গোপাল নন্দন,
ক্ষিদিরপুরেতে হয় বাসের ভবন!
হরগোবিন্দের পুত্র দিগম্বর হন,
কুমুদ, জানকী, প্যারীমোহন নন্দন।
দিগম্বর-সুত সত্যচরণ জন্ময়।
জানকীনাথের জন্মে যাদব তনয়।
কুমুদের নীলমণি, রাখাল নন্দন,
অতঃপর জনমিল ললিতমোহন।
প্যারীমোহনের পুত্র হরিপদ হন,
ক্ষিদিরপুরেতে বটে বাসের ভবন।

শ্রীধরঠাকুর-পুত্র বাণেশ্বর-বংশ।

২৮। বাণেশ্বর-সুত নকু, কানু ও ভুবন,
কানুর অপর নাম কৃষ্ণদেব হন।
কৃষ্ণদেব-সুত রামসুন্দর জন্ময়,
বলরাম, তনুরাম, লোচন তনয়,
কাশীনাথ, রঘুনাথ, কানাই নন্দন,
রামচন্দ্র, আর রামকিশোর সুজন।
কাশীনাথ-সুত রামমোহন জন্ময়।
রামমোহনের পুত্র রামগতি হয়,

তাহার জগৎচন্দ্র, ভৈরব নন্দন,
গিরিশ, মহেশচন্দ্র, বৈদ্যনাথ হন।
জগৎচন্দ্রের পুত্র বিশ্বেশ্বর হয়,
অন্নদা, শরৎচন্দ্র, কেদার জন্ময়।
বিশ্বেশ্বর-বংশধর হয় দুই জন—
প্রফুল্ল, অমূল্য আর জনমে নন্দন।
অন্নদাচরণ-সুত দেবেন্দ্র, ব্রজেন্দ্র,
অতঃপর জনমিল তনয় সুরেন্দ্র।
কেদারের পুত্র মনোরঞ্জন জন্ময়,
চবাদি নামক গ্রামে বাসস্থান হয়।
গিরিশচন্দ্রের চিন্তাহরণ নন্দন,
ললিতমোহন বাস বীরনারায়ণ।

মুখ রতিকান্ত ঠাকুর-বংশ।

রতিকান্ত-বংশধর বাণেশ্বর হন।
বাণের সন্তোষ, প্রাণবল্লভ নন্দন।
প্রাণবল্লভের কালীশঙ্কর তনয়,
শক্তিরাম, হরেকৃষ্ণ, রামরাম হয়,
নরসিংহ ও আনন্দীরাম জনময়।
শক্তিরাম-বংশধর পাঁচ জন হয়—
ব্রজকিশোর ও রামমোহন তনয়,
গৌরী, দেবী আর লালমোহন জন্ময়।
ব্রজ-সুত রঘুমণি কৃষ্ণচন্দ্র হন।
রঘু হ'তে হরিশ্চন্দ্র, আনন্দ নন্দন.

শ্রীনাথ, শ্রীরাম, নবকান্ত জনময়,
নবীন, তারণ, মধুসূদন তনয়।
শ্রীরামের জন্মে লালগোপাল তনয়।
মধুসূদনের পুত্র মহেন্দ্র জন্ময়।
গৌরীচরণের পুত্র গুরুদাস হন,
কালী, তারা, দুর্গা, শিব, বদন নন্দন,
নীলমণি, কালিদাস রামচন্দ্র হন।
দেবী-সুত শিবচন্দ্র, পিতাম্বর রন,
অপব মহেশচন্দ্র, দিগম্বর হয়।
মহেশ-তনয় সীতা, গোপাল জন্ময়।
গোপালের ভূতনাথ, উমেশ, বিজয়।
শিবচন্দ্র-বংশধর তের জন হয়—
শ্রীগোপাল, জগবন্ধু, পূর্ণচন্দ্র হয়,
কালীচরণ ও কালীকিঙ্কর তনয়,
তারণ, বিহারী, রাম, রাখাল জন্ময়,
প্রসন্ন পুরুশোত্তম, উমা, শ্যামা হয়।
লালমোহনের পুত্র হয় দশ জন—
হরচন্দ্র, ভগবান, অভয়াচরণ,
ভৈরব, আনন্দ মধু জয়নারায়ণ,
শ্যামা, হলধর, তারাশঙ্কর নন্দন।
হলের শ্রীনাথ, উমাচরণ তনয়।
ভৈরব-তনয় কালীচরণ জন্ময়।
কালীর অঘোরনাথ জনমে নন্দন,
নেয়ালনপাড়া বটে বাসের ভবন।

আনন্দচন্দ্রের পুত্র সারদা জনময়,
অন্নদা, বরদা, কালীপ্রসন্ন তনয়।
হরেকৃষ্ণ-বংশধর তিন জন হয়—
রামচন্দ্র, শিবচন্দ্র আর রামজয়।
রামচন্দ্র-বংশধর সীতারাম হন,
অতঃপর প্রভুরাম, গঙ্গানারায়ণ।
সীতারাম-সুত মধুসূদন জন্ময়,
অপর প্রতাপচন্দ্র, জলধর হয়।
প্রতাপের যদুনাথ, গিরিশ নন্দন,
উমেশ পুরুষোত্তম কোলড়া ভবন।
উমেশের সাতকড়ি জনমে নন্দন।
শিবচন্দ্র-সুত দাশরথী জন্ম লন।
রামজয়-সুত জন্মে গণেশ, ভবানী,
চন্দ্রশেখর ও রামগোপালকে গণি।
রামগোলের বেণী সারদা তনয়,
অঘোরনাথ ও তারাকুমার জন্ময়।
ভবানীচরণ হ'তে নৃসিংহ নন্দন।
গণেশের বংশধর হয় বার জন—
রামচন্দ্র, জগবন্ধু, গোবিন্দজীবন,
বৈকুণ্ঠ, কাঙ্গালী, শশী ও রামচরণ,
রাধা, উমা ছোট রামচরণ নন্দন,
অপর জানকীনাথ ও রাধাজীবন।
বৈকুণ্ঠচন্দ্রের পুত্র হরিদাস হয়।
রাধাচরণের পুত্র রাজেন্দ্র জন্ময়।

কাঙ্গালীর বামা, শ্যামাচরণ নন্দন।
রামচরণের সত্য, নিরদবরণ।
জগবন্ধু-সুত ব্রজ, বিন্দুলাল হন,
রাধিকা, রাখাল আর হরিদাস রন।
ব্রজলাল-সুত রাম, বলরাম হন,
বাকুলে, হুগলি জিলা বাসের ভবন।
রাধাজীবনের হরিচরণ তনয়।
উমার তনয় সত্যচরণ জন্ময়।
গোবিন্দজীবন-সুত আশুতোষ হন,
বৃন্দাবন, শরৎচন্দ্র ক্ষিদিরপুর রন।
রামরাম-সুত নন্দ, রামনিধি হয়,
অপর গোকুলচন্দ্র জনম লভয়।
রাধাকান্ত-সুত চাঁদ, রাজা, জয়রাম,
রাজা-সুত সুন্দর ও চাঁদ, রামরাম।

২৭। মুখ গঙ্গাধর ঠাকুর-বংশ।

গঙ্গাধর-সুত গোপী, রূপনারায়ণ,
রামভদ্র, রামদেব ও রামজীবন।
গোপীরমণের পুত্র দশ মনোহর,
রামচন্দ্র, রঘুপতি, ~~কৃষ্ণ~~ বা শঙ্কর,
আত্মারাম, শ্রীবল্লভ ও গৌরীচরণ,
গোপাল, প্রাণবল্লভ ও রামচরণ।
রঘুপতি-সুত নিধি, ও রামসুন্দর,
ভবানী ও শিব, দেবী ও রামকিশোর।

নিধিকৃষ্ণ-সুত চণ্ডী ও পদ্মলোচন।
চণ্ডীচরণের কালী, তারিণী নন্দন।
